

করোনার এ সংকটেও প্রথম আলো
উত্তর আমেরিকা আছে আপনাদের
পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন।
সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America
22 October 2021, Friday, 5th Year, Issue 240, 40 Pages

আপন হতে বাহির
হয়ে কুইবেকে
পৃষ্ঠা : ৩৩



২২ অক্টোবর ২০২১, ৬ কার্তিক ১৪২৮, ১৩ রবি-উল-আওয়াল ১৪৪৩, শুক্রবার, বর্ষ ৫, সংখ্যা ২৪০, পৃষ্ঠা : ৪০

২৯ অক্টোবরের মধ্যে টিকা না দিলে নিউইয়র্কে কর্মী সংকট

রহমান মাহবুব

নিউইয়র্ক সিটির সব কর্মীদের কাজে যোগ দেওয়ার জন্য করোনার টিকা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। ২৯ অক্টোবর শুক্রবারের মধ্যে টিকা প্রদান না করলে কাজে করার সুযোগ নেই। ইচ্ছে করলে এসব কর্মীরা এটিকে বিনা বেতনে ছুটি গ্রহণ করতে পারবেন। পুলিশ, ফায়ার সার্ভিসসহ সিটির জরুরি বিভাগ সমূহের উল্লেখযোগ্য কর্মীরা এখনো টিকা গ্রহণ করেননি। এ নিয়ে উত্তেজনা শুরু হয়েছে।

পুলিশ ইউনিয়নের পক্ষ থেকে টিকা বাধ্যতামূলক করার নির্দেশ নিয়ে মামলা করার হুমকি দেওয়া হয়েছে। নিউইয়র্কের মেয়র বলেছেন, মামলা মোকাবিলা করা হবে এবং টিকা না দেওয়ার জন্য কর্মী সংকট দেখা দিলে পরিস্থিতি মোকাবিলার জন্য সম্ভাব্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করে রাখা



হয়েছে।

নিউইয়র্ক সিটির কর্মচারীদের টিকা গ্রহণের জন্য অতিরিক্ত প্রণোদনা ঘোষণা করা হয়েছে। যারা সিটি পরিচালিত কোনো টিকা কেন্দ্রে টিকা গ্রহণ করবে, তাদের পরের সপ্তাহের মজুরির সঙ্গে ৫০০ ডলার করে দেওয়া হবে। মেয়র বিল ডি ব্লাজিও বলেছেন, এ প্রণোদনা টিকা গ্রহণে নগর কর্মীদের উৎসাহ জোগাবে।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

হোম কেয়ার সেবা নিয়ে স্বদেশি ব্যবসায়ীদের মধ্যে বিরোধ

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে বয়স্ক, অসুস্থ মা-বাবা অথবা আত্মীয়স্বজনকে দেখা ভালো করার জন্য সেবাদানকারীকে হেলথ ডিপার্টমেন্ট কর্তৃক বেতন নির্ধারিত থাকলেও সংশ্লিষ্ট হোম কেয়ার কোম্পানিগুলো তা মানছে না। যে যার মতো করে রোট নির্ধারণ করে রোগীদের স্ব স্ব কোম্পানিতে যুক্ত করার চেষ্টা করছেন। এতে করে হোম কেয়ার মালিকদের মধ্যে অশুভ প্রতিযোগিতা চলছে বলে জানা গেছে। ফলে রোগী এবং সেবাদানকারী দুজনেই ক্ষতিগ্রস্ত হতে



বয়স্ক, অসুস্থ মা-বাবা অথবা স্বজনকে দেখাভালের জন্য সেবাদানকারী হোম কেয়ার কোম্পানিগুলো বেতন বিধি মানছে না।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

facebook

ক্ষতিপূরণ দিয়ে মার্কিন সরকারের সঙ্গে সমঝোতা করেছে ফেসবুক

আবুস শহীদ

সামাজিক যোগাযোগের অন্যতম মাধ্যম ফেসবুক লোক নিয়োগের বেলায় আমেরিকার কর্মীদের প্রতি বৈষম্য করেছে। প্রতিষ্ঠানটি তাদের কোম্পানিতে লোক নিয়োগের বেলায় মার্কিন ফেডারেল আইনের লঙ্ঘন করেছে। মার্কিন সরকারের এমন একটি মামলার জের ধরে ফেসবুককে ১৪ দশমিক ২৫ মিলিয়ন ডলার দিয়ে সমঝোতায় আসতে হয়েছে।

মার্কিন সংবাদমাধ্যম গত মঙ্গলবার (১৯ অক্টোবর) জানিয়েছে, একই বিষয়ে পৃথক দুইটি আর্থিক সমঝোতার কথা

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

২০২২ সাল থেকে সোশ্যাল সিকিউরিটি প্রাপকেরা বছরে ১১০০ ডলার বাড়তি পাবেন

এইচ বি রিতা

সোশ্যাল সিকিউরিটি বেনিফিটের ওপর নির্ভর করে জীবন যাপন করে আসা প্রায় ৭০ মিলিয়ন আমেরিকানের মাসিক চেক বৃদ্ধি পেতে যাচ্ছে। ১৩ অক্টোবর বুধবার সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন এ তথ্য জানিয়েছে।

অবসরগ্রাস্ত, প্রতিবন্ধী ব্যক্তি এবং

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫



অপেক্ষা!

নিত্য চলা নিউইয়র্ক নগরীর ট্রেন চলাচল অনেকটাই স্বাভাবিক। এর মধ্যেও জনচলাচলের হালকা সময়ে ট্রেনের জন্য অপেক্ষা করতে হয় মিনিট কয়েক। শেষ গ্রীষ্মের উদাস বিকেলে হাডসন তীরের টেরি টাউন মেট্রো নর্থ স্টেশনে ট্রেনের অপেক্ষায় স্বদেশি নারী। ২০ অক্টোবর বিকেল ছবিটি তোলা। ছবি : সৈয়দ আমসুদুল কবির

দেশে শ্বাসরুদ্ধকর পরিস্থিতি বিরাজ করছে : ফখরুল

বিশেষ প্রতিনিধি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বর্তমান সরকার ইতিহাস ঐতিহ্য সম্প্রীতি সব নষ্ট করে দিচ্ছে। ইসলাম আলমগীর আজ দেশের নাগরিক হয়ে কোনো তার ধর্মীয় দিবস উদ্‌যাপন করতে পারবে না। সরকার পরিকল্পিতভাবে এসব করছে।



মির্জা ফখরুল

তারা '৭৫ সালে গণতন্ত্র নিজ হাতে হত্যা করে আবার গণতন্ত্রের কথা বলছে। আজকে দেশে শ্বাসরুদ্ধকর পরিস্থিতি বিরাজ করছে। যা আমরা চাইনি। আমরা স্বাধীন দেশে নাগরিক হয়ে থাকতে চাই।

মঙ্গলবার বিকেলে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে মির্জা ফখরুল এসব কথা বলেন। জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) ২২ তম প্রতিষ্ঠাবার্ষিকী

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

প্রথম আলো উত্তর আমেরিকা এখন নতুন ব্যবস্থাপনায়

উত্তর আমেরিকা অফিস

প্রথম আলো উত্তর আমেরিকা এখন নতুন ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে প্রকাশিত হচ্ছে। উত্তর আমেরিকা থেকে প্রকাশিত এই পত্রিকাটির সঙ্গে ১ অক্টোবর, ২০২১ থেকে মিডিয়া স্টার লিমিটেড বা ঢাকা থেকে প্রকাশিত প্রথম আলোর কোনো সম্পর্ক নেই।

Marks Home Care

মার্ক'ম্ হোম কেয়ার

FOLLOW US ON
Facebook Instagram
@marks_hhc @marks_hhc
FOR LATEST EVENTS,
PRIZES AND GIVEAWAYS

E-mail : info@markshhc.com
www.markshhc.com

আমরা নতুন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers
and New Clients.

- ✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- ✓ আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন
718-697-7707

Bronx	Brooklyn	Queens	Hicksville	Buffalo
1232 Virginia Ave Bronx, NY 10472	413 Bay Ridge Ave Brooklyn, NY 11220	40-04 Junction Blvd Corona, NY 11368	217 Bethpage road Hicksville, NY 11801	1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212
1514 Castle Hill Ave Bronx, NY 10462	219 Church Ave Brooklyn, NY 11218	37-20 74th Street Jackson Hts, NY 11372	148-37 Hillside Ave Jamaica, NY 11435	
	1122 Coney Island Ave Suite 220 (2nd fl.) Brooklyn, NY 11230			

CHISHTI CPA PC

HOW YOUR BUSINESS WITH US

ট্রিস্টী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services.

Over 13 years of Accounting and Taxation Experience.

আমাদের
অফিস জ্যাকসন
হাইটসের
প্রাণকেন্দ্রে

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককিপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিন্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



**ACE INSTITUTE
OF TECHNOLOGY**

এইস্ ইন্সটিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!

Where it's all about excellence in education

নিউইয়র্ক স্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত

Licensed by New York State Department of Education.

কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত



**BECOME A
MEDICAL
ASSISTANT**

- EKG Technician & Phlebotomy Technician
- Medical Insurance, Billing & Records

**Diagnostic
Medical
Sonographer**



**BECOME A
COMPUTER
NETWORK
ADMINISTRATOR**

- PC Technician (A+ Cert.)
- Networking Concepts (N+ Cert.)
- Network Security (Security+ Cert.)
- Computer Networking (MCITP/MCTS)

**Web & Graphic
Design**

বিস্তারিত জানতে ভিজিট করুন:

www.acecareer.edu | info@acecareer.edu

সুবিধাজনক ক্লাশসূচি

প্রভাতী ক্লাশ

সকাল ৯টা থেকে দুপুর ২টা

সন্ধ্যাকালীন ক্লাশ

বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের সুযোগ রয়েছে।

আনুষঙ্গিক সুবিধা সমূহ

Financial Aid available for select program to those who qualify.

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223

40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi & Associates
ATTORNEYS AT LAW

www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372

104-05 Liberty Ave, Ozone Park, NY-11417

173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999

TEL: 718-577-0711

TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ারনসি ভিসা প্রসেসিং



Naresh Gehi, Esq.



- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

**IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR
DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.**

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING
TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সক্ষ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Raja Kumar

আমরা বাংলায় কথা বলি



নিউইয়র্কে আয়োজিত লালন সাঁইজির ১৩১ তম তিরোধান অনুষ্ঠানে আগত অতিথিরা

নিউইয়র্কে বিশেষ অনুষ্ঠানে বক্তারা

বর্তমান সময়ের প্রেক্ষাপটে লালন আরও বেশি প্রাসঙ্গিক

নিউইয়র্ক প্রতিনিধি

সভাতার উৎকর্ষের এমন সময়েও সঠিক শিক্ষার আলো আর মানবিক মূল্যবোধ পৌঁছে দেওয়া যায়নি পৃথিবীর অনেক জায়গায়। যে কারণে এখনো ধর্ম কিংবা উঁচু নিচু জাত দিয়ে মানুষকে বিচার করা হয়, এ নিয়ে নির্মম সংঘাতে জড়িয়ে পরে একে অপরে। বাউল সম্রাট ফকির লালন শাহ'র শিক্ষা যদি অন্তরে ধারণ করে তা সর্বত্র ছড়িয়ে দেওয়া যেতো, তাহলে হয়তো মানুষে মানুষে হানাহানি কমিয়ে আনা যেতো অনেকটাই। নিউইয়র্কে আয়োজিত লালন সাঁইজির ১৩১ তম তিরোধান অনুষ্ঠানে এমন মন্তব্য করেছেন বক্তারা।

গত রোববার সন্ধ্যায় জ্যামাইকার একটি মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করে কুষ্টিয়া ফ্রেন্ডস সোসাইটি। সংগঠনের সভাপতি শামীম হাসানের সঞ্চালনায় লালন সন্ধ্যায় বক্তব্য রাখেন বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের নাতনি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব অনিন্দিতা কাজী, লেখক ও সাংবাদিক শামীম আল আমিন, সাংবাদিক ও নাট্যকার তোফাজ্জল লিটন।

এ ছাড়া সংগঠনটির সাধারণ

সম্পাদক ফজলুর রহমান, সাংগঠনিক সম্পাদক শহিদুল ইসলাম, সহসভাপতি মোমিন হোসেন এবং প্রধান উপদেষ্টা আসাদুজ্জামান বাবু বক্তব্য রাখেন। তবে অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিলেন খ্যাতিমান লালন সংগীতের শিল্পী মেলাল শাহ।

অনুষ্ঠানে অনিন্দিতা কাজী বলেন, 'বর্তমান সময়ে সাম্প্রদায়িকতার বিষবাপ যখন আমাদের গভীরভাবে সংকটে ফেলে দিয়েছে, তখন আরও করে প্রাসঙ্গিক হয়ে উঠেছেন লালন সাঁইজি'। তিনি নজরুল এবং লালনের কাজ ও চিন্তার মিল নিয়ে তুলনামূলক আলোচনা করে বলেন, 'এই দুই মহামানবী তাদের জীবন ও কর্মের মধ্য দিয়ে মানবতার গান গেয়েছেন। বিশেষ করে সকল জাতের উর্ধ্বে উঠে তারা মানুষের জয়গান গেয়েছেন। সমাজে এই চিন্তার সঠিক প্রতিফলন জরুরি।'

লেখক ও সাংবাদিক শামীম আল আমিন বলেন, 'এমন একটি সময়ে এই আয়োজন, যখন ধর্মাত্মতা কিংবা অসভ্যতা সমাজকে কলুষিত করছে'। তিনি বলেন, লালন আমাদের অন্তরে মানুষ। কিন্তু আমরা সবাই লালনকে ঠিকভাবে বুঝতে পারি না। আমরা যদি

লালনের ভাবধারাকে ঠিকভাবে অনুদিত করতে পারতাম, তাহলে হয়তো সমাজের অনেক অনিষ্ট চিন্তা থেকে অনেকটাই মুক্ত থাকতে পারতাম'। সেই সঙ্গে বিশ্বব্যাপী লালনের দর্শন ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্ব দেন তিনি।

সাংবাদিক ও নাট্যকার তোফাজ্জল লিটন সাম্প্রতিককালে বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর যে বর্বরোচিত ঘটনা ঘটেছে তার নিন্দা জানান। তিনি বলেন, 'আজকে যদি লালনের বাণী ও আদর্শ বাংলাদেশে সঠিকভাবে প্রচার করা হতো, তাহলে এমন নৃশংস ঘটনা ঘটতো না। তাই আমি জোর দাবি জানাচ্ছি বাংলাদেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে থেকে লালনের চেতনা ছড়িয়ে দেওয়া হোক।'

অনুষ্ঠানের শেষ পর্যায়ে বেশ কয়েকটি লালন সংগীত গেয়ে শোনান শিল্পী মেলাল শাহ। গানের ফাঁকে ফাঁকে তিনি লালনের দর্শন নিয়েও কথা বলেন। শিল্পী বলেন, 'আমরা অসাম্প্রদায়িক চেতনা নিয়ে এই অনুষ্ঠানটি করছি। যেটা লালন সাঁইজী তার বাণীতে বলে গেছেন। তার সেই বাণীর পথ ধরেই আমরা একটি অসাম্প্রদায়িক সমাজ গড়ে তুলতে চাই।

Grand Opening



EXPRESSAIR
TRAVEL



BIG SALE

MK Zaman Ronju
CEO

37-53 72nd Street, Jackson Heights, NY 11372
PHONE: (646)-420-6472
EMAIL: expressairtravel2021@gmail.com




মূলধারায় বাঙালীদের অধিকার বাস্তবায়নে শাহ শহিদুল হক কে ভোট দিয়ে জয়যুক্ত করুন

VOTE SHAH

SHAHIDUL HAQUE
FOR CITY COUNCIL
DISTRICT-25

NOVEMBER 2ND, 2021

www.shahforcitycouncilman.com
shahforcitycouncilman shah4councilman

Paid for by Shah for City Councilman Union Member: Local-6

সংখ্যালঘু গোষ্ঠীর বিরুদ্ধে
বিদ্বেষমূলক অপরাধ বন্ধ করা

সকল ধর্মীয় উপসনালয়ের জন্য
সরকারি অনুদান

সিনিয়র সিটিজেন এবং প্রতিবন্ধীদের
জন্য সিটি ফান্ডেড প্রোগ্রাম

যুব নিরাপত্তা এবং প্রতিনিধিত্ব

জলবায়ু পরিবর্তন ও পরিবেশ

সাশ্রয়ী মূল্যের আবাসন

ক্ষুদ্র ব্যবসার উন্নয়ন

শিক্ষার প্রবেশাধিকার

718-685-2122

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Hard Money 9% Low Income, No Problem

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106



Direct Lender

★ ট্যাক্সি ক্যাব এবং বিজনেস ওয়ারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেস্ট রেট কম
- ইনভেস্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাস্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!



আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিশ্চয় সেবা গ্রহণ করুন:

- নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্রাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এন্ড্রিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্ট্রীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়েলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভারশন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সী।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং ঘোষারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল ১ মাম ফ্রি



স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও

PICTURES VIDEOS MUSIC PROGRAMS

TED FOX NEWS

tvdesiBox

Dependable live streaming platform

72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372

718-565-9099

প্রথম আলো

Prothom Alo North America

অনিরাপদ হয়ে উঠেছে নিউইয়র্ক

এ সপ্তাহেই নিউইয়র্ক নগরের ম্যানহাটনে আরেকজন বাংলাদেশির অপমৃত্যু ঘটেছে। নিউইয়র্ক নগর নিয়ে আমেরিকা গর্ব করে থাকে। নিত্য প্রহর জেগে থাকা নিউইয়র্ক এখন ক্রমশ অনিরাপদ হয়ে উঠছে। বেপরোয়া গাড়ি চালানোর জের ধরে দুর্ঘটনা থেকে ছিনতাইয়ের শিকার হচ্ছে লোকজন। এবারের গ্রীষ্মে এলোপাতাড়ি গুলি ছোড়ার ঘটনাও বেড়েছে সাম্প্রতিক বছরগুলোর তুলনায় অনেক বেশি। মহামারির সময় পেরিয়ে নিউইয়র্কের জনজীবন স্বাভাবিক করার প্রয়াস থাকলেও লোকজন নির্বিঘ্নে চলাচল করতে পারছেন না। এমন বাস্তবতা ঐশ্বর্যের নগরী নিউইয়র্কের জন্য মোটেই কাঙ্ক্ষিত নয়।

গত ১৫ অক্টোবর শুক্রবার মধ্যরাতে ম্যানহাটনে ফুড ডেলিভারি কাজে নিয়োজিত থাকার সময় প্রাণ হারিয়েছেন ব্রুকলিনের বাংলাদেশি সালাহ উদ্দিন বাবুল। মহামারি পরবর্তী সময়ে নিউইয়র্কে ফুড ডেলিভারির কাজ বেড়েছে। এ ডেলিভারির কাজ অনেকেই করছেন পায়ে হাঁটে, সাইকেলে বা গাড়ি দিয়ে। পায়ে হাঁটা এবং সাইকেলে কাজ করা ডেলিভারির লোকজন সহজেই দুর্বৃত্তদের হামলায় পড়ছেন। ছিনিয়ে নেওয়া হচ্ছে তাঁদের সঙ্গে থাকা অর্থ এবং মোবাইল ফোন। এসব প্রান্তিক কাজে অভিবাসী লোকজন বেশি নিয়োজিত। কোনো দক্ষতা ছাড়াই আমেরিকায় এসে বহু স্বদেশি লোকজন এমন কাজে এখন জড়িয়ে আছেন। হোটেল রেস্টোরা থেকে খাবার পৌঁছে দেওয়ার পর বকশিশ হিসেবে এসব লোকজন কিছু অর্থ পেয়ে থাকেন। ছিনতাইকারীরা এ সামান্য অর্থ ছিনিয়ে নেওয়ার জন্যই এসব লোকজনের ওপর হামলা করছে অহরহ। গত তিন মাসে বেশ কয়েকজন বাংলাদেশি ডেলিভারি কাজ করার সময়ে এমনি করে ছিনতাইয়ের শিকার হয়েছেন।

পায়ে হাঁটা বা সাইকেলে ডেলিভারি করা লোকজন শিকার হচ্ছেন একদল লোকজনের বেপরোয়া গাড়ি চালানো জনিত দুর্ঘটনার। মাতাল হয়ে বেপরোয়া গাড়ি চালানোর ফলে এমন দুর্ঘটনা ঘটেছে অহরহ। মাস তিনেক আগে এমনই আরেকটি দুর্ঘটনায় প্রাণ গেছে আরেকজন বাংলাদেশির।

আমেরিকার অস্ত্র আইন নিয়ে জাতীয়ভাবে অনেক কথা হচ্ছে। বৈধ অস্ত্রের সঙ্গে আছে অবৈধ অস্ত্রের বনবানানি। তুচ্ছ কারণেই নিউইয়র্কে প্রাণ বারছে। এসব গোলাগুলির ঘটনার শিকারও হচ্ছে সাধারণ মানুষ। শিশুরা পর্যন্ত রক্ষা পাচ্ছে না।

এসব নিয়ে জনসমাজের উদ্বেগের কথা রাজনীতিবিদরা জানেন। জানে প্রশাসন। আমেরিকায় পুলিশ সংস্কার নিয়ে চলছে বিতর্ক। কেউ কেউ আইনের কঠিন প্রয়োগের মধ্য দিয়ে দ্রুত সমাধান চাচ্ছেন। কেউ কেউ চাচ্ছেন, সামাজিক কর্মসূচির মাধ্যমে অপরাধ মোকাবিলা করতে। পরিসংখ্যানে দেখা গেছে, সমাজের অনগ্রসর এলাকা থেকেই অপরাধীদের আগমন ঘটেছে বেশি করে। অনগ্রসর ও পিছিয়ে পড়া এলাকায় অর্থ বিনিয়োগ করে, শিক্ষা সংস্কৃতির উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করলে অপরাধ হ্রাস পাবে।

জননিরাপত্তা নিয়ে রাজনৈতিক দড়ি টানাটানি বন্ধ করে অপরাধ নিয়ন্ত্রণ করা হোক। নিউইয়র্কের মতো নগর সর্ব সাধারণের জন্য নিরাপদ হয়ে উঠুক-এমন প্রত্যাশা নিশ্চিতভাবেই করা যায়। এ নিয়ে যাদের করণীয় আছে, তাঁদের কাল ক্ষেপণ না করে পদক্ষেপ নেওয়ার দাবি জনসমাজের।

প্রবাসীরা নিজেদের ভূমিকা নিশ্চিত করতে পারেন

নিউইয়র্কের বংকসে বসবাসরত বাংলাদেশি বংশোদ্ভূত দেলোয়ার মোহাম্মদ হোসেইনকে জঙ্গিবাদের সঙ্গে সম্পৃক্ততার জন্য অভিযুক্ত করে রায় প্রদান করা হয়েছে। ৩৬ বছর বয়সী এ উবার চালক আফগানিস্তানে গিয়ে জঙ্গি দলের সঙ্গে যুক্ত হওয়া এবং আমেরিকানদের হত্যা পরিকল্পনা করছিলেন বলে অভিযোগ আনা হয়েছিল। ৮ অক্টোবর শুক্রবার নিউইয়র্কের আদালতে জুরি বোর্ড দেলোয়ার হোসেইনের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে বলে রায় প্রদান করছেন। বিচারক তাঁর চূড়ান্ত রায়ে দেলোয়ার হোসেইনকে ৩৫ বছর পর্যন্ত কারাবাসের দণ্ড প্রদান করতে পারেন।

দেলোয়ার হোসেইন ২০১৮ সাল থেকে আফগানিস্তানের জঙ্গি গোষ্ঠীর সঙ্গে যোগাযোগ স্থাপনের প্রয়াস গ্রহণ করেন। আফগানিস্তানে গিয়ে জিহাদি দলের সঙ্গে যুক্ত হয়ে আমেরিকানদের হত্যা করার পরিকল্পনা করেন। তাঁর এ পরিকল্পনা মার্কিন গোয়েন্দাদের স্টিং অপারেশনের মাধ্যমে ধরা পড়ে। গোয়েন্দারা পরিচয় আড়াল করে দেলোয়ার হোসেইনের সঙ্গে যোগাযোগ করতে থাকেন। ২০১৯ সালে নিউইয়র্কের জেএফকে বিমানবন্দরে আফগানিস্তানে যাওয়ার পথে তাকে গ্রেপ্তার করা হয়।

মার্কিন গোয়েন্দাদের স্টিং অপারেশন নামের ফাঁদে এর আগেও একাধিক বাংলাদেশিদের পড়তে দেখা গেছে। সব ক্ষেত্রেই দেখা গেছে অনলাইনে কোনো না কোনো পোস্টের সূত্র ধরে এসব লোকজনের ব্যাপারে নজরদারি শুরু হয়। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর ঘটনার পর সারা বিশ্ব পাল্টে গেছে। কে কোথায় বসে কাকে হত্যা করার ষড়যন্ত্র করছে, তা বের করা কঠিন কাজ। গোয়েন্দা কৌশল হিসেবেই এসব লোকজনকে প্রথমে চিহ্নিত করে তাদের মনোবলানকে উসকে দেওয়ার কাজ শুরু হয়। ভুয়া পরিচয়ে গোয়েন্দারা এসব যুব তরুণদের সঙ্গে আলাপ জমায়। তাদের চিন্তা ও মনোবাসনা প্রকাশ করার নানা কৌশল নেওয়া হয়। বিশ্বাস স্থাপনের জন্য এসব গোয়েন্দা কৌশল স্বাভাবিক হয়ে উঠেছে।

প্রতিবারই এসব ঘটনার সঙ্গে বাংলাদেশের নাম উচ্চারিত হচ্ছে। আমেরিকায় বসবাসরত বাংলাদেশিরা এসব নিয়ে উদ্দাসীন থাকার কোনো সুযোগ নেই। আমাদের মধ্যে আন্ত-পরিবার যোগাযোগ বৃদ্ধি এবং একে অন্যের ঘনিষ্ঠ খোঁজ খবর রাখাকে অনেকেই গুরুত্ব দিচ্ছেন। বিশেষ করে যুব তরুণদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা এবং অন্তত সামাজিক নজরদারিতে রাখার মধ্য দিয়ে এ কাজে বাংলাদেশি প্রবাসীরা নিজেদের ভূমিকা নিশ্চিত করতে পারেন বলে অনেকেই মনে করেন।

ফেসবুক

ফজলুল কবির

এ এক মনোরম শাঁখের করাত। আসতেও কাটছে, যেতেও কাটছে। কোনো নিদানের খোঁজ মিলছে না। যে কাটা পড়ছে, তার নাম ‘গণতন্ত্র’, আর যে কাটছে তা সামাজিক যোগাযোগমাধ্যম। একবার বলা হচ্ছে, সামাজিক যোগাযোগমাধ্যমের বিভিন্ন প্ল্যাটফর্ম বিশেষত ফেসবুক গণতন্ত্রের জন্য বিরাট হুমকি সৃষ্টি করেছে। আবার কোনো দেশ বা অঞ্চলের গণতান্ত্রিক অবস্থা কেমন, তা বিচারের অন্যতম মানদণ্ড হিসেবে দেখা হচ্ছে সামাজিক মাধ্যমের প্ল্যাটফর্মগুলোতে প্রবেশ এবং সেখানে নিজের মত প্রকাশের স্বাধীনতার বিষয়টিকে। সেখানে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণকে দেখা হচ্ছে গণতন্ত্রের জন্য হুমকি হিসেবে।

এই দুইয়ের টানাটানিতে সবচেয়ে করুণ অবস্থা হয়েছে বোচার গণতন্ত্রের। কোথায় দাঁড়ালে যে এই মহার্ঘ বস্তুটি হুমকির ঊর্ধ্বে থাকবে, তা এখন বোঝা মুশকিল। সব মিলিয়ে ‘গণতন্ত্র’ শব্দটিই এক বিমূর্ত বিষয়ে পরিণত হয়েছে। কীসে যে সে থাকে, এবং কীসে যে থাকে না, তা বোঝা এক কথায় অসম্ভব। বাংলাদেশের মতো দেশে তা এই বস্তু বহু আগেই এক অবোধ্য ধারণায় পরিণত হয়েছে। ক্ষমতাসীন দলের কাছে গণতন্ত্র আছে। আর ক্ষমতার বাইরে থাকা দলের কাছে এ বস্তু তো কবেই গত হয়েছে। ফলে যে ‘গণ’ উপলব্ধ করে এত এত বাণী ও বিতর্ক, সেই গণ রীতিমতো ধ্বংস পড়ে যায় ‘গণতন্ত্র’ নিয়ে।

গত শুক্রবার শান্তিতে নোবেল পুরস্কার ঘোষণা হয়েছে। এই পুরস্কার এবার যৌথভাবে দুই সাংবাদিক পেয়েছেন। এর একজন রাশিয়ার রেসিডি মুরাতভ, অন্যজন ফিলিপাইনের মারিয়া দের্সা। একজন

জাহীদ রেজা নূর

জাহীদ রেজা নূর

জাহীদ রেজা নূর

দেশের কিছু কিছু মুসলমানের হলো কী? তাদের চেতনা তো দেখা যাচ্ছে ‘অবমাননা’য় ঘেরা। কেউ একটু উসকানি দিলেই তারা সবখানে ধর্মের অবমাননা দেখছে। ঘটনা যাচাই-বাছাই না করে, কোনো ধরনের যুক্তি দিয়ে না বুঝে, ‘কান নিয়েছে চিলে’ শুনেই কান আছে কি নেই, সেটা না দেখে চিলের পেছনে ছুটে বেড়ানোই তাদের কাজ হয়ে উঠেছে। আর উসকানির মুখে কিছু কিছু মানুষ বিবেক-বুদ্ধি হারিয়ে ধর্ম-ব্যবসায়ীদের সাজানো ফাঁদে পা দিচ্ছে। যেকোনো সময়ই তাৎক্ষণিক আবেগের বশে উত্তেজিত হয়ে সহিংসতা চালানোর এই অপচেষ্টা কি বন্ধ হবে না?

দুর্গাপূজার সময় দেবীমূর্তি ভাঙচুর কিংবা সনাতন সম্প্রদায়ের মানুষের বাড়িতে হামলা-অগ্নিসংযোগ, হত্যা যেন প্রতিবছরের রুটিন হয়ে গেছে। পূজার সময় কাছে এলেই সনাতন ধর্মের মানুষেরা উৎসবের প্রস্তুতি নেওয়ার পাশাপাশি নিগূহীত হওয়ার আশঙ্কায়ও ভোগেন এখন। এ যেন তাঁদের ললাটলিখন। যে স্বাধীন রাষ্ট্রটি গড়ে তোলা হয়েছিল ১৯৭১ সালে, তার অনত্যত গিলেই ছিল ধর্মের নামে শোষণ চালানো যাবে না। রাষ্ট্রের সঙ্গে ধর্মের সম্পর্ক কী হবে, তা নিয়ে আমাদের সংবিধানে বিস্তারিত লেখা রয়েছে, শুধু কী কারণে একজন সামরিক সরকারপ্রধানের মদদে সংবিধানে রাষ্ট্রধর্ম রাখা হয়েছে এবং কী কারণে তা সংবিধান থেকে অপসারিত হচ্ছে না, সেটা কোটি টকার প্রশ্ন। এই প্রশ্নের উত্তর দিতে গেলেই ধর্মের নোয়া যাবে, বাংলাদেশ তার মূল জায়গা থেকে কীভাবে ধীরে ধীরে সরে গেল।

ইতিহাসবিমুখ লোকজনকে মনে করিয়ে দেওয়া দরকার, ১৯৪৭ সালের প্রবল ধর্মীয় উদ্‌মানার রেশ ধূসর হতে খুব বেশি সময় লাগেনি। ষাঁরা জীবন বাঁজি রেখে পাকিস্তান এনেছিলেন, তাঁরাই ১৯৪৮ সাল থেকে বুঝতে পারছিলেন, ধর্মভিত্তিক রাজনীতির গরমিলটা। লাহোর প্রস্তাবের সঙ্গে সংগতিহীন একটিমাত্র মুসলিম সংখ্যাগরিষ্ঠ রাষ্ট্র তৈরি করাটও যে ছিল একটি কল্যাণের অংশ, সেটা বুঝতে দেরি করেছে বাঙালি এবং সেই ভুলের মাঙ্গল তাকে দিতে হয়েছে বছরের পর বছর বুকের রক্ত দিয়ে। বছরের পর বছর পাঞ্জাবিদের অবজ্ঞা ও ঘৃণার শিকার করে। এই ধর্মভীরু বাঙালি সন্তানেরা পাকিস্তানি জেনারেলদের লেখা বইগুলো পড়ে দেখতে পারেন, পড়লে বুঝতে পারবেন, তারা বাঙালি মুসলমানের ‘আততায়’ বলে গণ্য করত। বাঙালি মুসলমান মানেই হিন্দুয়ানির ছাপ মারা—এ কথাই তারা ছড়াত তৎকালীন পশ্চিম পাকিস্তানে।

তামাভিত্তিক আদালতান সুরু হওয়ার পরই কেবল বাঙালি মুসলমান বুঝতে শুরু করল, সে বাঙালি হয়েও হতে পারে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান। যেমন বাঙালি হয়েও হতে পারে চিকিৎসক, প্রকৌশলী, রাজনীতিবিদ, ধর্মীয় নেতা। এগুলো হতে গেলে সাংস্কৃতিকভাবে বাঙালি পরিচয়কে উহ্য রাখার কোনো দরকার নেই। এ নিয়ে বাদানুবাদ বহু হয়েছে এবং

বলাটা এই লেখার উদ্দেশ্য নয়।

এই গোটা আলোচনায় কেন্দ্রটিই আসলে এখনো প্রচ্ছন্ন রয়ে গেছে। আর তা হলো—প্রচলিত তথ্য মাধ্যমগুলো প্রভাব হারাচ্ছে। মানুষের কাছে সংবাদের অন্যতম উৎস হয়ে উঠেছে ফেসবুকের মতো সামাজিক যোগাযোগমাধ্যমগুলো। অর্থাৎ, প্রচলিত সংবাদমাধ্যমের তুলনায় প্রভাবশালী হয়ে উঠেছে এই প্ল্যাটফর্মগুলো। এগুলো আবার ওপেন প্ল্যাটফর্ম হওয়ায় যে যেমন পারছে, তেমন করে তথ্য দিচ্ছে। এর একেকটির একেক রকম উদ্দেশ্য থাকছে। ফেসবুকের বিরুদ্ধে মূল অভিযোগ হচ্ছে এই উদ্দেশ্যগুলোর মধ্য থেকে গুটিকি উদ্দেশ্যকে উদ্দেশ্যমূলকভাবে ব্যবহার করা।

এ তো গেল অভিযোগের বিষয়টি। এবার আসা যাক ফ্রিমড হাউসের কাছে। কোন দেশে গণতন্ত্রের অবস্থা? তা নিরূপণ যে কয়টি মানদণ্ড এই সংস্থার রয়েছে, তার মধ্যে অন্যতম হলো সামাজিক যোগাযোগমাধ্যম। অনলাইনে মত প্রকাশের স্বাধীনতাকে খুবই গুরুত্বপূর্ণ একটি মানদণ্ড হিসেবে দেখে সংস্থাটি। তাদের সর্বশেষ প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বজুড়েই ইন্টারনেটে স্বাধীনতা কমেছে। তাও এক-দু বছর ধরে নয়, এগারো বছর ধরে। সবচেয়ে বাজে অবস্থা মিয়ানমার, বেলারুশ ও উগান্ডার। বাংলাদেশের অবস্থানও খুব খারাপ। এ ক্ষেত্রে অনলাইনে প্রবেশযোগ্যতা, সবার জন্য এই সবার প্রাপ্যতা, সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের মত প্রকাশের স্বাধীনতা ইত্যাদিকে গুরুত্বপূর্ণ সূচক হিসেবে দেখা হয়েছে। এই সব ক্ষেত্রেই অবনমন হয়েছে বাংলাদেশসহ বিশ্বের বহু দেশের। ফ্রিমড হাউস এই পরিষ্টিতিকে গণতন্ত্রের জন্য হুমকি বলে মনে করছে।

ফলে গণতন্ত্রের জন্য সামাজিক যোগাযোগমাধ্যম যেন এক দু-খারি তলোয়ারে পরিণত হয়েছে। এটি বন্ধ বা নিয়ন্ত্রিত থাকলেও গণতন্ত্র ঝুঁকিতে পড়ছে, আবার ব্যাপক সরব থাকলেও পড়ছে। এই বাস্তবতায় দাঁড়িয়ে



দুর্বৃত্তদের দেওয়া আগুনে পুড়ে যাওয়া ঘরের টিন সরাতে ব্যস্ত সুমিত রানী। মঙ্গলবার রংপুরের পীরগঞ্জ উপজেলার রামনাথপুর ইউনিয়নের মাঝিপাড়া বড়করিমপুর গ্রামে। ছবি : রহিদুল মিয়া

বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনের সময় এই ভূখণ্ডের মানুষ সতিই উপলব্ধি করেছিল, ‘বাংলার হিন্দু, বাংলার বৌদ্ধ, বাংলার খ্রিষ্টান, বাংলার মুসলমান, আমরা সবাই বাঙালি।’ সেই পথরেখা ধরেই এ দেশে চলমান বামপন্থী, ইসলামি এবং জাতীয়তাবাদী তিনটি ধারার মধ্যে জনমনে ঠাই করে নিয়েছিল জাতীয়তাবাদী ধারা। নানা রকম রাজনৈতিক পথপরিক্রমায় একসময় শেখ মুজিবুর রহমান হয়ে উঠলেন জাতির অবিসংবাদিত নেতা। যে ধারায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ গড়তে চেয়েছিলেন, সেটি ছিল পুরোপুরি অসাম্প্রদায়িক।

জাতির অসাম্প্রদায়িক পরিচয় বলতে বোঝানো হয়েছে, রাষ্ট্রের কোনো ধর্ম নেই। প্রতিটি মানুষ তার নিজ ধর্ম পালন করতে পারবে কোনো বাধা ছাড়াই। রাষ্ট্রের সঙ্গে ধর্মকে গুলিয়ে ফেলা চলবে না। কিন্তু আমরা বিভিন্ন সময় দেখেছি, হিন্দুদের তথা ধর্মীয়ভাবে সংখ্যালঘু যেকোনো সম্প্রদায়ের জমি, সম্পত্তি ইত্যাদি দখল করার সময় একজেট হয়ে যাচ্ছে রাজনৈতিকভাবে ভিন্নধারার লোকেরা। হিন্দু, খ্রিষ্টান, বৌদ্ধ এবং বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষেরা যে মুসলমানদের মতোই এ দেশের প্রথম শ্রেণির নাগরিক, সে কথা কি এই মতলববাজেরা জানে না? খুব ভালো করেই জানে। কিন্তু এরা পরিচালিত হয় লোভ দিয়ে। ধর্মীয় অসহিষ্ণুতা সৃষ্টি করে, ভয়ভীতি ঘেঁষিয়ে সম্পত্তি দখল করতে পারলেই তো হলো। এ জন্য কোনো ধর্মীয় বাণীর প্রয়োজন হয় না, ধর্মীয় নেতাদের বিচক্ষণ আলোচনা কোনো কাজে লাগে না, শুধু হৃদয়ে লোভ-হিংসা-স্বর্ধা আর ঘৃণা পুষে রাখতে পারলেই চলে। রাজনৈতিক ও সাংস্কৃতিকভাবে দেউলিয়া হলেই এটা ঘটে।

বিস্তারিত আলোচনায় যাব না। সবাই জানেন, এ হলো একটি রাষ্ট্রের মানুষের বন্ধন ঢিলে হয়ে যাওয়ার মহা ফল। কয়েকটি প্রশ্ন আসছে মনে, সেগুলোর উত্থাপন করেই আজ এ বিষয়ে

একেকজন একেক ধরনের দাওয়াই দিচ্ছে। কেউ

বলছে নিয়ন্ত্রণ করা হোক। খোদ ফেসবুকের ঊর্ধ্বতন এক কর্মকর্তা সম্প্রতি বলেছেন, কিছু ক্ষেত্রে ফেসবুকের অ্যালগরিদমে রাষ্ট্রীয় তদারককারী প্রতিষ্ঠানের প্রবেশাধিকার থাকা দরকার বলে তিনি মনে করেন।

কিন্তু ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমের প্ল্যাটফর্মগুলো জনমত প্রভাবিত করছে, বা সরকারি সংস্থাগুলো নানা নজরদারি প্রযুক্তি ব্যবহার করে মানুষের নিত্যদিনের আচরণও নিয়ন্ত্রণের চেষ্টা করছে—এই অত্যধিকার কী হবে। এই কিছুদিন আগেই তো নজরদারি নিয়ে বেশ একটা হইচই হয়ে গেল। বলা হলো গণতন্ত্র একেবারে রসাতলে গেল। কিন্তু এখন আবার ফেসবুকে গুজব, ভুয়া তথ্য ইত্যাদি ছড়ানোর বিষয়কে সামনে এনে এই তদারকির নামে যা বলা হচ্ছে, তা কি ঘুরপথে নজরদারিই নয়? তাহলে বিষয়টি কি এমন দাঁড়াল যে, সোজাসৃজি নজরদারিতে গণতন্ত্র আহত হলেও ঘুরপথের নজরদারিতে হয় না?

মোদ্দা কথা হলো, নতুন সময়ের এই প্রযুক্তির সঙ্গে দেশে দেশে বিদ্যমান আইনগুলো ঠিক পেরে উঠছে না। মানুষের অধিকারের প্রশ্নের সঙ্গে পাল্লা দিয়ে এই আইনের যেমন নবায়ন হয়নি, তেমনি নতুন বাস্তবতার জন্য সামাজিক ও রাজনৈতিক চুক্তিটি ঠিক কী হবে, তাও নিশ্চিত নয়। এই অনিশ্চয়তাই এখন সবচেয়ে প্রভাবশালী। তাই রাজনীতি প্রযুক্তিকে নিয়ন্ত্রণ করছে, নাকি প্রযুক্তি রাজনীতিকে নিয়ন্ত্রণ করছে, করলে মাত্রাটি ঠিক কী, এ দুইয়ের সম্পর্কই-বা কেমন হবে বা হওয়া উচিত, তা এখনো নির্ধারণে হিমশিম খেতে হচ্ছে নীতিনির্ধারকদের।

এ তো গেল একটি দিক। হালের এই আলোচনাগুলো কিন্তু একটি সত্যের দিকেই নিয়ে যাচ্ছে—আর তা হলো সামাজিক যোগাযোগমাধ্যম আদতে ‘নিমিত্ত মাত্র’। ওই যে ভানু বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত সংলাপ—‘যা করে দাদার খড়ম, আমি তো

কথা শেষ করব। আসলে প্রশ্নগুলো করব

ভাবনার রাগুটা পরিস্কার করার জন্য।

বিবেক আর হৃদয়জুড়ে যে শেণ্ডলার জন্ম হয়েছে, সেগুলো পরিস্কার করার জন্য ভাবনার দিগন্ত উন্মোচন করাটাই লক্ষ্য।

প্রশ্নগুলো হলো
১. অসাম্প্রদায়িক দেশটি কী করে এ রকম সাম্প্রদায়িক দেশে পরিণত হলো? (টীকা, রাজনৈতিক দলগুলোয় কি অসাম্প্রদায়িকতার বাণী প্রচারের কোনো অবকাশ আছে? তাদের সদস্যরা কি অন্য ধর্মের মানুষদের সম্মান করেন? পরিবারে কি ধর্মসহিষ্ণুতার শিক্ষা দেওয়া হয়? স্কুলে কি ধর্মে-ধর্মে ব্যবধান ঘোচানো হয়েছে?)

২. একটি দেশে লোকজ সংস্কৃতি ধ্বংস করে কীভাবে ওয়াজ সংস্কৃতি সর্বত্র জায়গা করে নিল? (টীকা, ধর্মের বাণী ব্যাখ্যা করার জন্য ওয়াজ হলে তাতে বাধা দেওয়ার কিছু নেই। কিন্তু যেসব ওয়াজ হয়, তার অনেকগুলোতেই নিজ ধর্মের শ্রেষ্ঠত্ব প্রচারের পাশাপাশি অন্য ধর্মকে হায়ে করার অপচেষ্টা হয়। কেরআন-হাদিসে যা নেই, তা-ও ব্যাখ্যা করে প্রচার করা হয়। করোনার সময় ইছদি-নাসারাদের গাল দিয়ে যেসব ওয়াজ হয়েছে, সেগুলো লক্ষ করুন। দেখবেন, কতটা ঘৃণা হৃদয়ে পুষে এরা ধর্মদরদি হিসেবে নিজেদের প্রমাণ করতে চায়! আর এরই সঙ্গে বলতে হচ্ছে, বাউলদের চুল কেটে দেওয়ার মতো ধৃষ্টতাও দেখিয়েছে কেউ কেউ। যাত্রাপালা যেনো হতে না পারে, সে জন্য সামাজিকভাবে ষড়যন্ত্র করেছে।)

৩. সুফি ভাবধারার জায়গায় কট্টর মুসলিম ভাবধারার অনুপ্রবেশ? (টীকা, এ দেশে দূভাবে ইসলাম ঢুকছে। সুফিরা এসেছিলেন সহজিয়া ধারায় মানুষে মানুষে ভেদাভেদহীনতার বাণী নিয়ে, নূরপাখি এসেছিলেন তলোয়ার হাতে। মূলত এই অঞ্চলের দরিদ্র হিন্দু ও বৌদ্ধরাই ইসলামের আতৃত্বের বাণিকে বরণ করে নিয়ে ধর্মান্তরিত হয়েছিলেন। ধর্মান্তরিত হওয়ার পরও তাঁদের আচরিত

জীবনযাত্রায় খুব একটা পরিবর্তন দেখা যায়নি। রাজনৈতিক রাষ্ট্রের সঙ্গে তাঁদের সম্পর্ক প্রায় ছিলই না। একই গ্রামে বিভিন্ন ধর্মাবলম্বীরা মিলেমিশেই থাকতেন। অভাব তাঁদের একাত্ম করত। বিংশ শতাব্দীর শুরুর দিকে হঠাৎ করে বাঙালি মুসলমান ভাবতে শুরু করল, তারাই একসময় এ দেশটা চালিয়েছে। সেই সুখের সন্ধানে ব্যাপৃত হলো তারা। অথচ আগে কখনোই নিজেদের শাসক বলে ভাবেনি আম-মুসলমান। এই রাজনৈতিক ইসলামই ক্রমে ক্রমে শক্তিশালী হয়েছে। স্বাধিকার আন্দোলনের সময় তা স্তিমিত হয়ে আবার তা মাথাচাড়া দিয়ে উঠেছে। এর পেছনে একটা বড় কারণ-পেট্রো ডলার। সৌদি উলারের পাশাপাশি সেখানকার কট্টর ইসলাম এসে আমাদের সুফি ইসলামকে হটিয়ে দেওয়ার চেষ্টা করছে। আর ধর্মের মানবতার জায়গায় নিষ্ঠুরতাই দৃশ্যমান হয়ে উঠেছে।

এই হলো আইসবার্গের চূড়া। আরও অনেক কারণ আছে, যেগুলো নিয়েও আলোচনা হতে হবে এবং এই অপরিষ্কার জায়গাগুলো পরিষ্কার না করলে প্রতিবছরই কুমিল্লা, রংপুর, নোয়াখালীর মতো পুরো দেশটাতেই শোনা যাবে হায়েনার হাসি, দেখা যাবে শত্কনের বিচরণ।

যারা ধর্মীয় উদ্‌মানা ছড়িয়ে দেশটাকে ধ্বংস করতে চায়, তাদের এমন শাস্তি হতে হবে, যা দেখে পরবর্তীকালে আর কেউ এই উসকানি দিতে সাহস না পায়। এবার অন্য আরেকটি প্রশ্ন, সরাসরি সরকারের কাছে : আমরা যখন প্রতিবছরই দেখে আসছি, একশ্রেণির বদমাশ পরিভ্র ইসলাম ধর্মকে পুঁজি করে সনাতন ধর্মের বিরুদ্ধে গুজব রটিয়ে থাকে, সাধারণ মুসলমানকে উসকে দিতে পারে, তাহলে কেন আমরা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আগে থেকেই সচেতন হতে বলি না? কেন ভাঙচুর, অবমাননা, হত্যার মতো ভয়াবহ ঘটনা ঘটে যাওয়ার পরই কেবল আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সক্রিয় হয়?

● **ফজলুল কবির** : লেখক ও সাংবাদিক

TUITION FREE TAX SCHOOL *

লিবার্টি ট্যাক্স স্কুল



BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

And Join America's Fastest Growing Tax Preparation
Company for the Upcoming Tax Season.

Day, Evening & Weekend Classes are available for your convenience.

Please Contact : **718-297-3500**

LIBERTY TAX SERVICE

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com

(ভাঙ্গমহল রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave.
Train Station, Close by F & E Train)

* The Tuition Fee is Free. The cost for books and materials varies per location.

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকোজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALESআপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.comঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & \$1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pmউডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন বুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস-সালাম ফার্মেসি

(সাটফিন বুবার্ড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোনঃ ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT
OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGANসোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার
সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধুঘরে বসে এখন Apps এর মাধ্যমে
দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য
আই ফোন এবং এনড্রয়েড ফোনে
প্লে স্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে

এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।

লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA
718-777-7001ATLANTA
770-936-9906BROOKLYN
718-853-9558JACKSON HTS
718-507-6002BRONX
718-822-1081JAMAICA
347-644-5150MANHATTAN
212-808-0790MICHIGAN
313-368-3845OZONE PARK
347-505-8670PATERSON
973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



◆ গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

◆ কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
◆ স্লিপ এন্ড ফল
◆ হাসপাতালে ভুল চিকিৎসা
◆ লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজাস্টম্যান্ট অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইন্ভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.



শেখ রাসেলের জন্মদিন স্মরণে শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপনে দোয়া করছেন অতিথিরা।

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে শেখ রাসেল দিবস ২০২১ উদ্‌যাপন

উত্তর আমেরিকা অফিস

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে যথাযোগ্য মর্যাদায় গত সোমবার (১৮ অক্টোবর) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ছোট ছেলে শহীদ শেখ রাসেলের জন্মদিন স্মরণে শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন করা হয়। কোভিড-১৯ এর প্রেক্ষাপটে স্থানীয় নির্দেশনা অনুযায়ী সামাজিক দূরত্ব মেনে স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে মিশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতেই শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। শেখ রাসেলের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়। এরপর শেখ রাসেল-এর জীবন বিষয়ক একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানটিতে স্বাগত বক্তব্য দেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী



ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন কর্মকর্তারা

প্রতিনিধি ও রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। তিনি শেখ রাসেলের জন্ম দিবসকে ‘ক’ শ্রেণি ভুক্ত জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপনের সিদ্ধান্তকে অত্যন্ত সমায়োগ্যোগী ও প্রশংসনীয় উদ্যোগ হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, এর মাধ্যমে দেশের শিশু-কিশোররা শেখ রাসেল সমক্ষে

আরও জানতে পারবে যা তাদের মানবতাবাদী ও অধিকারবোধ সম্পন্ন ভবিষ্যৎ নাগরিকে পরিণত করবে। শহীদ শেখ রাসেলকে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রচিত বই ‘আমাদের ছোট রাসেল সোনা’ পড়ার জন্য প্রবাসে বেড়ে ওঠা শিশু-কিশোরদের প্রতি আহ্বান জানান

রাষ্ট্রদূত ফাতিমা।

১৯৭৫ সালের ১৫ আগস্টের কাল রাতে সপরিবারে জাতির পিতার বর্বরোচিত ও নিরম হত্যাকাণ্ডের কথা তুলে ধরে রাষ্ট্রদূত বলেন, ‘ঘাতকেরা নিষ্পাপ ও কোমলমতি শিশু রাসেলকেও রেহাই দেয়নি।’ জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৫ আগস্টের পালিয়ে থাকা খুনিদের বিচারের আওতায় আনতে বিশ্বসম্প্রদায়ের প্রতি যে আহ্বান জানিয়েছেন তা তুলে ধরে স্থায়ী প্রতিনিধি বলেন, বিদেশে পালিয়ে থাকা খুনিদের দেশে ফিরিয়ে নিয়ে বিচার আওতায় আনতে সকলকে একযোগে কাজ করতে হবে।

রাষ্ট্রদূতের স্বাগত বক্তব্যের পর মুক্ত আলোচনা পর্বে মিশনের কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেন। তাঁরা আশা প্রকাশ করেন শেখ রাসেল দিবস উদ্‌যাপনের মাধ্যমে শেখ রাসেলের পবিত্র স্মৃতি আজীবন সকলের মাঝে বেঁচে থাকবে যা শিশু-কিশোরদের নতুনভাবে অনুপ্রাণিত করবে। কেক কাটার মাধ্যমে শহীদ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানটির সমাপ্তি হয়।

ওয়াশিংটন ডিসিতে শেখ রাসেল দিবস পালিত

রেজওয়ানা আলম

যথাযোগ্য মর্যাদায় গত সোমবার (১৮ অক্টোবর) আমেরিকার রাজধানী ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাস জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ছোট ছেলে শহীদ শেখ রাসেলের ৫৮ তম জন্মবার্ষিকী ‘শেখ রাসেল দিবস’ উদ্‌যাপন করেছে।

দিবসটি উপলক্ষে শেখ রাসেলকে স্মরণ করে ১৮ অক্টোবর দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী পাঠ করে শোনান দূতাবাসের ইকোনমিক মিনিষ্টার মেহেদী হাসান এবং মিনিষ্টার কনসুলার হাবিবুর রাহমান।

রাষ্ট্রদূত এম সহিদুল ইসলাম তার বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি শহীদ শেখ রাসেলসহ ১৯৭৫-এর ১৫ আগস্টে শাহাদাত বরণকারী সকলের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বলেন বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় সাম্প্রদায়িক সম্প্রীতির একটি অনন্য দৃষ্টান্ত যা কিছু কুচক্রী মহল বিনষ্ট করতে অপতৎপরতা চালাচ্ছে। তিনি এ রকম ষড়যন্ত্র রুখে দিতে সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে শেখ রাসেলের স্মৃতিতে অবলম্বনে নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে শেখ রাসেল এবং ১৯৭৫ সালের ১৫ আগস্টের নারকীয় হামলায় শহীদ হওয়া সকলের আত্মার মাগফিরাত কামনা করে একটি বিশেষ প্রার্থনা পরিচালিত হয়।



ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে শেখ রাসেলের জন্মদিন স্মরণে বক্তব্য রাখছেন দূতাবাসের কর্মকর্তা

নিউইয়র্কে প্রিয় তারুণ্যের একজন শাহানা হানিফ

রওশন হক

অন্যান্য বছরের মতো এবারেও নিউইয়র্ক ‘সিটি অ্যান্ড স্টেট’ চল্লিশ বছরের কম বয়সী ৪০ তরুণ-তরুণীকে সম্মাননা জানিয়েছে। নিউইয়র্কের উদীয়মান তারকা হিসেবে সম্ভাবনাময় এসব তারুণ্যের মধ্যে নাম যুক্ত হয়েছে শাহানা হানিফের।

তালিকার সম্ভাবনাময় এই তরুণরা সবাই হয় নিউইয়র্ক সিটি গভর্নমেন্টে কর্মরত অথবা রাজনীতিতে জড়িত, না হয় নানা অ্যাডভোকেসি গ্রুপে-সংগঠিত। এসব উঠতি তারকা ইতিমধ্যে তাঁদের কাজের মাধ্যমে নিজেদের প্রতিভা ও সক্ষমতার প্রমাণ রেখেছেন।

‘নিউইয়র্ক সিটি অ্যান্ড স্টেট’ জানিয়েছে তারা ৪০ জনকে বেছে নেওয়ার জন্য ৫০০ জনেরও বেশি মনোনয়ন পেয়েছে। ১১ অক্টোবর এই ফোরটি আন্ডার ফোরটি তালিকা প্রকাশিত হয়েছে। চল্লিশজনের মধ্যে একমাত্র বাংলাদেশি শাহানা হানিফ জয়গা করে নিয়েছেন।

শাহানা হানিফের জন্য সিটি অ্যান্ড স্টেট লিখেছে, বাংলাদেশি ইমিগ্র্যান্ট কন্যা শাহানা হানিফ কমিউনিটি অর্গানাইজার। গত জুনে নিউইয়র্ক সিটির কাউন্সিল নির্বাচনে ডিস্ট্রিক্ট-৩৯ থেকে ডেমোক্রেটিক পার্টির প্রাইমারিতে নির্বাচিত হয়ে তিনি ইতিহাস সৃষ্টি করেছেন। শাহানা হানিফ সিটি কাউন্সিলের প্রথম মুসলিম নারী হিসেবে নির্বাচিত হতে যাচ্ছেন ডেমোক্র্যাট প্রধান নিউইয়র্ক নগরে।

শাহানা জানান, তাঁকে আজ থেকে ২০ বছর আগে ৯/১১ ঘটনার পর একজন বলেছিলেন, একদিন



শাহানা হানিফ

নির্বাচনে জিতে আসা সক্ষম হবে। তখন বিশ্বাস হয়নি, আজ ২০ বছর পর তা সত্যিই সত্যে পরিণত হয়েছে বলে জানান উৎফুল্ল শাহানা হানিফ।

টোনানট অর্গানাইজার, ডিজঅ্যাবিলিটি রাইটস অ্যাকটিভিস্ট এবং ডোমোস্টিক ভায়োলেন্স বিরুদ্ধে সোচ্চার একই ডিস্ট্রিক্টের কমিউনিটি এনগেজমেন্ট ডিরেক্টর হিসেবে কাজ করছেন শাহানা। তাঁর কাজের অভিজ্ঞতাই তাঁকে তৃণমূল পর্যায়ে কাজ করতে এবং তৃণমূলের কাছে পৌঁছে দিতে সহায়তা করেছে বলে জানান।

শাহানা হানিফ বলেন, ‘আমার কর্মক্ষেত্র নিজের কমিউনিটি ছাড়িয়ে নিউইয়র্ক সিটির সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে পৌঁছানো এবং তাঁদের জন্য কাজ করা।’ সুবিধাবঞ্চিত মানুষের পাশে কাজ করে এর আগে

শাহানা হানিফ নিউইয়র্কের ১০০ জন প্রভাবশালীর তালিকায় স্থান করে নিয়েছিলেন।

নিউইয়র্ক চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান মোহাম্মদ হানিফের মেয়ে শাহানার বাড়ি চট্টগ্রামের নাজিরহাটের পূর্ব ফরহাদাবাদে। কেনসিংটনে জন্ম নেওয়া শাহানা হানিফ বেড়ে উঠেছেন ব্রুকলিনে। শাহানা হানিফ ভালো করেই জানেন, দায়িত্ব পাওয়ার পর নিজ সম্প্রদায়ের সমস্যা সমাধানই তাঁর প্রধান চ্যালেঞ্জ হবে। শাহানা হানিফ নিউইয়র্ক নগরের উদারনৈতিক আন্দোলনের একজন শক্তিশালী সংগঠক হিসেবে ক্রমশ উঠে আসছেন। তাঁর এ উত্থানের মধ্য দিয়ে বহু অভিবাসী নিউইয়র্কে বাংলাদেশিদের তিন প্রজন্মের অভিবাসীদের স্বপ্ন সফল হচ্ছে বলে স্বদেশিরাও মনে করেন।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmmrahman.com



হ্যামট্রামিক সিটি নির্বাচন ২ নভেম্বর, কাউন্সিলম্যান প্রার্থী মুসার সংবাদ সম্মেলন

হেলাল উদ্দীন রানা

গানের হ্যামট্রামিক সিটিতে কাউন্সিলম্যান হিসাবে প্রতিদ্বন্দ্বিতাকারী আবু আহমদ মুসা সিটির ভোটারদের কাছে ভোট প্রার্থনা করে বলেছেন, তাঁর শেষ রক্তবিন্দু দিয়ে হলেও তিনি হ্যামট্রামিক সিটির বাসিন্দাদের সুখে-দুঃখে পাশে থাকবেন। গত শনিবার (১৭ অক্টোবর) হ্যামট্রামিক সিটির কাবাব হাউসে তাঁর ক্যাম্পেইন থেকে আয়োজিত সংবাদ সম্মেলনে দেওয়া বক্তব্যে মুসা এ প্রত্যয় ব্যক্ত করেন। হ্যামট্রামিক সিটির বিগত দুইবারের কাউন্সিলম্যান মুসা বলেন, আমার আর পাওয়ার কিছু নেই। এবার হ্যামট্রামিক বাসীকে দেওয়ার পালা। ডেপুটি-হ্যামট্রামিকা বাংলাদেশি ভোটার অর্গানাইজেশন ও তাঁর ক্যাম্পেইনের পক্ষ থেকে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

আবু আহমদ মুসা বলেন, সিটিতে নানাবিধ সমস্যা রয়েছে। এবার তিনি নির্বাচিত হলে বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে অগ্রাধিকার ভিত্তিতে এ সকল সমস্যা নিরসনে সচেষ্ট হবেন। তিনি সকলকে বিশেষ করে বাংলাদেশি ভোটারদের নিজের ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়ে বলেন, আপনার পছন্দের

প্রার্থীকে ভোট দিয়ে, আপনার অধিকার প্রতিষ্ঠা করুন। মুসা বলেন, আমি বরাবরই আমার স্বদেশিসহ হ্যামট্রামিকবাসীর অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছি। তিনি নিরাপদ ও একটি সুন্দর, পরিচ্ছন্ন হ্যামট্রামিক বিনির্মাণে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, মনে রাখবেন এ ক্ষেত্রে আপনার ভোটাধিকার প্রয়োগ করা ছাড়া বিকল্প নেই। মুসা অতীতের তাঁর যে কোনো ভুলত্রুটি জন্ম ফমা চেয়ে বলেন, আমি আপনাদের সন্তান, আপনাদের ভাই। আপনারা আমাকে অতীতে দুইবার সিটিতে নির্বাচিত করে পাঠিয়েছেন। এবারও আমি আপনাদের ভোট চাই। আপনাদের সার্বিক সাহায্য সহযোগিতা কামনা করি।

আবু আহমদ মুসা ক্যাম্পেইন ম্যানেজার কাবাব হাউসের স্বত্বাধিকারী শাকের উদ্দিন সাদেক মুসাকে নির্বাচিত করার জন্য বাংলাদেশি-আমেরিকানসহ হ্যামট্রামিক সিটির ভোটারদের বিনীত ভাবে অনুরোধ জানান। সাদেক বলেন আবু মুসা আপনাদের প্রার্থী, তিনি পরীক্ষিত। তিনি সব সময়ই আপনাদের পাশে ছিলেন, আছেন এবং ভবিষ্যতেও থাকবেন ইনশা আল্লাহ।

সম্মেলনে ডেপুটি-হ্যামট্রামিক ভোটার অর্গানাইজেশনের নেতৃবৃন্দের

মধ্যে জিলাল উদ্দিন, মাহতাবুর রহমান, শামসুল ইসলাম, আব্দুল মতিন, আসলাম উদ্দিন, আব্দুস সবুর লাল মিয়া উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলন শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন কাউন্সিলম্যান প্রার্থী আবু আহমদ মুসা ও তাঁর ক্যাম্পেইন ম্যানেজার শাকের উদ্দিন সাদেক।

আগামী ২ নভেম্বর এই নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এবার মুসা ও অপর আরেক বাংলাদেশি প্রার্থী মুহিত মাহমুদসহ ৬ জন প্রার্থী সিটি কাউন্সিলে প্রতিদ্বন্দ্বিতা করছেন। বাকিরা আরব ও পোলিশ বংশোদ্ভূত। মিশিগান রাজ্যের বৃহত্তম প্রাচীন শহর ডেট্রয়েট পরিবেষ্টিত ছোট্ট শহর হ্যামট্রামিকের ভোটার সংখ্যা প্রায় ১৫ হাজার। এর মধ্যে প্রায় তিন হাজার বাংলাদেশি-আমেরিকান ভোটার রয়েছেন। বাংলাদেশি ভোটারের মধ্যে কাস্টিং হার প্রায় এক তৃতীয়াংশ। মোট ভোটারের মধ্যে গেলো প্রাইমারি ইলেকশনে রেকর্ড প্রায় ৫০ শতাংশই কাস্টিং হয়।

এবারের নির্বাচনে প্রাইমারিতে সিটির মেয়র পদে লড়ে ছিলেন কামাল রহমান ও আরেক কাউন্সিলম্যান পদপ্রার্থী আসাদ আরমানি। কিন্তু প্রাইমারিতে তাঁরা উত্তীর্ণ হতে পারেননি।

এখন মেয়র পদে শেষ লড়াই হবে

সিটির দীর্ঘ দিনের মেয়র পোলিশ বংশোদ্ভূত ক্যারন মায়াক্সি ও আরব-আমেরিকান আমির গালিবার মধ্যে। এবার ইয়েমেনি বংশোদ্ভূত গালিবার জয়ের সম্ভাবনা প্রবল বলে জানা গেছে। এই হ্যামট্রামিক সিটি থেকেই উত্তর আমেরিকায় বাংলাদেশিদের মূল ধারার রাজনীতিতে সংযুক্তির সূচনা হয় ১৯৯৯ সালে। সাহাব আহমদ সুমিন এখানে প্রথম বাংলাদেশি-আমেরিকান হিসাবে নির্বাচিত হয়ে ইতিহাস সৃষ্টি করেন। বর্তমানে সিটি কাউন্সিলে বাংলাদেশি দুজন কাউন্সিলম্যান রয়েছেন। তাঁরা হচ্ছেন কামরুল হাসান ও নাসিম চৌধুরী।

দৈনিক ইত্তেফাকের সামনের সড়ককে শহীদ সিরাজুদ্দীন হোসেন সড়ক নামকরণের দাবি

উত্তর আমেরিকা অফিস

শহীদ বুদ্ধিজীবী সিরাজুদ্দীন হোসেন-এর নামে দৈনিক ইত্তেফাকের সামনের সড়ককে শহীদ সিরাজুদ্দীন হোসেন সড়ক নামকরণের দাবি জানিয়েছে যুক্তরাষ্ট্র একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি। 'সিরাজুদ্দীন হোসেন ও সমকালীন সাংবাদিকতা' এবং শহীদের নিজস্ব কলাম 'মঞ্চ-নেপথ্য' যা ৭০ দশকের শেষের দিকে দৈনিক ইত্তেফাকে অনামী নামে লিখতেন, সেই লেখাগুলো কিছু সংকলিত করে গ্রন্থ প্রকাশ করা হয়। গত শনিবার (১৬ অক্টোবর) যুক্তরাষ্ট্র একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির উদ্যোগে দুটি গ্রন্থের ওপর এক ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনায় বক্তারা বলেন শহীদ বুদ্ধিজীবী সিরাজুদ্দীন হোসেন একজন সং, নীতীক, দূরদর্শী সম্পন্ন সাংবাদিক ছিলেন।

ভার্চুয়াল আলোচনা সভায় সংগঠনের সভাপতি ফাহিম রেজা নূর সভাপতিত্ব করেন। সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়ার সম্মেলনায় গ্রন্থ দুটি নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন বীর মুক্তিযোদ্ধা ও লেখক ড. নুরুল নবী, শিক্ষাবিদ ড. মোস্তফা সরোয়ার, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, চলচ্চিত্রকার সৈয়দ কবির আনোয়ার। সভায় অন্যান্যদের মাঝে সংযুক্ত ছিলেন শহীদ সাংবাদিক সিরাজুদ্দীনের সন্তান ড. তৌহিদ রেজা নূর ও শাহিদ রেজা নূর,

সাংস্কৃতিক ব্যক্তিত্ব জীবন বিশ্বাস, খোরশেদ আলম, শাকির আহমেদ, শফিক ইসলাম, মোস্তফা খান, কামরুল খাঁ, এস আর ফারুক, মোহাম্মদ জামিল প্রমুখ। সভার শুরুতেই বই দুটির অন্যতম সম্পাদক সেলিম রেজা নূর গ্রন্থের পঠভূমিকা ও প্রেক্ষাপট বর্ণনা করেন এবং পরে বিজ্ঞ আলোচকেরা তাদের মতামত ব্যক্ত করেন।

আলোচকেরা বলেন, মুক্তিযুদ্ধ, স্বাধীনতা, ৭০ সালের নির্বাচন, বঙ্গবন্ধু এবং আওয়ামী লীগ ও তৎকালীন রাজনৈতিক আবহাওয়া ও গতি প্রকৃতি নিয়ে শহীদ বুদ্ধিজীবী সাংবাদিক সিরাজুদ্দীন হোসেন যেভাবে খোলামন ও সাহসের সঙ্গে কলম যুদ্ধ করে গেছেন তা এক কথায় অনন্য ও অসাধারণ। তিনি অবরুদ্ধ বাংলাদেশে অবস্থান করে যেভাবে প্রবাসী সরকার ও মুক্তিযোদ্ধাদের সহযোগিতা করেছিলেন তা আজ শ্রবণীয় হয়ে রয়েছে।

উক্ত আলোচনার শেষে ঢাকার রামকৃষ্ণ মিশন রোড সংলগ্ন দৈনিক ইত্তেফাক অফিসের সামনের সড়কটিকে 'শহীদ সাংবাদিক সিরাজুদ্দীন হোসেন সড়ক' নামকরণ করার প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রস্তাবটি বাস্তবায়ন করার জন্য সরকারের প্রতি জোর দাবি জানানো হয়। সভায় সম্প্রতি বাংলাদেশে সাম্প্রদায়িক সহিংসতার তীব্র নিন্দা জানানো হয়।

জব হেল্প! জব হেল্প!!

- পোস্ট অফিস জব, ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট, স্কুল সেফটি এজেন্ট, পুলিশ অফিসার, কারেকশন অফিসার এবং এমটিএ জব সহ আমেরিকার সব ধরনের সরকারী জব-এর এপ্লিকেশন এবং পরীক্ষায় পাশ করার জন্য হেল্প করা হয়।
- পোস্টাল (United State Postal Service) জব একটি ফেডারেল জব। এই জব-এ সকল প্রকার সরকারী সুযোগ সুবিধা বিদ্যমান। খুব সহজে এবং অল্প সময়-এ এই জব পাওয়া সম্ভব।
- জব না হওয়া পর্যন্ত আমরা আনলিমিটেড সাহায্য করে থাকি।
- আমাদের লক্ষ্য একটি সঠিক জব পেতে আপনাকে সাহায্য করা। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

ফোন: ৩৪৭-৪৫৯-০৫৪৫ (মডল) (By Appointment Only)
Microsoft Certified System Engineer and
A Plus Certified Professional এবং সরকারী জব এ কর্মরত
৩৩-২৪ ৭৭ স্ট্রিট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক।

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
50 পারসেন্ট ডিসকাউন্টে সিপিএ'র
মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

TAX FILING 2020

WE DO ALL TYPES OF TAXES

CONTACT

KALIANNA LAKSHMANAN, CPA, CISA
7232 BROADWAY, SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 347-592-9973; Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com



50%
REDUCTION
IN FEES AS
COVID-19
RELIEF

Law Office of Mahfuzur Rahman



Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)

সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)

ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টডি, এলিমনি।

- ♦ ব্যাংক্রান্সী
- ♦ ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- ♦ রিয়েল এস্টেট ক্লোজিং
- ♦ উইলস
- ♦ ইনকোর্পোরেশন
- ♦ ক্রেডিট কনসলিডেশন
- ♦ পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- ♦ মর্গেজ
- ♦ ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ♦ ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736

JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com

প্রধানমন্ত্রীর ফাইল ছবি

অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে চাই : প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিশেষ প্রতিনিধি

মহান মুক্তিযুদ্ধের চেতনায় একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে চান বলে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উন্নত সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়তে চাই। যে দেশে কোনো অন্যায় থাকবে না। অবিচার থাকবে না। মানুষ সুন্দরভাবে বাঁচবে, সেটাই আমি চাই।

গত সোমবার (১৮ অক্টোবর) শেখ রাসেল দিবস-২০২১ 'র উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদের যৌথ উদ্যোগে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তাঁর সরকারি বাসভবন থেকে ভার্চুয়ালি যোগ দেন।

শেখ হাসিনা বলেন, এ বাংলাদেশ সামনে কেমন হবে তার জন্য প্রেমিত পরিকল্পনা করে দিয়েছি। বাংলাদেশের আগামী দিনের চলার পথে যেন কোনো রকম আর হত্যা, কু, ষড়যন্ত্র না হয়। বাংলাদেশের মানুষ যেন সুন্দরভাবে বাঁচতে পারে। ঘাতকের বুলেটে আর কোনো শিশুকে যেন এভাবে জীবন দিতে না হয়। আমি সমগ্র জাতির কাছে এই আহ্বানই জানাব যে আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। কাজেই তাদের নিরাপত্তা দেওয়া, তাদের ভালোবাসা দেওয়া, তাদের সুন্দরভাবে গড়ে তোলা। তাদের জীবনটাকে সার্থক করা, অর্থবহ করা এটাই যেন সকলের আকাঙ্ক্ষা হয়, এটাই যেন সকলের কর্তব্য পালনকালে সকলের আদর্শ হয় সেটাই আমি চাই।

সরকার প্রধান বলেন, পঁচাত্তরের পনেরোই আগস্টের পরে কত মানুষকে হত্যা করা হয়েছে। এই সেনাবাহিনীতে ১৯ বার ক্যু হয়েছে। একেকটা ক্যু ধরে ধরে হাজারো সৈনিক অফিসার হত্যা করা হয়েছে। অনেকের পরিবার লাশও পায়নি। সেই সঙ্গে রাজনৈতিক নেতা কর্মীদেরও অকথ্য

নির্যাতন। বিশেষ করে আওয়ামী লীগের নেতা কর্মীদের ওপর। তাদের দিনের পর দিন ধরে নির্যাতন করা হয়েছে। আবার ঠিক সেই ঘটনা আমরা দেখেছি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, পঁচাত্তরের পর বারবার এসেছে এই ধরনের অত্যাচার। ২০০১ সালের নির্বাচনের পর আবারও সেই একই ঘটনা। এরপর অগ্নি সন্ত্রাস থেকে শুরু করে কতভাবে মানুষকে হত্যা করেছে। বাসে আগুন দিয়েছে। শিশু পুড়ে মারা গিয়েছে। এই ঘটনাও আমরা বাংলাদেশে দেখেছি। কিন্তু আমরা তো এ রকম চাই না। আমরা চাই বাংলাদেশ একটা শান্তিপূর্ণ দেশ হবে। প্রত্যেকটা শিশুর জীবন অর্থবহ হবে, সুন্দর হবে। এভাবে অকালে ঝড়ে যাবে সেটা আমরা চাই না। একটা ফুল পূর্ণাঙ্গভাবে ফোটান আগে অকালে ঝড়ে যাক এটা কারও আকাঙ্ক্ষা নয়। এটা কেউ চায় না।

শেখ রাসেলের স্মৃতি চারণ করে প্রধানমন্ত্রী বলেন, আমরা যখন টুঙ্গিপাড়ায় যেতাম। গ্রামের যে গরিবে ছেলে, তাদের এক সাথ করে তাদের প্যারেড করাতো। তাঁর খুব একটা আগ্রহ ছিল যে, প্যারেড করানো। কাঠের বন্দুক তৈরি করে, সে প্যারেড শোখাতো। শুধু তাই না, এরপর তাদের পুরস্কার দেওয়া হতো। সবার জন্য কাপড় কিনে নিয়ে যেতেন। কেউ যদি জিজ্ঞেস করত তুমি কী হবে? সে (রাসেল) বলত আমি আর্মি হবে। সে একটা আর্মি অফিসার হবে, এটাই তার জীবনের স্বপ্ন ছিল। কিন্তু তার সে স্বপ্ন বাস্তবায়ন হয়নি। সে আজকে বেঁচে থাকলে বড় আর্মি অফিসার হতো। কিন্তু সেটা আর হলো না।

প্রধানমন্ত্রী বলেন, সব থেকে কষ্ট হয়, রাসেল বাবার মেহ-ভালোবাসা থেকে বঞ্চিত হয়েছে। কারণ ৬৪ সালের অক্টোবরে রাসেলের জন্ম। তখন আমার বাবা বাংলাদেশের মানুষের জন্য সংগ্রাম করে যাচ্ছেন। বারবার তাঁকে কারাবরণ করতে হয়েছে। আমরা ছোটবেলা থেকে হয়তো বাবা কিছুদিন ঘরে, কিছুদিন জেলে। আর জেলখানায় মনে হয় আমাদের সঙ্গে বেশি দেখা হতো। সেটাই আমাদের জীবন ছিল। রাসেলের জন্মের পরে বাবা যখন ছয় দফা দিলেন। এরপর সারা দেশ ঘুরে বেঁচেছিলেন। জনমত তৈরি করেছিলেন। কারণ তিনি চেয়েছিলেন বাংলাদেশ একটা স্বাধীন দেশ হবে। সেই দেশে শিশু থেকেই সকলেই একটি সুন্দর, নিরাপদ ও উন্নত জীবন পাবে। শিক্ষা-দীক্ষা সবদিক থেকে উন্নত হবে। ছয় দফা ছিল বাংলাদেশের মানুষের মৌলিক অধিকার আদায়ের একটা সংগ্রাম। ছয় দফা দেওয়া পরেই বাবাকে খুব একটা কাছে পায়নি রাসেল। তবুও যতটুকু সময় পেত আমার আঁকা বাচ্চাদের খুব পছন্দ ও আদর করতেন। রাসেলকে তিনি কোলেই রাখতেন। নিজের হাতে দুধ খাওয়াতেন। যেটুকু সময় পেতেন তা করতেন। কিন্তু সেটাতো অল্প সময়ের জন্য। কারণেই যেদিন রাসেল বাবার সঙ্গে দেখা করে আসত। সে বলতে পারত। কিন্তু তার ভেতরে যে কষ্ট ও অস্থিরতা সেটা আমরা বুঝতে পারতাম।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন, মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম। স্বাগত বক্তব্য দেন শেখ রাসেল শিশু-কিশোর পরিষদের মহাসচিব এম শহীদুল্লাহ।



চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকার আয়োজনে ঈদে মিলাদুন্নবী (সা.) অনুষ্ঠানে বক্তারা

চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকার আয়োজনে ঈদে মিলাদুন্নবী (সা.) অনুষ্ঠিত

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনকের উদ্যোগে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) অনুষ্ঠিত হয়েছে। গত রোববার (১৭ অক্টোবর) নিউইয়র্কের ব্রুকলিন ম্যাকডোনাল্ড অ্যাভিনিউর চট্টগ্রাম সমিতির ভবনে এ মাহফিল ও মেজবান অনুষ্ঠিত হয়। আয়োজনে অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ সোসাইটি ইনকের নির্বাহনের সভাপতি প্রার্থী কাজী আশরাফ হোসেন, এলডার কেয়ারের সিইও গিয়াস আহমেদ, বাংলাদেশ সোসাইটির নির্বাহনের অপর সভাপতি প্রার্থী রব মিয়া, চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকার সাবেক সাধারণ সম্পাদক মোরশেদ রেজভী চৌধুরী। এতে প্রধান আলোচক ছিলেন মুফতী সৈয়দ আনসারুল করিম আল আজহারী।

প্রধান আলোচকের বক্তব্যে সৈয়দ আনসারুল করিম আল আজহারী বলেন, মহানবীর (সা.) জীবনাদর্শই উত্তম আদর্শ। এ আদর্শ মেনে জীবন পরিচালিত করলে ইহকাল-পরকালে মুক্তি লাভ করা সম্ভব।

ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে

মাহফিল ও মেজবানের এ আয়োজনে নিউইয়র্কে বসবাসরত প্রায় ১ হাজার ৮০০ প্রবাসী বাঙালি অংশ নিয়েছেন। এ আয়োজনে আমন্ত্রণ জানিয়েছিলেন চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকার ইনক-এর সভাপতি মনির আহমেদ, সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিম, আহ্বায়ক আবুল কাশেম, যুগ্ম আহ্বায়ক মীর কাদের রাসেল, শফিউল আলম, প্রধান সমন্বয়কারী মোহাম্মদ আলী নূর, সমন্বয়কারী মো. ইকবাল হোসেন, সদস্যসচিব মোহাম্মদ আইয়ুব আনছারী, যুগ্ম সদস্যসচিব মোহাম্মদ হোসেন, মো. মহিম উদ্দিন।

মাহফিল ও মেজবান আয়োজনের তত্ত্বাবধানে ছিলেন মাসুদ হোসেন লিরাজি, মহিউদ্দিন চৌধুরী, রবিউল হোসেন চৌধুরী, মো. আরিফুল ইসলাম, মো. এনায়েত হক, মো. ইলিয়াস, মো. আবু তাহের, পরিমল কান্তি নাথ, হারুনুর রশিদ এবং মাকসুদুল হক চৌধুরী। একই সঙ্গে সার্বিক সহযোগিতায় ছিলেন মোহাম্মদ হানিফ, কাজী সাখাওয়াত হোসেন আজম, সৈয়দ এম রেজা, সিপিএ সারোয়ার জামান, এ কে এম ওয়াহেদী, মো. ইলিয়াছ মিয়া, কাজী আশরাফ

হোসেন, হাসান চৌধুরী, আবু তালেব চৌধুরী, নিজাম চৌধুরী, হাসান বেজবী চৌধুরী, নাসির উদ্দিন, আফসার উদ্দিন, আল জোবায়ের মানিক, সৈয়দ মুরশেদ বেজবী চৌধুরী, মুফাজ্জল আহম্মদ, কামাল হোসেন, এ কে এম তারিকুল হোসেন, মোহাম্মদ আলী নূর, মিজানুর রহমান জাহাঙ্গীর, আবুল বাশার, হায়দার চৌধুরী, আলী আকবর, নূরুল আলম, প্রধান সমন্বয়কারী মোহাম্মদ আলী নূর, সমন্বয়কারী মো. ইকবাল হোসেন, সদস্যসচিব মোহাম্মদ আইয়ুব আনছারী, যুগ্ম সদস্যসচিব মোহাম্মদ হোসেন, মো. মহিম উদ্দিন।

মাহফিল ও মেজবান আয়োজনের তত্ত্বাবধানে ছিলেন মাসুদ হোসেন লিরাজি, মহিউদ্দিন চৌধুরী, রবিউল হোসেন চৌধুরী, মো. আরিফুল ইসলাম, মো. এনায়েত হক, মো. ইলিয়াস, মো. আবু তাহের, পরিমল কান্তি নাথ, হারুনুর রশিদ এবং মাকসুদুল হক চৌধুরী। একই সঙ্গে সার্বিক সহযোগিতায় ছিলেন মোহাম্মদ হানিফ, কাজী সাখাওয়াত হোসেন আজম, সৈয়দ এম রেজা, সিপিএ সারোয়ার জামান, এ কে এম ওয়াহেদী, মো. ইলিয়াছ মিয়া, কাজী আশরাফ

প্রবাসীদের টার্গেট করা চক্রের দুই সদস্য গ্রেপ্তার

বিশেষ প্রতিনিধি

বিমানবন্দর থেকে প্রবাসীদের টার্গেট করে লুটপাট চক্রের দুই সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। দেশে ফেরা প্রবাসীদের পাশাপাশি বেড়াতে আসা বিদেশি নাগরিকদের টার্গেট করে চক্রটি। নিজেকে হাজী পরিচয় দেওয়া চক্রের মূল হোতা হাজী মাসুদুল হক ওরফে আপেলের নেতৃত্বে চলে ছিনতাই, ডাকাতি এবং লুটপাট। বিমানবন্দরে নামার পর প্রথমে প্রবাসীদের গাড়ি ভাড়া করে দেওয়ার প্রস্তাব দেয় চক্রটি। এরপর তাদের নির্ধারিত গাড়িতে তুলে অস্ত্রের মুখে জিম্মি করে, খাবারের সঙ্গে চেতনানাশক মেশানোসহ বিভিন্নভাবে ছিনতাই এবং ডাকাতি করে থাকে।

এক বছরে অর্ধশতাধিক প্রবাসীর প্রায় ৪০ লাখ টাকার মালামাল লুটপাট করেছে চক্রটি। সম্প্রতি গোয়েন্দা জালে আটক হওয়া চক্রের সদস্যরা জিজ্ঞাসাবাদে ডাকাতির ভয়ংকর সব তথ্য জানিয়েছে। ঢাকা মহানগর গোয়েন্দা তদন্ত সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, গত ৫ অক্টোবর যুক্তরাজ্য থেকে ঢাকায় আসেন ওমর শরীফ নামের প্রবাসী এক ব্যক্তি। তার গ্রামের বাড়ি নাটোরের বড়াইগ্রামে। তিনি বিমানবন্দর এলাকায় নামার পর মাসুদের চক্রের সদস্যরা প্রথমে তাকে অস্ত্রের মুখে জিম্মি করে। পরে ঢাকার বাইরের একটি জেলায় নিয়ে তার সঙ্গে থাকা পাসপোর্টসহ সব মূল্যবান জিনিসপত্র লুটে নেয় চক্রের সদস্যরা।

লিটন সরকার নামের অপর এক প্রবাসী মিশর থেকে তুর্কি এয়ারলাইনসযোগে গত ৭ সেপ্টেম্বর দেশে আসেন। প্রবাসী লিটন হজরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দর টার্মিনাল থেকে বিমানবন্দর গোল চত্বরে ফুটুভার ব্রিজের নিচে গিয়ে বাসার উদ্দেশ্যে গাড়ির জন্য অপেক্ষা করেন। হঠাৎ ওৎপতে থাকা অজ্ঞাতনামা পাঁচ থেকে ছয়জন সদস্য ধারালো অস্ত্র



ঠেকিয়ে লিটনের সঙ্গে থাকা হ্যান্ডব্যাগ ও লাগেজ নিয়ে পালিয়ে যায়। এ সময় ছিনতাইকারী দলের সদস্যরা তাকে ঘটনাস্থল থেকে একটি বাসে তুলে দেয়। ছিনতাইয়ের বিষয়ে কাউকে কোনো কিছু না জানানোর জন্য ভয়ভীতি ও হুমকি দেয়।

লিটন জানান, তার ব্যাগে থাকা একটি পাসপোর্ট, মিশরের ভিসা, বিমানের টিকিট, স্বর্ণের চেইন, দু'টি মোবাইল ফোন, একটি স্মার্ট কার্ড, প্রয়োজনীয় কাপড়-চোপড়সহ নগদ ৪০ হাজার টাকা নিয়ে যায়। পরবর্তীতে এ ঘটনায় গত ১৫ সেপ্টেম্বর বিমানবন্দর থানায় একটি মামলা করেন তিনি। পুলিশের পাশাপাশি মামলার ছায়া তদন্ত শুরু করে মহানগর গোয়েন্দা উত্তরা বিভাগ। পরবর্তীতে তথ্য- প্রযুক্তির সহায়তায় ডাকাতির ঘটনার সঙ্গে সম্পৃক্ততার অভিযোগে হাজী মাসুদুল, আমির হোসেন ও শামীমকে গ্রেপ্তার করে গোয়েন্দা পুলিশ। জিজ্ঞাসাবাদে তারা আরও জানায়, করোনা সংক্রমণ কমানোর কারণে বিদেশ থেকে বিপুলসংখ্যক প্রবাসী দেশে আসতে শুরু করলে এটাকে



উপযুক্ত সময় হিসেবে বেছে নিয়েছে চক্রটি। মাসুদুলের ডাকাতি দলের এই সদস্যরা বিভিন্ন কৌশল অবলম্বন করে কখনো ডাকাতি, কখনো ছিনতাই, কখনো অজ্ঞান পাঠির সদস্য হিসেবে তারা কাজ করে থাকেন।

গোয়েন্দা পুলিশ জানায়, বিমানবন্দরকেন্দ্রিক এই চক্রটি গত এক বছরে অর্ধশতাধিক ছিনতাই-ডাকাতি-অপহরণের ঘটনা ঘটিয়েছে। এবং মালামাল লুণ্ঠন করেছে। এসব ঘটনার বিপরীতে মামলা হয়েছে মাত্র সাতটি। ভুক্তভোগী অনেক প্রবাসীই মামলা করতে চান না। কারণ তাদের হাতে সময় কম থাকে। চার থেকে পাঁচ মাসের ছুটি নিয়ে দেশে আসেন। ছুটি শেষে দ্রুত কর্মক্ষেত্রে ফিরে যাওয়ার তাড়া থাকে। সব মিলিয়ে এ সকল প্রবাসীরা বাড়তি ঝামেলা এড়াতে মামলা করেন না। চক্রটির মূল হোতা মাসুদুলসহ অন্যদের বিরুদ্ধে বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। চক্রের অন্য সদস্যদের আটক করতে গোয়েন্দা অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন গোয়েন্দা বিভাগের এক কর্মকর্তা।

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়

সকল ধরনের ইনস্যুরেন্সের জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান



আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের
জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন

Low Down Payment
No Extra Fee
6 Hours DDC Classs

Experienced
Tax Professional
IRS e-file
IRS Authorized e-file Provider

Auto Home Business & TLC Insurance
TDS Insurance Brokerage Corp.

BROOKLYN

118 Beverley Road, Brooklyn, NY 11218

Phone: 718-483-9310, Fax: 718-483-9311

Email: team@tdsinsurance.com

বাড়ি ক্রয়ে ২৫% ডাউন পেমেন্ট দিলে নো ব্যাকগ্রাউন্ড চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-
নেগোসিয়েশন কেনাবেচার
ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাউ (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সিং সহ যাবতীয় সহযোগিতার
জন্য কথা বলুন



Please call or text
646 284 4776

Abu Zaman

Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com



Silver & Gold Realty

ইনকামট্যাক্স

২০১৯

ইনকামট্যাক্স

আনজুমান ট্যাক্স সার্ভিসেস ইনক

37-21 72nd Street, Suite # 202
Jackson Heights, NY-11372

IRS Authorised E-File Provider

- ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন
- বুক কিপিং, একাউন্টিং, সেলস্ ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ
- স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস
- ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস
- ইমিগ্রেশন সার্ভিসেস।

আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ

▶ আবু হেলেন হোসেন

718-777-5477, Cell: 917-496-7966, Fax: 718-777-8020

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনারদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমে, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিয়ালস সহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

অগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)

সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফর্ম (প্রতিষ্ঠাতা)
সিটিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবসিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইপ

MITU DISABILITY CENTER MITU PHYSICAL THERAPY P.C. MITU HOME CARE LLC.



RONJAN
(Disability Consultant)
646-730-8416

MITU DISABILITY CENTER

- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

MITU PHYSICAL THERAPY P.C.

আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হাঁটের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, বিনবিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।

Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিস্ট)

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)

Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

পরীক্ষা ছাড়াই
আমেরিকার
সিটিজেনশীপ

N-648 WAIVER

MITU HOME CARE LLC.

আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, স্বতন্ত্র-শাওজী,
আত্মীয়-স্বজন, প্রতিবেশী,
বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে
সহায়তা দিয়ে অর্থ উপার্জন করুন।
আমেরিকায় রোগীকে সেবা করার
সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member

H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

হটলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

রাইকার্স আইল্যান্ডে একের পর এক বন্দীর মৃত্যু



জাহিদা আলম

নিউইয়র্ক নগরের রাইকার্স আইল্যান্ড কারাগার কুখ্যাত হয়ে উঠেছে। একের পর এক কয়েদির মৃত্যু হচ্ছে নির্জন এ কারাগারে। গত শুক্রবার (১৮ অক্টোবর) আরেকজন কয়েদির মৃত্যুর মধ্য দিয়ে এ বছরে এ কারাগারে মৃত্যুর সংখ্যা ১৪-তে দাঁড়িয়েছে।

অ্যাছনি স্ট (৫৮) নামের বন্দী গত শুক্রবার কারাগারে আত্মহত্যার চেষ্টা করেন। তাকে হাসপাতালে স্থানান্তর করার পর সোমবার এ কারাবন্দীর মৃত্যুর কথা

জানানো হয়েছে।

এর আগে ব্রংকসের বাসিন্দা ভিক্টর মারকাডো (৬৪) কারাবন্দী অবস্থায় হাসপাতালে মারা গেছেন। এ বছরের গ্রীষ্মের শুরু থেকে রাইকার্স আইল্যান্ড কারাগারে ছিলেন ভিক্টর। অসুস্থতা বোধ করলে তাকে শুক্রবারে এলমহাস্ট হাসপাতালে নিয়ে আসা হয়। হাসপাতালে তাঁর মৃত্যু হয়েছে বলে কারেকশন বিভাগ নিশ্চিত করেছে।

কারা কমিশনার ভিনসেন্ট শিরাল্ডি বিবৃতিতে বলেছেন, কারাগারের বন্দী ও কর্মচারীদের নিরাপত্তা বৃদ্ধির জন্য তারা

জোর প্রয়াস নিয়েছেন। ভিক্টর মারকাডোর মৃত্যুতে তিনি দুঃখ প্রকাশ করে জানিয়েছেন এ মৃত্যুর প্রকৃত কারণ অনুসন্ধান করা হচ্ছে। কারেকশন বিভাগের একজন মুখপাত্রও সংবাদমাধ্যমকে জানিয়েছেন, ভিক্টরের মৃত্যুর কারণ নিয়ে এখনো তদন্ত করা হচ্ছে। যদিও ভিক্টর মারকাডোর আইনজীবী জানিয়েছেন, বন্দী অবস্থায় রাইকার্স আইল্যান্ডে ভিক্টর করোনায় আক্রান্ত হয়েছিলেন। সংক্রমণের জের ধরেই তাঁর মৃত্যুর কথা তিনি জানিয়েছেন।

নিউইয়র্কের উদারনৈতিক জনপ্রতিনিধি এবং নাগরিক সংগঠকগুলো রাইকার্স আইল্যান্ড কারাগার নিয়ে দীর্ঘদিন থেকে তাদের প্রতিক্রিয়া জানিয়ে আসছিল। নিউইয়র্ক থেকে নির্বাচিত প্রতিনিধি পরিষদ সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও অবিলম্বে কারাগারটি বন্ধ করে দেওয়ার দাবি জানিয়েছেন। আলেকজান্দ্রিয়া ওকাসিও অন্যান্য জনপ্রতিনিধিদের নিয়ে আগের সপ্তাহেই রাইকার্স আইল্যান্ড কারাগার পরিদর্শন করেছেন। পরিদর্শনের পর তিনি বলেছেন, কারাগারটিতে মানবিক সংকট বিরাজ করছে।

গত দুই বছর থেকে এ কারাগারের বন্দীদের মধ্যে মৃত্যুর সংখ্যা বেড়ে গেছে। অপরিচ্ছন্ন পরিবেশ ছাড়াও কারাগারের আইন শৃঙ্খলা পরিস্থিতি প্রায়ই নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ার সংবাদ প্রকাশিত হয়েছে। এক বছরে পাঁচজন কারাবন্দী আত্মহত্যা করেছে বলেও সংবাদ প্রকাশিত হয়েছে।

জনপ্রতিনিধিরা হালকা অপরাধে রাইকার্স আইল্যান্ডে আটক বন্দীদের মুক্তি দাবি করে আসছেন। নিউইয়র্ক নগরের মেয়র ২০২৬ সালের আগে কারাগারটি স্থানান্তর না করার অবস্থানে অনড় রয়েছেন। মেয়র ডি ব্লাজিও বলেছেন, রাইকার্স আইল্যান্ড কারাগারের বন্দী ও কর্মচারীদের নিরাপত্তা ব্যবস্থা দ্রুততার সঙ্গে উন্নত করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

এর মধ্যেই রাজ্য গভর্নর ক্যাথি হকুল নতুন একটি আইনে স্বাক্ষর করেছেন। এ আইনের ফলে প্যারোলে থাকা এবং হালকা অপরাধে থাকা প্রায় ২০০ জন কারাবন্দী এর মধ্যেই মুক্তি পাওয়ার কথা রয়েছে।

বালা টাউনে বাংলাদেশ অ্যাসোসিয়েশন আব লস অ্যাঞ্জেলেসের সভা ৩০ অক্টোবর

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশ অ্যাসোসিয়েশন আব লস অ্যাঞ্জেলেস বালা লস অ্যাঞ্জেলেস প্রবাসী বাংলাদেশীদের নিয়ে পূর্বের ন্যায় উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে নির্বাচনের আয়োজন করবে। প্রবাসীরা এই ঐতিহাসিক সংগঠনটির কার্যকরী কমিটির নেতা নির্বাচন করবে। প্রবাসীদের প্রত্যক্ষ অংশগ্রহণে বালা প্রবাসীদের কল্যাণে কাজ করে যাবে। বালা প্রতিষ্ঠার পর থেকে নব্বই দশক পর্যন্ত এটিই ছিল বাস্তবতা। কোনো পকেট কমিটি দিয়ে এ ঐতিহাসিক সংগঠনকে ধ্বংস করতে দেওয়া হবে না। মামলা হামলা করে কাউকে এই সংগঠনটির অগ্রযাত্রা রুখে দেওয়ার সুযোগ দেওয়া হবে না।

গত রোববার (১৭ অক্টোবর) বিকেলে বালা সভাপতি আবু হানিফার সঙ্গে লস অ্যাঞ্জেলেস বাংলাদেশি কমিউনিটির নেতৃবৃন্দের বৈঠকে সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন আব লস অ্যাঞ্জেলেস বালা প্রাক্তন সভাপতি বীর মুক্তিযোদ্ধা জাহিদুল মাহমুদ জামী বালায় বিভিন্ন সময়ের প্রাক্তন নেতৃবৃন্দ ও কমিউনিটির সকলকে এই ঐতিহাসিক সংগঠনকে এগিয়ে নিয়ে যেতে ভূমিকা রাখার আহ্বান জানান। সাম্প্রতিক বছরগুলোতে যারা লস অ্যাঞ্জেলেসে বসতি স্থাপনকারী করেছেন তারা সহ নতুন প্রজন্ম সকলে সংগঠনের নির্বাচন ও সামাজিক সকল কার্যক্রমে অংশ নিয়ে প্রবাসীদের কল্যাণে কাজ করে সংগঠনকে বলিষ্ঠ নেতৃত্ব দেওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

লস অ্যাঞ্জেলেস বাংলাদেশি কমিউনিটির নেতা ডঃ জয়নুল আবেদীন বলেন, কমিউনিটির কল্যাণে কাজ করতে গেলে অনেকে অনেক সময় বিবিধ কারণে বাধা হয়ে দাঁড়ান। আমাদের সকল বাধা

অতিক্রম করেই এই প্রবাসে বাংলাদেশ অ্যাসোসিয়েশন আব লস অ্যাঞ্জেলেস বালায় অগ্রযাত্রা সমুন্নত রাখতে হবে।

বালা সভাপতি আবু হানিফা বলেন, ধাপে ধাপে বালায় প্রাক্তন নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করে কমিউনিটির উৎসাহী প্রবাসীদের নিয়ে আগামী বছরের মাঝামাঝি একটি অংশগ্রহণমূলক প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে লস অ্যাঞ্জেলেস প্রবাসী জনগণের সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন আব লস অ্যাঞ্জেলেস বালায় নেতৃত্ব নতুন ও তরুণ প্রজন্মের হাতে তুলে দেবেন। তিনি বলেন, টাউন হল সভায় কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ নিয়ে একটি নির্বাচনী পরিচালনা কমিটি গঠন ও নির্বাচনের রূপরেখা প্রকাশ করা হবে। সবকিছু ঠিক থাকলে নিয়ম অনুযায়ী আগামী বছরের ২২ শে জুন বালা নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি সকলকে আগামী ৩০ অক্টোবর শনিবার সন্ধ্যা ৬ টায় লস অ্যাঞ্জেলেস বাংলাদেশ একাডেমি মিলনায়তনে 'বালা টাউন হল মিটিং'-এ উপস্থিত থাকার আমন্ত্রণ জানিয়েছেন।

তৌফিক সোলায়মান তুহিন বলেন, পকেট কমিটি দিয়ে ইদুর বিড়াল খেলার জন্য কাউকে সুযোগ দেওয়া হবে না। বালা একটি কমিউনিটি সংগঠন কমিউনিটির লোকজন এর নেতা নির্বাচন করবে। বালায় সাবেক নেত্রী সাথি ভাবি প্রবাসী মহিলাদের বালায় নেতৃত্বে এগিয়ে এসে সংগঠনকে মূল ধারার সঙ্গে যোগসূত্র স্থাপনে সেতুবন্ধন হিসেবে কাজ করার আহ্বান জানান। বাংলাদেশ অ্যাসোসিয়েশন আব লস অ্যাঞ্জেলেস বালাকে এগিয়ে নিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে আরও বক্তব্য দেন সায়েদুল হক সেন্ট, হুমায়ুন, মো. রফিক ইসলাম, মোর্শেদ খন্দকার, রানা মাহমুদ, কাজী মানিক, কমরেড রব প্রমুখ।

ফ্রি হোম কেয়ার সার্ভিস

যে সকল মা বাবা, ভাই-বোন, আত্মীয়-স্বজন এর মেডিকেইড ও মেডিকেয়ার আছে, তাঁদের সেবা করে আপনি সাপ্তাহিক ৫০০ ডলার করে উপার্জন করতে পারেন। এজন্যে পড়াশোনা বা কোন সার্টিফিকেট এর দরকার নাই।

যোগাযোগ করুন

নাসিমা : ৩৪৭-৮০১-৪০২৮

TRIBUNE TRAINING ACADEMY

29-28 41st Avenue, Suite 48, Queens, NY 11101

Office: (718) 790 - 2664 Cell: (917) 330 - 0891

- OSHA OUTREACH TRAINING
- SECURITY GUARD TRAINING
- WORK-ZONE FLAGGER TRAINING
- LIFT TRUCK / FORKLIFT TRAINING
- FIRST AID, CPR & AED TRAINING
- DEFENSIVE DRIVING
- RESUME BUILDING
- JOB SEEKING

MD NOMAN
DIRECTOR OF SCHOOL

নিয়ন্ত্রিত জ্ঞানতে
আজই স্কল সফর
অনুগ্রহ করে সার্টিফিকেট গ্রহণ করুন

আপনি কি বেকার? আপনি ভাল চাকরি খুজছেন?
তাহলে নিম্নোক্ত ট্রেনিং এর মাধ্যমে নিজেকে
তৈরী করুন, উজ্জ্বল ভবিষ্যত গড়ুন।



Authorized IRS e-file Provider

KAKATUA
কাকাতুয়া
A G E N C Y

PARVIZ KAZI E.A.
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: info@kakatua.com | Web: www.kakatua.com

Serving Our Community For Over 28 Years

ENROLLED AGENT

Tax Return

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting
- Travels
- Immigration
- Insurance

দীর্ঘ দিনের অভিজ্ঞতার আলোকে
এবং বর্তমান যুক্তরাষ্ট্র সরকারের
ট্যাক্স নীতিমালা অনুসরণ করে
ট্যাক্স ফাইলিং করে থাকি

জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিবন্ধিত বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত

মেডিকেল অফিস

We offer Quality Health Care

৮৭-৩১ ১৬৮ প্লেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432

৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226

ডা: নাহরীণ মামুন এম.ডি
Board Certified Internal Medicine
& Women Health Expert
সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.৩০টা থেকে পূর্বের সময়ানুব্যায়ী

বাংলাদেশি
মহিলা ডাক্তার

আমাদের সেবা সমূহ:

- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টেরল

আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহণ করি

যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেইড ও ফ্যামিলি হেলথ প্লান পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি

ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি
Board Certified Geriatrics & Internal Medicine
(এসিস্ট্যান্ট প্রফেসর, কুইন্স হাসপাতাল সেন্টার)
সময়: মঙ্গল ও বুধসপতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা

ডা: আহমেদ কে আসলাম এম.ডি
হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)

All kinds of Medical Managements

PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations
মহিলাদের সবধরনের শারীরিক চেকআপ, রক্তপরিষ্কার, ইকোজি, প্রেগনেন্সি টেস্ট
হৃদক টেস্ট, টিকা এবং হৃদযন্ত্রের টিকা সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।



ময়নুল হক চৌধুরী হেলালের সম্মানে হ্যামট্রামিক সিটিতে অবস্থিত রেশমি সুইটস অ্যান্ড ক্যাফেতে কমিউনিটি নেতৃবৃন্দ

জালালাবাদ অ্যাসোসিয়েশনের সভাপতিকে নিয়ে মিশিগানে মতবিনিময় সভা

হেলাল উদ্দীন রানা

মিশিগানে সফররত জালালাবাদ অ্যাসোসিয়েশন আমেরিকা ইনক-এর সভাপতি ময়নুল হক চৌধুরী হেলালের সম্মানে গত শনিবার (১৭ অক্টোবর) সন্ধ্যায় হ্যামট্রামিক সিটিতে অবস্থিত রেশমি সুইটস অ্যান্ড ক্যাফেতে কমিউনিটি নেতৃবৃন্দের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মিশিগানে বসবাসরত জালালাবাদবাসীর উদ্যোগে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব মিশিগানের সাবেক সভাপতি ও কমিউনিটি নেতা শাহ খালিশ মিনার। সভায় দলমত-নির্বিশেষে সকল কমিউনিটি নেতারা উপস্থিত ছিলেন। দীর্ঘদিন পর অনুষ্ঠিত কমিউনিটির এই ব্যতিক্রমী সভা নেতৃবৃন্দের এক মিলনমেলায় রূপ নেয়। জালালাবাদ সোসাইটি মিশিগানের সাবেক সাধারণ সম্পাদক ও উপদেষ্টা মুজিব আহমদ মণির, মিশিগান মহানগর আওয়ামী লীগের সভাপতি আব্দুস শাকুর মাখন ও বিয়ানীবাজার সমিতির সাবেক সাধারণ সম্পাদক সুমন আজিজসহ জালালাবাদ বাসী এই মহতী সভার আয়োজনের উদ্যোগ নেন। সাংবাদিক শফিক রহমান

তাদের বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা করেন।

পবিত্র আল কোরআন থেকে তিলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। তিলাওয়াত করেন খাজা শাহাব আহমদ। অনুষ্ঠানে প্রধান অতিথি ময়নুল হক চৌধুরী হেলালের সঙ্গে মঞ্চে অতিথি হিসাবে আসন গ্রহণ করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন মিশিগানের সাবেক সাধারণ সম্পাদক বিশিষ্ট কমিউনিটি নেতা ইকবাল হোসেন চৌধুরী বকুল, জালালাবাদ সোসাইটির উপদেষ্টা ও বিশিষ্ট ব্যবসায়ী হাজি নিজাম উদ্দিন আহমদ, মিশিগান বিএনপির প্রেসিডেন্ট দেওয়ান আকমল চৌধুরী, মিশিগান বাংলা প্রেসক্লাব সভাপতি হেলাল উদ্দীন রানা, হ্যামট্রামিক সিটি সাবেক কাউন্সিলম্যান ও বর্তমান কাউন্সিল ম্যান পদপ্রার্থী আবু আহমদ মুসা, কাউন্সিলম্যান পদপ্রার্থী ও হেলপিং হেন্ড মিশিগানের সভাপতি মুহিত মাহমুদ, মিশিগান মহানগর আওয়ামী লীগ সভাপতি আব্দুস শাকুর মাখন। কমিউনিটি নেতা মুজিব আহমদ মনিরের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাংবাদিক শফিক রহমান।

অন্যান্যের মধ্যে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, টাকা মানি একচেজের কর্ণধার

আবদুল আহাদ, বিয়ানীবাজার সমিতির বিদায়ী সভাপতি নুরুজ্জামান এখলাস, জালালাবাদ সোসাইটি মিশিগানের সাবেক সাধারণ সম্পাদক আজাদ খান, কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে বকুল তালুকদার, হেলাল খান, সুমন আজিজ, খলকুর রহমান, হাবিব রহমান, ইকবাল ফয়েজ স্বপন, বাদল আহমদ, মোহাম্মদ মুতালিব, ফিরোজ আলী ও শাহিদুর রহমান চৌধুরী জাবেদ খাজা সাহাব আহমদ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ময়নুল হক চৌধুরী কমিউনিটির বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করেন। তিনি বলেন, কমিউনিটির জন্য কাজ করতে পারা অত্যন্ত গৌরবের ও আনন্দের। তিনি বলেন, কমিউনিটির নেতৃবৃন্দকে মানুষের কাছে যেতে হবে। তারা কি চান সেটা জানতে হবে। হেলাল উত্তর আমেরিকার দ্বিতীয় বৃহত্তম বাংলাদেশি কমিউনিটি মিশিগানের প্রশংসা করে বলেন, আপনারা যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে আমাদের যে বীজ বপন করেছিলেন তা আজ আমেরিকায় ডালপালা বিস্তার করে চলেছে। এ জন্য আপনারা ধন্যবাদ পাওয়ার যোগ্য। তিনি মহামারির কঠিন সময়ে মানুষের পাশে দাঁড়ানো, নানা ভাবে সাহায্য সহযোগিতা করা ও মৃত

ব্যক্তিদের দাফন কাফনসহ জালালাবাদ অ্যাসোসিয়েশন আমেরিকা ইনক-এর গৃহীত নানান কার্যক্রমের বিস্তারিত তুলে ধরেন। হেলাল তাঁকে এসম্মান জানানোর জন্য মিশিগানবাসীকে বিশেষভাবে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে কমিউনিটি নেতাদের মধ্যে হাজি সমজিদ আলম, সয়েফ খান, আকিকুল হক শামীম, খন্দকার ইউসুফ কামাল, দেওয়ান জুবের আহমদ চৌধুরী, লুৎফুর রহমান, জাকারিয়া আহমদ শাহীন, হেলাল আহমদ, মিছবাতুর রহমান চৌধুরী, মাসুদ চৌধুরী, মিনহাজ আহমদ, ফয়সল আহমদ, হেলাল মিয়া, বাবুল আহমদ বাচ্চু, মামুন খান, সুম্মাহ চৌধুরী ও সাইফুর রহমান প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হেলালের বড় ভাই ফ্লোরিডা প্রবাসী নুরুল হক চৌধুরী জয়নাল।

সভাপতির বক্তব্যে শাহ খালিশ মিনার সকলকে অনুষ্ঠানে যোগদানের জন্য ধন্যবাদ জানান এবং আগামীদিনে মিশিগানে একটি সুন্দর, পরিচ্ছন্ন ও শক্তিশালী কমিউনিটি বিনির্মাণে সকলের ঐক্যবদ্ধ প্রয়াসের উপর গুরুত্বারোপ করেন। শেষে প্রধান অতিথিকে জালালাবাদবাসীর পক্ষ থেকে একটি ফ্রেস্ট প্রদান করা হয়। নেতৃবৃন্দ অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানান।

নিউইয়র্ক পুলিশের ৬৫ কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণের প্রমাণ মিলেছে

রহমান মাহবুব

নিউইয়র্ক নগরের ৬৫ জন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণের প্রমাণ পাওয়া গেছে। গত বছরের 'ব্ল্যাক লাইভস ম্যাটার' আন্দোলনের সময় পুলিশের আচরণগত অভিযোগ নিয়ে তদন্তের ফলাফল প্রকাশ করা হয়েছে। পুলিশের বিরুদ্ধে পরিচালিত সিভিলিয়ান অভিযোগ রিভিউ বোর্ড গত সোমবার (১৮ অক্টোবর) এ তদন্ত রিপোর্ট প্রকাশ করে।

মেনিয়াপোলিসে ২০২০ সালের মে মাসে জর্জ ফ্লয়েড নামের কৃষ্ণাঙ্গ ব্যক্তির নিহত হওয়ার পর আমেরিকা জুড়ে নাগরিক আন্দোলন শুরু হয়। 'ব্ল্যাক লাইভস ম্যাটার' নামের নাগরিক সংগঠনটি এ আন্দোলনের পুরোভাগে ছিল। আন্দোলনের উত্তাল সময়ে নিউইয়র্ক নগর সহিংস হয়ে উঠেছিল। ব্যাপক লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এ সময়ে নগরের পুলিশও মারমুখী ভূমিকা পালন করেছে।

সিভিলিয়ান কমপ্লেইন রিভিউ বোর্ড জানিয়েছে ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলন নিয়ে পুলিশের বিরুদ্ধে ৩১৩টি অভিযোগ জমা পড়েছিল। এসব অভিযোগের মধ্যে ১২৭টি সুনির্দিষ্ট অভিযোগের পূর্ণ তদন্ত করেছে রিভিউ বোর্ড। ৬৫ জন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে মারাত্মক অসদাচরণের অভিযোগ পাওয়া গেছে তদন্তকালে। এর মধ্যে ৩৭ জনের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়েছে।

এসব অভিযোগ নিয়ে পুলিশ কর্মকর্তারা এখন বিভাগীয় বিচারের সম্মুখীন হতে হবে। বিচারে তাঁদের চাকরিচ্যুতি, সাময়িক বরখাস্তসহ ছুটি কমিয়ে দেওয়াসহ নানা শাস্তিমূলক দণ্ড ভোগ করতে হতে পারে। রিভিউ বোর্ড ২৮ জন পুলিশ কর্মকর্তাদের পেশাদারি উন্নয়নের জন্য প্রশিক্ষণের জন্য সুপারিশ করেছে।

রিপোর্টে বলা হয়েছে, প্রমাণ পাওয়া অসদাচরণের মধ্যে রয়েছে অপেশাদারি, নোংরা ভাষার ব্যবহার, ভুল রিপোর্ট প্রদান, অকারণে বডি ক্যামেরার ব্যবহার করাসহ গ্রেপ্তার হওয়া লোকজনের বিরুদ্ধে অসত্য রিপোর্ট প্রদান।

উল্লেখ্য, ২০২০ সালের নাগরিক আন্দোলনের জের ধরে নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রের সর্বত্র পুলিশ সংস্কারের দাবি উঠে। পুলিশি ব্যবস্থায় বৈষম্য বিরাজ করছে বলে দেশ জুড়ে অভিযোগ ওঠার মুখে নিউইয়র্কসহ বেশ কিছু রাজ্যে পুলিশ সংস্কারের ব্যাপক উদ্যোগ নেওয়া হয়। নিউইয়র্ক নগরের পুলিশের তহবিল কমিয়ে দেওয়া হয়েছে। পুলিশ বিভাগকে সংকুচিত করাও হয়েছে।

নিউইয়র্ক নগরের পুলিশ বিভাগের সঙ্গে নগর সরকারের সম্পর্কের টানাপোড়েন চলছে। অপরাধ দমনে পুলিশকে এখন অনেক সতর্ক ভূমিকায় থাকতে হচ্ছে। কোনো কোনো মহল থেকে সমালোচনা করে বলা হচ্ছে, অপরাধ দমনে নিউইয়র্কের পুলিশ আগের মতো আগ্রাসী না হওয়ার কারণেই অপরাধ বাড়ছে।



Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

IRS e-file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

Tax Immigration Real Estate Mortgage Notary

INCOME TAX
Income Tax Serice & Direct Deposit
quick Refund & Electronic Filling

IMMIGRATION SERVICES
Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE
For Buying & Selling houses
mortgage services

World Tours & Travel



DHAKA NEW YORK

Emirates \$599+

OUR SERVICES
BANGLADESH DOMESTIC TICKET
• Biman Bangladesh Airlines
• Novoair • US Bangla

AIR TICKET
• International & Domestic

NOTARY PUBLIC

বাংলাদেশসহ বিশ্বের যে কোন স্থানে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
718-200-2655
718-406-9745



Md. Shamsuddin (Basir), MBA CEO

NEW YORK OFFICE
37-12 75th St. (2nd FL) Suite # 206
Jackson Heights, NY 11372

DHAKA OFFICE
78/E Purana Paltan Lane (4th Floor)
BijoyNagor, Dhaka, Bangladesh

পর্যটকদের জন্য দুয়ার খুলছে যুক্তরাষ্ট্র

উত্তর আমেরিকা অফিস

বিদেশী পর্যটকদের জন্য অবশেষে দুয়ার খুলছে যুক্তরাষ্ট্র। আগামী ৮ নভেম্বর থেকেই দেশটিতে ভ্রমণে যেতে পারবেন বিদেশিরা। তবে যারা পূর্ণ ভোজ টিকা নিয়েছেন, কেবল তারাই যুক্তরাষ্ট্র ভ্রমণ করতে পারবেন। আর আপাতত ৩৩টি দেশের নাগরিকদের জন্য চালু হচ্ছে এ সুবিধা। তবে সেই তালিকায় নেই বাংলাদেশ। গত শুক্রবার (১৫ অক্টোবর) হোয়াইট হাউস ঘোষিত নতুন নির্দেশনায় এ তথ্য জানানো হয়েছে।

হোয়াইট হাউস ঘোষিত নতুন নির্দেশনায় বলা হয়েছে, ভ্রমণের ৭২ ঘণ্টা আগে করোনা পরীক্ষায় যাদের নেগেটিভ ফলাফল এসেছে তারা যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি পাবেন।

এ ছাড়া, যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (এফডিএ) অনুমোদিত অথবা বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে জরুরি ব্যবহারের অনুমোদন পাওয়া যে কোনো টিকার পূর্ণ ভোজ গ্রহীতারা ভ্রমণের অনুমতি পাবেন। সে ক্ষেত্রে অক্সফোর্ড-অ্যান্ডজেনেকার পাশাপাশি চীনের সিনোভ্যাক ও সিনোফার্মের টিকা নেওয়া ব্যক্তিরাও



আগামী ৮ নভেম্বর থেকে পূর্ণভোজ গ্রহীতা কয়েকটি দেশের পর্যটক যুক্তরাষ্ট্রে ভ্রমণ করতে পারবেন

প্রবেশের অনুমতি পাবেন। আর এ ধরনের ভ্রমণকারীদের কোয়ারেন্টিনে থাকতে হবে না বলে নিশ্চিত করেছে মার্কিন কর্তৃপক্ষ।

নির্দেশনায় বলা হয়েছে, আগামী ৮ নভেম্বর থেকে ফ্রান্স, জার্মানি, ইতালিসহ ইউরোপের শেনজেন অঞ্চলের ২৬টি দেশ এবং ব্রিটেন, আয়ারল্যান্ড, চীন, ভারত, দক্ষিণ আফ্রিকা, ইরান ও ব্রাজিলের

পূর্ণভোজ গ্রহীতা পর্যটকেরা যুক্তরাষ্ট্র ভ্রমণে যেতে পারবেন। এসব দেশে সর্বশেষ ১৪ দিন অবস্থান করা অ-মার্কিনি নাগরিকদের বর্তমানে যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধ রয়েছে।

করোনা ভাইরাস মহামারির কারণে গত বছরের শুরুতে বিদেশি ভ্রমণকারীদের প্রবেশ কঠোর নিষেধাজ্ঞা জারি করেছিল যুক্তরাষ্ট্র।

জে.এম. আলম মান্টি সার্ভিসেস ইনক

ট্যাক্স ★ পারসনাল ট্যাক্স ★ বিজনেস ট্যাক্স ★ সেলস ট্যাক্স ★ বিজনেস সেটআপ	AUTHORIZED IRS e-file PROVIDER	ইমিগ্রেশন ★ ফ্যামিলি পিটিশন ★ সিটিজেনশীপ আবেদন ★ গ্রীণকার্ড নবায়ন ★ সব ধরনের এফিডেভিট
---	---------------------------------------	---

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More

(646) 685-3785, (212) 810-0449

E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC

Authorized Homecare Provider Department of Health, State of New York

নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিভিলিয়ন/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, স্বত্ব-স্বত্বী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।

সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultrap, SIMPLE, h2o, T-Mobile, UNIVISION mobile, Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা

Our Services

★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)	★ Immigration all kinds & Green Card via employment & Investments
★ Car Accidents	★ Real Estate & Business Closings
★ Medical Mal Practice	★ Non payment or no over time payment
★ Accident in Construction	★ Will, Trust and Estate Planning
★ Lead Poisoning	★ Bankruptcy, Landlord-Tenant
★ Slip and Fall	★ Family Matter-Divorce
★ Dental Mal Practice	★ All Civil Matters

"Prior results do not guarantee a similar outcome"

New York State Attorney
M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK, Barrister-At-Law, London LL.M, USA, Attorney-At-Law, NY

Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com

বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
সর্বোচ্চ মূল্যে বিক্রয় নিশ্চিত - দীর্ঘ বকেয়া মূল্য / ফলস্বরূপে মালিকের বাড়ি বিক্রয়ে বিশেষ অভিজ্ঞ

Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney

REAL ESTATE SALESPERSONS

MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406	ADVOCATE MOHAMMAD ZAMAN Cell: 347-469-9268	ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748
--	--	---

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist

DR. SADI ALAM, DPM

আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423 Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372 Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218	Alam Podiatry, P.C. FOR APPOINTMENT Phone: 347-509-4470 Fax: 646-845-1861 Email: dralamdpm@gmail.com WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS	Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208 Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467 Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
--	---	--

IMMIGRATION LAW OFFICE

ইমিগ্রেশন'ল অফিস





Dilli R. Bhatta
Attorney at Law

Shamim Shahed
Certified Paralegal

- Immigration
- Asylum & Defence from Deportation
- Family Law
- Accident & Injury
- Business Law
- Any Kind of Visa Processing

BHATTA LAW & ASSOCIATES
(631) 805 1051
37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372

PATIENT PRIORITY MEDICAL CARE, P. C.

88 - 23 178th Street, Jamaica, NY 11432
TEL: 718-558-5047 FAX: 401-340-1608



আমাদের সেবা সমূহ:-

- * ফিজিক্যাল * ব্লাড টেস্ট
- * ব্লাড প্রেসার চেক
- * সুগার লেবেল স্ক্রিনিং
- * প্রিভেনটিভ স্ক্রিনিং সহ বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়।

নতুন রোগীদের স্বাগতম

বাংলাদেশী অভিজ্ঞ মহিলা ডাক্তার

ডাঃ মারুফা খাতুন এম. ডি.
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)
(দীর্ঘ ১৭ বছরের প্র্যাকটিসের অভিজ্ঞতা)

সাক্ষাতের সময় সূচী:-
মঙ্গলবার: সন্ধ্যা ৬-৮টা, বুধবার: সকাল ৮-১০টা
শনি ও রবিবার: সকাল ৯টা থেকে বিকাল ৫টা

আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি

Parkchester + Medical

PARKCHESTER MEDICAL

পার্কচেস্টার মেডিক্যাল

WE WELCOME WALK INS



1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610

WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM | TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM | SATURDAY 9:00AM-3:00PM

WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.

INTERNAL MEDICINE

ASTHMA DIABETES CENTER

CARDIOLOGY

PHYSICAL THERAPY

UROLOGY

GYNECOLOGY

PODIATRY

GASTRO-ENTEROLOGY

ORTHO-PEDICS

HEALTH CARE FOR THE ENTIRE FAMILY



শারীরিক অভ্যন্তরীণ সমস্যা

শ্বাসকষ্ট, ডায়াবেটিস চিকিৎসা

হৃদরোগ

শারীরিক ব্যায়াম বা থেরাপি

মূত্র সংক্রান্ত চিকিৎসা

নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র

পায়ের চিকিৎসা

পরিপাকতন্ত্রীয় চিকিৎসা

হাড়ের চিকিৎসা

সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র

মেডিক্যাল সময়সূচী:

সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা

তাৎক্ষণিক চিকিৎসা সেবায় স্বাগতম!

মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা

শনিবার

সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা

আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপূরণ
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া



ডা. মো.
আব্দুল বাহিত
মেডিসিন বিশেষজ্ঞ



ডা. শামসি
রহমান
মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী মহিলা ডাক্তার

বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ শামসি রহমান

Ex-Attending Physician Ambulatory Care Elmhurst Hospital
মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী মহিলা ডাক্তার

ডাঃ মোঃ আব্দুল বাহিত

মেডিসিন বিশেষজ্ঞ
Diplomate of American Board of Internal Medicine
Assistant Professor of Medicine
MOUNT SINAI SCHOOL OF MEDICINE
Attending Physician (Medicine Department)
QUEENS HOSPITAL CENTER

সেবা সমূহ

- প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
- অফিসেই রক্ত, প্রস্রাব পরীক্ষা ও ইকিজির ব্যবস্থা আছে।
- ফু, হজ্জসহ অন্যান্য ভ্যাকসিন।
- জব, ফুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
- হ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
- যাদের হেলথ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।

Same Day Appointment Walk-in Welcome

জ্যাকসন হাইটস অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ৯ সকাল ১০টা থেকে বিকাল ৩:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ৯ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।

ওজনপার্ক অফিস - রোগী দেখার সময়:
মঙ্গলবার থেকে শুক্রবার ৯ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ৯ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।

বাহিত মেডিকেল কেয়ার

JACKSON HEIGHTS OFFICE:
40-37 74th Street
Elmhurst, NY 11373
Tel: 917-780-4510
Fax: 347-875-3911

OZONE PARK OFFICE:
97-47 77th Street,
Ozone Park, NY 11416
Tel : 718-307-5796
Fax : 347-875-3911

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবী দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.




SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:
718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে




Free Consultation

কেবলমাত্র কেইসেস সাফল্য লাভের পরই
আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:

- গাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়ালিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্ণ ইনজুরি
- নিমণি কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পরজনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের তুল চিকিৎসা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সত্যতা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাঙ্গিক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

**32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103**

www.surdezperetzlaw.com



Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

\$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা স্বশুভ-স্বাশুভী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও / ৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162



আপনজনদের সেবা করে
আয়ের সুবর্ণ সুযোগ নিন



ট্রান্সফার ও নতুন কেস

\$22

5 BOROUGH প্রতি ঘন্টায়

\$২১ লং আইল্যান্ড

\$১৮ ডলার বাফেলো

চলমান কেস ট্রান্সফার
করে বেশী ঘন্টা
ও সর্বোচ্চ পেমেন্ট পাবার
সুবর্ণ সুযোগ নিন

বারী হোম কেয়ার

Passion of Seniors of NY Inc.
Your Health Our Care

- নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের সিডিপেপ একটি নতুন প্রোগ্রাম এর আওতায় আপনি ঘরে বসে আপনার পরিবারের সদস্য বা প্রিয়জনের সেবা করে প্রতি সপ্তাহে আয়ের সুবর্ণ সুযোগ নিতে পারেন। এটি একটি সহজ পদ্ধতি। আমরা আপনার হয়ে সমস্ত কাজ করে আয়ের সুযোগ করে দিব।
- আপনার প্রিয়জনের সেবার সমস্ত খরচ মেডিকেইড বহন করবে। এটি সম্পূর্ণ আইনসম্মত।
- আপনজনদের আর একা থাকতে হবে না, আমরা আছি আপনাদের সেবায়।

- হোম কেয়ার সুবিধা পেতে আমরা কোন চার্জ করি না
- কেয়ারগিভাররা অবকাশ ও অসুস্থতার জন্য পেইড লিভ পেয়ে থাকেন
- আমরা মেডিকেইড /স্ন্যাপ/ফুড স্ট্যাম্প নতুন করে আবেদন এবং নবায়নের জন্য সাহায্য করে থাকি।

কাজ করার জন্য
কোন ট্রেনিং বা সার্টিফিকেটের
প্রয়োজন নাই



Asef Bari (Tutul)
C.E.O

আপনার পছন্দমত ডাক্তার রাখতে পারবেন,
ঔষধ পেতে কোন সমস্যা হবে না।

আমরা CDPAP, HHA, PCA
সার্ভিসেস প্রদান করি

Jackson Heights Office:

37-16 73rd St., 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100

Jamaica Office:

169-06 Hillside Ave,
2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163

Bronx Office:

2113 Starling Ave.
2nd FL, Suite 201
Bronx, NY 10462
Tel: 718-319-1000

Buffalo Office:

977 Sycamore St
2nd Floor,
Buffalo, NY 14212
Tel: 347-272-3973

Long Island Office:

469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901

Ozone Park Office:

33 101 Ave,
Brooklyn, NY 11208
Tel: 718-942-5554

Brooklyn Office:

509 McDoland Ave
Brooklyn, NY 11218
Tel: 347-837-4908

Buffalo Office:

59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000,
716-400-8711

আজই কল করুন 718-898-7100, 631-428-1901

Fax: 646-630-9581, info@barihomocare.com www.barihomocare.com



এসেনসিয়াল হোম কেয়ার ESSENTIAL HOME CARE

আপনি যদি অসুস্থ ও শারীরিকভাবে অক্ষম হয়ে থাকেন, তাহলে আপনি আপনার সেবার জন্য বাসায় সেবাদানকারী পেতে পারেন

সার্টিফিকেটের প্রয়োজন নেই।



CDPAP প্রোগ্রাম আপনার প্রিয়জনের বেতনভার বহন করবে।

CDPAP প্রোগ্রাম এর অধীনে সেবাদানকারী হিসেবে আপনি আপনার সন্তান, আত্মীয় স্বজন, বন্ধু বাস্তব, পাড়া প্রতিবেশী সহ আপনার পছন্দের যে কাউকে নিয়োগ দিতে পারেন।

সরকারী খরচে পছন্দের মানুষ দিয়ে আপনার সেবা গ্রহন করুন

আমরা **CDPAP** এর নতুন গ্রাহক
এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

MOHAMMAD HOSSAIN ISTIAQUE, CEO

Jamaica Office

170-10 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 917-300-6463, 516-744-7544
Fax: 517-744-7111
e-mail: essentialcareny@gmail.com

Jackson Height Office

37-18, 73 Street, Suite # 202, Jackson Heights, NY 11373
Phone: 516-744-7544, 516-605-8123
917-300-6463 Fax: 516-744-7111
e-mail: essentialcareny@gmail.com

Bronx Office

2165 Starling Ave, Bronx NY 10462
Tel: 917-970-0056
Fax: 917-970-0058
e-mail: essentialcareny@gmail.com

**OCTOBER
SPECIAL SALE
LIMITED TIME
\$790*
JFK-DHK-JFK
Round Trip**



**ESSENTIAL
TRAVEL & TOURS**

আপনার ব্যয়বহুল ভ্রমণকে
আমরা সশ্রুয়ী করি

ভ্রমণ হোক বা মেলানামুক্ত ও আরামদায়ক



**MOHAMMAD
HOSSAIN ISTIAQUE**
CEO



প্লেন টিকেট



ক্রুজ ভ্রমণ



হোটেল বুকিং



কার রেন্ট



প্লেন টিকেট



হোটেল



ক্রুজ



কার

Jamaica Office

170-10 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 917-300-6463, 516-744-7544
Fax: 517-744-7111

Jackson Height Office

37-18, 73 Street, Suite # 202, Jackson Heights, NY 11373
Phone: 516-744-7544, 516-605-8123
917-300-6463 Fax: 516-744-7111

Bronx Office

2165 Starling Ave, Bronx NY 10462
Tel: 917-970-0056
Fax: 917-970-0058

✉ essentialtravelny@gmail.com
🌐 www.essentialtravelny.com



@EssentialTravelNY



@EssentialTravelNY



@Essential_NY

PEOPLE TECH

A Global Leader in Skill Development, Job Placement & Outsourcing

If you are stuck at home during this pandemic, take advantage of the time and get certified as a software tester and earn 100k to 200k

25% - 35%

DISCOUNT

QA Selenium Automation Course

Weekend Batch Start Date:
April 11th 2020 (VA Campus)
Saturday and Sunday (9:00AM to 2:00PM)

Weekday Batch Start Date:
April 14th 2020 (VA Campus)
Tuesday and Wednesday (6:00PM to 11:00PM)

Weekend Afternoon Batch Start Date:
April 19th 2020, (NY Campus)
Saturday and Sunday (2:30PM to 7:30PM)

Provided jobs to 6000+ Students
We have 15 years of experience in Training and Job Placement.

Certified Computer Training Institute by:
New York State Education Department & Bureau of Proprietary School Supervision
State Council of Higher Education for Virginia

Authorized Employment Agency by:
NYC Department of Consumer Affairs
NYCOCA Certified

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

Turn your love into a bright future

Buying life insurance is about making sure the people who depend on you will be cared for, even if you're not around.

New York Life Insurance Company
95-25 Queens Blvd, 4th Floor
Rego Park, NY 11374
Phone: 646-270-0271
Email: mamin01@fl.newyorklife.com

Md Ruhul Amin
Agent
Phone: 646-270-0271

US TAX Bazaar Inc
Tax & Immigration Services
(ট্যাক্স এবং ইমিগ্রেশন সার্ভিসেস)

IRS e-file PROVIDER

NOTARY PUBLIC

ADMITTED TO PRACTICE BEFORE THE IRS

ENROLLED AGENT

NIZAMUL WAHED SHAHIR, EA
M.Com (Accounting)
Licensed Real Estate Associate

INDIVIDUAL & BUSINESS TAX RETURN
(প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সহজেই বোঝানোর প্রয়োজনে আমরা যত্নবান এবং আন্তরিক)
WE CAN HELP TO APPLY OR FILL-UP THE FOLLOWING APPLICATION AND FORM:

- Apply for U.S Citizenship or Passport
- Petition for Alien Relatives
- Green Card Renewal or Replacement
- Re-entry Permit Application
- Adjustment of Status
- Renew Work Authorization Card etc.

CONTACTS:
Address: 184-02 Hillside Ave
1st Fl, Jamaica, NY-11432
Cell: 347-498-5117
Tel: 917-775-6329
Fax: 716-780-8225

Please inquire with us if you need more information.
(নিরীক্ষিত পরিবেশ এবং আমাদের অফিসের আশেপাশে পার্কিং পাওয়া যায়)

New York Medical Career Training Center
Committed To Provide Medical Training

Manhattan (212) 947-4444
Queens (718) 460-4340
Long Island (516) 778-9393

Programs Offered

- Diagnostic Medical Sonographer
- Medical Assistant (RMA)
- EKG Technician
- Phlebotomy Technician
- EKG & Phlebotomy (CET & CPT)
- Medical Billing (ICD9 & CPT)
- Medical Office Administration (CMAA)
- Patient Care Technician
- Pharmacy Technician
- Dialysis Tech (Bonnet)
- Nursing Assistant (CNA)

Financial Aid Available • Licensed by NYS Ed
Nationally Accredited Institute



সিলেটের এমসি কলেজের সাবেক শিক্ষার্থীদের নিয়ে টুর্নামেন্টের আয়োজন করা হয়েছিল। ছবি : সংগৃহীত

সিলেট এমসি কলেজ অ্যালামনাইয়ের মিনি ফুটবল টুর্নামেন্ট আয়োজন

উত্তর আমেরিকা অফিস

মহামারি পেরোনো নিউইয়র্ক নগরের জ্যামাইকার কীথ উইলিয়ামস পার্কে জমে উঠেছিল সিলেটের ঐতিহ্যবাহী এমসি কলেজ এলামনাইদের পদভারে। উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গত রোববার (১৭ অক্টোবর) সম্পন্ন হয়েছে সংগঠনটির আয়োজনে ‘অ্যালামনাই কাপ সকার টুর্নামেন্ট’। বেলা ২টায় কমিটির সভাপতি সফিক উদ্দীন চৌধুরী বেলুন উড়িয়ে মিনি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন। তিনি তাঁর বক্তব্যে, খেলা পরিচালনা কমিটির সদস্যদের ভূয়সী প্রশংসা করে তাদের ধন্যবাদ জানান। বিশেষ করে এ খেলা পরিচালনার সার্বিক তত্ত্বাবধায়ক হারুন আল রশীদ মানুষকে সংগঠনের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানান।

উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন সংগঠনের সহসভাপতি সাখাওয়াত আলি, সাধারণ সম্পাদক রেজাউল করিম রেজু, সহসাধারণ সম্পাদক আর সি টিটো আহমেদ, ক্রীড়া সম্পাদক মোহাম্মদ খায়রুল ইসলাম, সাংস্কৃতিক সম্পাদক মোহাম্মদ মাহবুবুর রহমান মাহবুব, প্রচার সম্পাদক মামুনুর রশীদ শিপু, কোষাধ্যক্ষ মোহাম্মদ আকমল হোসেন খান, দপ্তর সম্পাদক আমিনুল হক চুন্নু, সদস্য বেলাল উদ্দীন, মোহাম্মদ সাহনেওয়াজ চৌধুরী, কাজী অদুদ আহমেদ, গোলাম

কিবরিয়া চৌধুরী এবং হারুন আল রশীদ মামুন।

ট্রাস্টি বোর্ডের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা এবং প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল মুকিত চৌধুরী, প্রতিষ্ঠাতা সদস্য এবং প্রাক্তন সভাপতি সুফিয়ান খান, প্রতিষ্ঠাকালীন সদস্য ইয়ামিন রশীদ, সাবেক সভাপতি বেলাল উদ্দীন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী আখতারুল ইসলাম, উত্তর আমেরিকা প্রথম আলো পত্রিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, সাবেক ছাত্রনেতা মারুফ আহমেদ, লেখক সাংবাদিক রহমান মাহবুব, প্রাক্তন ছাত্র ইফজাল আহমেদ এবং প্রাক্তন সহকারী সম্পাদক সাগর সরোয়ার, শামীম আহমেদ সিদ্দিকী সহ জনসমাজের গুরুত্বপূর্ণ লোকজন।

সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য এবং প্রাক্তন সভাপতি সুফিয়ান খান টুর্নামেন্ট উপলক্ষে নিজের পক্ষ থেকে সবাইকে ঐতিহ্যবাহী এমসি কলেজের নামাঙ্কিত টি-শার্ট প্রদান করেন। সংগঠনের পক্ষ থেকে তাঁর এ বদান্যতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।

উদ্বোধনী সভায় বক্তারা বলেন, গ্রীষ্মের শেষ সময়ে এসে এমসি কলেজ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের এমন ফুটবল টুর্নামেন্টের আয়োজন নিজেদের

মধ্যে সংযোগ বৃদ্ধিতে ভূমিকা রাখবে। মহামারি পরবর্তী সময়ে নিউইয়র্কের জনসমাজ স্বাভাবিকতায় ফিরে আসছে। এ সময়টিতে পরিবার নিয়ে এমন সম্প্রীতির আয়োজন, প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মের জন্যও অনুকরণীয় হয়ে থাকবে বলে তাঁরা বক্তৃতায় উল্লেখ করেন।

টুর্নামেন্টে মোট ৮টি দল অংশগ্রহণ করে। টিমগুলো হলো ২০১০ শিক্ষাবর্ষ-টিম ম্যানেজার, রহমান; ১৯৮৬ শিক্ষাবর্ষ, টিম ম্যানেজার হারুন আল রশীদ মামুন; ১৯৭৮ শিক্ষাবর্ষ, আব্দুল হেলাল, ২০১২ শিক্ষাবর্ষ, অমিত চৌধুরী ২০০৪ শিক্ষাবর্ষ, রিজন এবং হাসান ১৯৯১ শিক্ষাবর্ষ, অপু এবং সাকু ১৯৯৫ শিক্ষাবর্ষ, মনসুর আহমদ এবং অনজু খান ২০০৮ শিক্ষাবর্ষ।

খেলায় শিক্ষাবর্ষ ২০১২ অমিত চৌধুরী টিম ১-০ গোলে শিক্ষাবর্ষ ২০০৪ রিজন ও হাসানের টিমকে পরাজিত করে চ্যাম্পিয়নশিপ অর্জন করে। সর্বোচ্চ গোলদাতার শিরোপা লাভ করেন জিয়াউর রহমান, সেমি ফাইনালে ম্যান অব দ্যা ম্যাচ হন সুব্রত এবং রেনওয়ান, ম্যান অব দ্যা টুর্নামেন্ট হন সুব্রত এবং বেস্ট গোল কিপার হন অমর। বিপুল করতালিতে মুখরিত পরিবেশে সভাপতি, সহসভাপতি, সাধারণ সম্পাদক, কার্য পরিষদের অন্যান্য সদস্য, ট্রাস্টিরা বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী মিয়া সেল্লো। সম্প্রতি হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে যে হামলা হয়েছে, তার নিরপেক্ষ তদন্ত করার আহ্বান জানিয়েছেন জাতিসংঘের এই প্রতিনিধি।

বাংলাদেশে নিযুক্ত বিদেশি কূটনীতিকদের মধ্যে প্রথম তিনিই এ ঘটনায় প্রতিক্রিয়া দিলেন। ১৮ অক্টোবর সোমবার সন্ধ্যায় মিয়া সেল্লো টুইট করেন। এতেই তিনি সরকারের কাছে এই আহ্বান জানান। তিনি লিখেছেন,



জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী মিয়া সেল্লো।

বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর সম্প্রতি যে হামলা হয়েছে তা সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘৃণা প্রসূত বক্তব্যের ফল, যা সংবিধানের মূল্যবোধের পরিপন্থী। এই ধারা বন্ধ করা উচিত।

তাঁর ভাষায়, আমরা সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিতের আহ্বান জানানোর পাশাপাশি একটি নিরপেক্ষ তদন্তের আহ্বান জানাই সরকারের কাছে। মিয়া সেল্লো আরও লিখেছেন, বাংলাদেশে অংশগ্রহণমূলক ও সহনশীল সমাজ প্রতিষ্ঠা জোরদারের প্রচেষ্টায় যুক্ত হতে সবার প্রতি আহ্বান জানাচ্ছি আমরা।



সনদ পাওয়া স্বেচ্ছাসেবকদের সঙ্গে কণ্ঠযোদ্ধা ও একুশে পদক বিজয়ী শিল্পী রথীন্দ্রনাথ রায়। ছবি : সংগৃহীত

কনসার্ট ফর বাংলাদেশের ৫০ বছর পূর্তি উৎসবে সনদ বিতরণ

উত্তর আমেরিকা অফিস

দ্য কনসার্ট ফর বাংলাদেশের ৫০ বছর পূর্তিতে নিউইয়র্কের জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে গত ৩১ জুলাই ছিল অনবদ্য এক উৎসব। সেই অনুষ্ঠানে দেখানো হয় ঐতিহাসিক সেই কনসার্টের ওপর ভিত্তি করে নির্মিত ‘একটি দেশের জন্য গান’ প্রামাণ্যচিত্র। সেখানে স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণকারীদের মধ্যে বিতরণ করা হয়েছে সনদপত্র।

এ উপলক্ষে নিউইয়র্ক সময় গত রোববার সকালে একটি অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। শীতের আমেজে চকচকে সোনা বরা রোদ গায়ে মেখে সেই আয়োজনে যোগ দিতে এসেছিলেন কিছু সুধীজন। জ্যামাইকার ক্যাপ্টেন টিলি পার্কে অনুষ্ঠানটির আয়োজন করে ফ্রেডস অব ফ্রিডম। আর সনদপত্র তুলে দেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা ও একুশে পদক বিজয়ী খ্যাতিমান শিল্পী রথীন্দ্রনাথ রায়।

রথীন্দ্রনাথ রায় বলেন, ‘জীবন বাজী রেখে যারা মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিলেন, তারা চেয়েছিলেন

অসম্প্রদায়িক চেতনার একটি দেশ। যেদেশে সবার অধিকার হবে সমান। সেদিন মুক্তিযোদ্ধারা ব্যক্তিগতভাবে কিছু চাননি; চেয়েছিলেন দেশের স্বাধীনতা।’ তিনি আরও বলেন, ‘কেবল দেশের মানুষেরাই মুক্তিযুদ্ধে অংশ নেননি। পৃথিবী অন্য দেশের অসংখ্য মানুষ আমাদের পাশে এসে দাঁড়িয়েছিলেন তখন। বিদেশি বন্ধুদের সেই ভালোবাসা কোনো দিন ভোলায় নয়। আর এসব ইতিহাস তুলে ধরতে হবে আগামী প্রজন্মের মাঝে।’

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব অধ্যক্ষ রানা আহমেদ। তিনি বলেন, এভাবেই আমাদের নতুন প্রজন্ম জানবে বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস। জানবে মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা ও ত্যাগের কথা, জানবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবনের ইতিহাস। এমন প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ফ্রেডস অব ফ্রিডম-এর প্রধান সমন্বয়ক, লেখক ও সাংবাদিক শামীম আল আমিন।

মুক্তধারা-জিএফবি সাহিত্য পুরস্কার পাচ্ছেন সাহিত্যিক সমরেশ মজুমদার

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক বাংলা বইমেলায় ৩০ বছর পূর্তিলগ্নে বরণ্য কথাসাহিত্যিক সমরেশ মজুমদারকে মুক্তধারা/জিএফবি সাহিত্য পুরস্কার পাচ্ছেন। সাহিত্যে অনন্য কীর্তির জন্য আগামী ২৮ অক্টোবর মেলায় প্রথম দিন আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার দেওয়া হবে। মুক্তধারার নির্বাহী পরিষদের এক বৈঠকে সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত হয়।

সমরেশ মজুমদার তাঁর প্রতিক্রিয়ায় বলেন, আটলান্টিকের ওপার থেকে মুক্তধারা ফাউন্ডেশন আয়োজিত নিউইয়র্ক বাংলা বইমেলায় পক্ষ থেকে আমাকে সাহিত্য সম্মাননা জানানোর খবরে আমি আনন্দিত। বইমেলায় ৩০ বছর ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর অনুষ্ঠান সার্থক ও সুন্দর হোক। মহামারি ভীরুরা থেকে পৃথিবী মুক্ত হলে নিশ্চয়ই আপনাদের সঙ্গে আবার দেখা হবে।

নিউইয়র্কের মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে ২৮ অক্টোবর শুরু হচ্ছে ৫ দিনব্যাপী ‘নিউইয়র্ক বাংলা বইমেলা’। ৩০-তম এ বাংলা বইমেলা বাংলাদেশ ও পশ্চিম বাংলার বাইরে এটিই বৃহত্তম ও



সাহিত্যিক সমরেশ মজুমদার। ফাইল ছবি

সবচেয়ে দীর্ঘস্থায়ী বইমেলা। এর আগে মুক্তধারা সাহিত্য পুরস্কার পেয়েছেন কবি নির্মলেন্দু গুণ, বাংলা একাডেমির প্রয়াত সভাপতি শামসুজ্জামান খান, বিশ্ব সাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা আবদুল্লাহ আবু সায়ীদ, কথা সাহিত্যিক দিলারা হাশেম ও কথা সাহিত্যিক সেলিনা হোসেন। ৬ বছর

আগে নিউইয়র্ক বইমেলা এই বার্ষিক সাহিত্য পুরস্কার প্রবর্তন করে। বর্তমানে এর নাম মুক্তধারা/জিএফবি সাহিত্য পুরস্কার। মুক্তধারার অন্যতম উপদেষ্টা গোলাম ফারুক ভূঁইয়ার অর্থানুকূলে এই পুরস্কারের অর্থমূল্য ২,৫০০ মার্কিন ডলার।

৫ দিনব্যাপী নিউইয়র্ক বাংলা বই মেলা শুরু হবে ২৮ অক্টোবর, শেষ হবে ১ নভেম্বর। চলবে প্রতিদিন বিকেল ৪ টা থেকে রাত ১১টা পর্যন্ত। ২৮ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টায় উদ্বোধনী অনুষ্ঠান হবে লাগোয়ার্ডিয়া মেরিয়টে ১০২-০৫ ডিটার্স বুলেভার্ড, ইস্ট এলমস্ট্রি, নিউইয়র্ক ১১০৬৯। দ্বিতীয় দিন ২৯ অক্টোবর শুক্রবার দেশ সেরা প্রকাশনা সংস্থাগুলো পসরা সার্জিয়ে বসবের জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে। বইমেলায় যোগ দিচ্ছেন বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালেদ, বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মিনার মনসুরসহ অনেক লেখক-সাহিত্যিক ও প্রকাশকরা।

কবি সুব্রত বনিকের কবিতার বইয়ের মোড়ক উন্মোচন

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের জ্যাকসন হাইটসের একটি রেস্তোরাঁয় গত শনিবার (১৬ অক্টোবর) কবি সুব্রত বনিকের প্রথম কাব্যগ্রন্থ ‘থাকো তুমি মনে মনে প্রতিক্ষণে’ কবিতার বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে।

মুজিব বর্ষ উদযাপন পরিষদের আহ্বায়ক ও আমেরিকান বাংলাদেশ প্রেসক্লাবের প্রধান নির্বাচন কমিশনার কবি মিশুক সেলিমের সভাপতিত্বে অতিথি ছিলেন প্রখ্যাত কবি শহীদ কাদরী’র স্ত্রী কমিউনিটি অ্যাকটিভিস্ট লেখক কবি নীরা কাদরী, সাহিত্য একাডেমি নিউইয়র্ক-এর পরিচালক মোশাররফ হোসেন, গীতিকবি ও লেখক ইশতিয়াক রুপু, বাচিক শিল্পী পারভীন সুলতানা, প্রজন্ম ৭১ এর সভাপতি সাদেক শিবলীসহ অনেক গুণীজন।

পুরো অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন লেখক সাংবাদিক আবু সাঈদ রতন। কবিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ইউএস বাংলা নিউজের নির্বাহী সম্পাদক ছড়াকার খালেদ সরফুদ্দীন। নীরা



কবি সুব্রত বনিকের প্রথম কাব্যগ্রন্থ ‘থাকো তুমি মনে মনে প্রতিক্ষণে’ কবিতার বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে।

কাদরীর পরিচালনায় বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

বিশেষ বক্তা হিসাবে সাহিত্য একাডেমি’র পরিচালক মোশাররফ হোসেন কবির প্রকাশনাকে স্বাগত জানান। গীতিকার ও লেখক ইশতিয়াক

রুপু, প্রবাসে কবিতা রচনা তথা সাহিত্য চর্চায় আন্তরিকতা নিয়ে মনোনিবেশ করার জন্য কবিকে ধন্যবাদ জানান। কবি সুব্রত বনিক সকলকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানের আয়োজনে ছিল ইউএস বাংলা নিউজ নিউইয়র্ক।



জ্যাকসন হাইটসে উদীচীর প্রতিবাদ সমাবেশ

উদীচীর প্রতিবাদ সমাবেশ

উত্তর আমেরিকা অফিস

মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত বাংলাদেশে সাম্প্রদায়িকতার কোনো স্থান নেই। সারা দেশে সাম্প্রদায়িকতা উসকে দেওয়ার জন্য দায়ী ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করতে হবে। সব ধর্ম জাতিগোষ্ঠীর দেশ হিসেবে বাংলাদেশকে গড়ে তুলতে হবে। শিক্ষা সংস্কৃতিতে পশ্চদাপদতাকে প্রশ্রয় ও লালন করার মধ্য দিয়ে সমাজের যে ক্ষতি হয়েছে, তার মাশুল দিতে হচ্ছে আজকের বাংলাদেশকে। সমস্ত পশ্চাৎপদতা থেকে বেরিয়ে এসে মুক্তচিন্তার বাংলাদেশ গড়ে তুলতে হবে।

১৭ অক্টোবর সোমবার নিউইয়র্ক নগরের জ্যাকসন হাইটসে উদীচী আয়োজিত সমাবেশ থেকে এসব কথা বলা হয়েছে। বাংলাদেশে মন্দিরে হামলা এবং অগ্নিসংযোগ সৃষ্টি করাসহ

সাম্প্রদায়িক অস্থিরতার প্রতিবাদে এ সমাবেশ আহ্বান করা হয়। ডাইভার্সিটি গ্লোবাল অনুষ্ঠিত এ সমাবেশে সভাপতিত্ব করেন প্রোগ্রেসিভ ফোরামের সভাপতি খুরশেদুল ইসলাম। বক্তব্য দিয়েছেন সুব্রত বিশ্বাস, ইব্রাহীম চৌধুরী, আশিস রায়, হিরো চৌধুরী, সুলেখা রায়, সৈয়দ ফজলুর রহমান, লিলি মজুমদার, সারমীন সুলতানা, কনক কর্মকার, পুষ্পেনা বালা প্রমুখ।

উদীচী যুক্তরাষ্ট্র সংসদের নতুন আহ্বায়ক কমিটি

উদীচী শিল্পীগোষ্ঠীর যুক্তরাষ্ট্র সংসদের নতুন কমিটি গঠনের লক্ষ্যে আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গত ১০ অক্টোবর কেন্দ্রীয় কমিটির সহসভাপতি ও বৈদেশিক বিভাগের আহ্বায়ক ডা. রফিকুল হাসান জিন্নাহর সভাপতিত্বে এক

সভা অনুষ্ঠিত হয়। সভায় কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক জমসেদ আনোয়ার ভূপন, সাংগঠনিক সম্পাদক কবন নাগ এবং উত্তর আমেরিকার দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় কমিটির সদস্য ও বৈদেশিক বিভাগের যুগ্ম আহ্বায়ক আজিজুল মালিকের পরিচালনায় উদীচী যুক্তরাষ্ট্র সংসদের সাধারণ সদস্যদের উপস্থিতিতে ভার্চুয়াল যোগাযোগের মাধ্যমে ১১ সদস্য বিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

১১ সদস্য বিশিষ্ট কমিটির মধ্যে রয়েছেন আহ্বায়ক আব্দুল্লাহ চৌধুরী, যুগ্ম আহ্বায়ক আলীম উদ্দীন এবং সৈয়দ উভাব। সদস্যরা হলেন, সুব্রত বিশ্বাস, কাশেম আলী, সুলেখা রায়, হাফিজুল হক চৌধুরী, হিরো চৌধুরী, চিকিৎসক শুব্র, গোলাম মর্তজা, জাকির হোসেন বাচ্চু, মোহিত আচার্য্য এবং সুকান্ত হুর।

হাতের মুঠোয় পুরো পত্রিকা সব সময় সবখানে

প্রথম আলো

ই পেপার

সাবস্কাইব করুন

www.eprothomalo.com

LET’S MAKE ‘BANGLADESH FILM INDUSTRY’ THE THIRD LARGEST ONE IN USA
TO DO THIS, EVERY BANGLADESHI FILM RELEASING IN USA IS IMPORTANT

A ‘MASUD HASAN UJJAL’ FILM

উলপঙ্কশ বাতাস

Winner
FIPRESCI
INTERNATIONAL
CRITICS PRIZE
DHAKA INT FILM FESTIVAL
2021

Winner
BEST DIRECTOR
RAINBOW
FILM FESTIVAL
LONDON
2021

releasing
19 NOVEMBER 2021
in
NYC, LOS ANGELES, DALLAS, AUSTIN, HOUSTON,
WEST PALM BEACH, NORTH MIAMI, FAIRFAX

STARRING: IMTIAZ BARSHON, SHARLIN FARZANA
PRESENTED BY ASIF HANIF
EXECUTIVE PRODUCER: SYEDA SHAWON

Red October
Films

SWAPNA SCARECROW

on the screens of

AMC THEATRES REGAL CINEMARK SHOWCASE CINEMAS



আমেরিকা প্রবাসীদের বিনিয়োগে সিলেটে নতুন একটি বিদ্যুৎ উৎপাদন প্ল্যান্ট গড়ে উঠছে। ছবি : সংগৃহীত

আমেরিকান প্রবাসীদের বিনিয়োগে সিলেটে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র

উত্তর আমেরিকা অফিস

আমেরিকা প্রবাসীদের বিনিয়োগে সিলেটে হতে যাচ্ছে নতুন একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। আমেরিকায় বসবাসরত বাংলাদেশিদের বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান আমেরিকান লিবার্টি পাওয়ার বিডি লিমিটেড সিলেটের ফেঞ্চগঞ্জ এলাকায় গড়ে তুলবে নতুন এ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। প্রায় সাড়ে ৪০০ কোটি টাকা ব্যয়ে সিলেটের ফেঞ্চগঞ্জে স্থাপিত এই বিদ্যুৎকেন্দ্রটি আগামী বছরের শেষ নাগাদ উৎপাদনে আসবে বলে জানান উদ্যোক্তারা।

নতুন বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস সরবরাহ করবে সিলেট জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন সেন্টার।

গত বৃহস্পতিবার (১৪ অক্টোবর) সিলেটের জালালাবাদ গ্যাস অফিসে এ সম্পর্কিত আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের যাত্রা শুরু হলো। ১৩টি প্রতিষ্ঠানকে পেছনে ফেলে নতুন এই বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরি টেন্ডার পেয়েছে যুক্তরাষ্ট্রের বাংলাদেশিদের নিয়ে গড়া লিবার্টি প্ল্যান্ট বিডি। সর্বোচ্চ পরিমাণ বিদ্যুৎ উৎপাদনের জন্য এই পাওয়ার প্ল্যান্টের যাত্রাকে মাইলফলক হিসেবেই দেখছেন সংশ্লিষ্টরা।

বৃহস্পতিবার দুপুরে জালালাবাদ গ্যাসের কনফারেন্স রুমে চুক্তি স্বাক্ষর করেন জালালাবাদ গ্যাসের পক্ষে কোম্পানি সচিব মো. শহিদুল ইসলাম ও আমেরিকান লিবার্টি পাওয়ার বিডি লিমিটেডের চেয়ারম্যান মো. এনামুল হক। শতভাগ প্রবাসী বিনিয়োগের মাধ্যমে

নতুন বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে বলে জানানো হয়। এই বিদ্যুৎ প্রকল্পে সিলেটে শিক্ষিত বেকার তরুণদের কর্মসংস্থান হবে বলে আশা প্রকাশ করেন উদ্যোক্তারা।

চুক্তি স্বাক্ষর উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- জালালাবাদ গ্যাসের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মো. শোয়েব আহমেদ মতিন, মহা-ব্যবস্থাপক (পেরিকল্পনা) প্রকৌশলী জসিম উদ্দিন আহমদ, প্রকৌশলী মঞ্জুর আহমদ চৌধুরী, প্রকৌশলী এবিএম শরীফ, আবু ইউসুফ মিয়া প্রমুখ।

আমেরিকান লিবার্টি পাওয়ার বিডি লিমিটেডের পক্ষে উপস্থিত ছিলেন- ব্যবস্থাপনা পরিচালক কাওসার জে চৌধুরী, ডিএমডি আবু সউদ মো. আরাকাত, ভাইস চেয়ারম্যান আবুল হোসেন, ফাইন্যান্স ডিরেক্টর শরিফ আহমদ লস্কর ও সাইদ আহমেদ আইটি ডিরেক্টর সহ দুই প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তারা।

গৃহঋণের কিস্তি পরিশোধের মেয়াদ শেষ হচ্ছে

রহমান মাহবুব

মহামারির কারণে স্থগিত থাকা গৃহঋণের কিস্তি পরিশোধের মেয়াদ শেষ হচ্ছে। ‘ফোরবেয়ারেন্স’ নামের কর্মসূচিতে মহামারির সময়ে আমেরিকার বাড়ির মালিকদের গৃহঋণের কিস্তি না দেওয়ার কিস্তি প্রদান স্থগিত রাখার সুযোগ দেওয়া হয়। এ সুযোগ গ্রহণের ফলে ঋণের কিস্তি না দেওয়া ফলেও গৃহ ঋণ হালনাগাদ থেকেছে।

পরিস্থিতি ক্রমশ স্বাভাবিক হওয়ার সঙ্গে সঙ্গে গৃহ ঋণ দেওয়া ব্যাংকগুলো নিয়মিত কিস্তি পরিশোধের নিয়মে চলে যাচ্ছে। ফলে আমেরিকার লাখো বাড়ির মালিককে বিপাকে পড়তে হচ্ছে। নিয়মিত কাজে কর্মে ফিরে গেলেও জনগণের উল্লেখযোগ্য অংশের এখনো স্বাভাবিক কর্মপরিবেশে ফিরে যাওয়া হয়নি। এর মধ্যে সংখ্যালঘু অভিবাসীদের সংখ্যা বেশি বলে বিভিন্ন ঋণদাতা প্রতিষ্ঠানের প্রকাশিত তথ্যে জানা গেছে।

মহামারির শুরুতেই আইন করে গৃহঋণের কিস্তি পরিশোধ স্থগিত রাখার জন্য বাড়ির মালিকদের আবেদনের সুযোগ প্রদান করা হয়। গৃহঋণের কিস্তির সঙ্গে মূল ঋণের অর্থ মেয়াদের শেষ যোগ করার সুযোগ দেওয়া হয়। এ সুযোগ তিন মাস করে সর্বমোট ১৮ মাসের জন্য বর্ধিত করা হয়। এমন কিস্তি স্থগিত করার সুযোগ গ্রহণ করা ৮০ শতাংশ আমেরিকার বাড়ির মালিকেরা এর মধ্যেই মাসিক কিস্তি পরিশোধের নিয়মে ফিরে গেছে। অল্প ও মধ্য আয়ের ২০ শতাংশ লোকজন এখনো ঋণ স্থগিত কর্মসূচির মধ্যে রয়েছে। এদের কাছে এর মধ্যেই ব্যাংক থেকে চিঠি আসতে শুরু করেছে।

যারা গৃহ ঋণের চুক্তি স্থগিত কর্মসূচিতে রয়েছেন, তাদের



অধিকাংশই ঋেতাঙ্গ নয় এমন জনগোষ্ঠী। রুকিং ইনস্টিটিউশনের প্রকাশিত এক তথ্যপত্রে বলা হয়েছে, স্থগিত কর্মসূচিতে এখনো বহাল থাকা লোকজনকে ব্যাংকগুলো ঋণ পুনর্বিন্যাসের সুযোগ প্রদান করছে। এসব লোকজনের সীমিত আয় এবং সাধারণত ক্রেডিট স্কোর খুব ভালো না হওয়ায় তাদের পক্ষে সহজেই ঋণ পাওয়া সম্ভব হয় না। গৃহঋণের খাতে মার্কিন ফেডারেল অর্থ প্রতিষ্ঠান প্রথমবারের মতো বাড়ি ক্রেতা সহ অন্যান্যদের বিভিন্ন ব্যাংকের মাধ্যমে ঋণ প্রদান করে থাকে। এসব লোকজনের অর্থনৈতিক পরিস্থিতি স্বাভাবিকের দিকে না গেলে তারা ঋণ পুনর্বিন্যাসের সুযোগ পাবে। আরেক দফা কিস্তি স্থগিতের মেয়াদ ডিসেম্বর পর্যন্ত বাড়ানোর সুযোগও দিচ্ছে বিভিন্ন ঋণদাতা প্রতিষ্ঠান।

ফিলাডেলফিয়া ফেডারেল রিজার্ভ ব্যাংকের দেনা তথ্য মতে গৃহঋণের কিস্তি প্রদানে হিমশিম খাওয়া লোকজনের মধ্যে কৃষাঙ্গ ও হিস্পানিক লোকজনের সংখ্যা বেশি। অন্যদের চেয়ে এসব লোকজন গৃহঋণ পরিশোধে ৩০ শতাংশ পিছিয়ে বলে ফেডারেল রিজার্ভ ব্যাংকের

দেওয়া তথ্যে দেখা গেছে। মার্কিন সমাজ জীবনে বাড়ির মালিক হওয়ার ক্ষেত্রেও বৈষম্য রয়েছে বলে নাগরিক আন্দোলনের পক্ষ থেকে অভিযোগ জানানো হচ্ছিল। গৃহঋণের কিস্তি পরিশোধ নিয়ে প্রকাশিত তথ্য এ বৈষম্যকে আবারও প্রকাশ্য করেছে বলে বলা হচ্ছে।

ফেডারেল ব্যাংকের দেওয়া তথ্যে জানা গেছে মহামারির সময়ে প্রায় ৭৬ লাখ আমেরিকার বাড়ির মালিক গৃহ ঋণের কিস্তি স্থগিতের সুযোগ গ্রহণ করেছে। এর মধ্যেই অর্ধেক গৃহ ঋণী ফেডারেল ঋণ ব্যবস্থার তত্ত্বাবধানে পরিচালিত বলে জানা যায়।

মহামারির পর আমেরিকার বাড়ির মূল্য বাড়ছে। যারা গৃহ ঋণ পরিশোধ করতে অক্ষম, তাদের বাড়ি বিক্রি করে ঋণ পরিশোধের পরামর্শও দেওয়া হচ্ছে। বাড়ির বিক্রয় মূল্য এখন মহামারির আগের ক্রয়মূল্যের চেয়ে অন্তত ২০ শতাংশ বেশি। ডিসেম্বর পর্যন্ত গৃহ ঋণের কিস্তি স্থগিত করার মেয়াদ চূড়ান্তভাবে শেষ হয়ে গেলে কিস্তি প্রদানে অক্ষম লোকজন কীভাবে পরিস্থিতি মোকাবিলা করবে, এ নিয়ে নজর রাখছে ঋণদাতা প্রতিষ্ঠানগুলো।

মার্কিন ডলারের দাম বাড়ছে

বিশেষ প্রতিনিধি

বৈদেশিক মুদ্রা হ্রাস ও আমদানি ব্যয় বেড়ে যাওয়ায় বাংলাদেশের বাজারে ডলারের দাম বাড়ছে। চাহিদা বেড়ে যাওয়ায় গত কয়েক মাসে আন্তঃব্যাংক

মুদ্রাবাজারে প্রতি ডলারের মূল্য ৮৫ টাকা ৬৫ পয়সায় উঠেছে। আগস্টের প্রথম সপ্তাহ পর্যন্ত প্রতি ডলার বিক্রি হচ্ছিল ৮০ টাকা ৮০ পয়সা। টাকার অবমূল্যায়ন ঠেকাতে কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভ ডলার বিক্রি বাড়িয়েছে। ইতিমধ্যেই গত দুই

মাসে ১০১ কোটি ডলার বিক্রি করেছে বাংলাদেশ ব্যাংক। খোলাবাজারে ডলারের মূল্য আরও বেশি, যা প্রতি ডলার ৮৮ টাকার বেশি।

ডলারের মূল্য বৃদ্ধির উল্লেখযোগ্য দিক হলো, করোনার কারণে অনেক আমদানি বিল যে বিলম্বে পরিশোধের সুযোগ দেওয়া হয়েছিল, এতে একসঙ্গে অনেক আমদানি বিল পরিশোধ করতে হচ্ছে। অন্যদিকে রপ্তানি যা হচ্ছে, তার আয় প্রত্যাবাসনে বাড়তি সময় দেওয়া আছে। এসব কারণে ডলারের ওপর চাপ পড়েছে। পণ্য ও পরিবহন খরচ বেড়ে যাওয়ায় ডলারের মূল্যবৃদ্ধি শিগগিরই কমবে না বলে মনে করা হচ্ছে।

টাকার মতো ছিল।

ডলারের চাহিদা থাকা শীর্ষ ব্যাংকগুলোর মধ্যে অগ্রণী, রূপালী ও জনতা অন্যতম। ব্যাংকগুলো বলেন, একই পণ্য আনতে এখন দ্বিগুণ ব্যয় করতে হচ্ছে। পরিবহন ব্যয়ও বেড়ে গেছে। তবে সে তুলনায় রপ্তানি বাড়ছে না, প্রবাসী আয়ও কমতির দিকে। এ জন্য ডলারের দাম বাড়ছে।

ডলারের দামের মূল্য বৃদ্ধি ঠেকাতে গত আগস্ট থেকে বিক্রি শুরু করে বাংলাদেশ ব্যাংক। গত সপ্তাহের বুধবার পর্যন্ত ব্যাংকগুলোর কাছে কেন্দ্রীয় ব্যাংক ১১০ কোটি টাকা ডলার বিক্রি করে। অথচ কেন্দ্রীয় ব্যাংক ২০২০-২১ অর্থবছরেই



বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, দীর্ঘদিন ধরে আন্তঃব্যাংক মুদ্রাবাজারে ডলারের মূল্য ৮৪ টাকা ৮০ পয়সায় অপরিবর্তিত ছিল। তবে ৩ আগস্ট থেকে তা বাড়তে বাড়তে সর্বশেষ উঠেছে ৮৫ টাকা ৬৫ পয়সায়। এর মানে আন্তঃব্যাংকে এ কয়েক দিনে প্রতি ডলারে ৮৫ পয়সা বেড়েছে। আন্তঃব্যাংকের পাশাপাশি আমদানি, রপ্তানি, রেমিট্যান্স ও নগদ ডলারের মূল্যও বেড়েছে। ডলারের মূল্য বৃদ্ধির এ প্রবণতা রপ্তানিকারক ও রেমিটারদের জন্য খুশির খবর।

বিশ্বব্যাপী করোনা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হওয়ায় ভ্রমণে বের হওয়ার প্রবণতা বেড়েছে। যে কারণে নগদ ডলারের দর ৮৯ থেকে ৯০ টাকা পর্যন্ত উঠেছে। মানি চেঞ্জারেও এ মূল্যে কেনাবেচা হচ্ছে। কিছুদিন আগেও যা ৮৭

ব্যাংকগুলো থেকে ৭৯৩ কোটি ডলার কিনেছিল। সব মিলিয়ে কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভে টান পড়ছে। গত বুধবার রিজার্ভ কমে দাঁড়িয়েছে ৪ হাজার ৬০৮ কোটি ডলারে। গত সেপ্টেম্বর শেষেও রিজার্ভ ছিল ৪ হাজার ৬২২ কোটি ডলার।

প্রাপ্ত তথ্য মতে, চলতি অর্থবছরের প্রথম দুই মাসে আমদানিতে ব্যয় হয় ১ হাজার ১৭২ কোটি ডলার। আগের বছরের একই সময়ের তুলনায় যা প্রায় ৪৬ শতাংশ বেশি। অথচ প্রথম ২ মাসে রপ্তানি কমে ০.৩১ শতাংশ। অবশ্য সেপ্টেম্বরে রপ্তানিতে প্রায় ৩৮ শতাংশ প্রবৃদ্ধির পর প্রথম ৩ মাস বিবেচনায় রপ্তানি ১১.৩৭ শতাংশ বেড়েছে। আর সেপ্টেম্বর পর্যন্ত রেমিট্যান্স এসেছে ৫৪০ কোটি ডলার। আগের অর্থবছরের প্রথম ৩ মাসের তুলনায় যা ১৯.৪৫ শতাংশ কম।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়

পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরয়েড
- এজমা
- বাতের ব্যাধা
- বৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment

At# 917-503-5002

ডাঃ উৎপল চৌধুরী

Jamaica office

167-02 Highland Ave, 1st Floor, Jamaica, NY 11432

Phone: (718) 297-4444 & (917) 503-5006

Fax: (718) 297-4443& (917) 503-5005

Office Hours:

Monday & Thursday, 5pm-9pm

Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office

40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373

Phone: (917) 503-5002 & (718) 533-0002

Fax: (917) 503-5004 & (718) 533-0005

Office Hours:

Monday, Tuesday Thursday 9am-3pm

Wednesday & Friday 5pm-9pm

Sunday: Lab. Work only. 9am-1pm

আমরা প্রায় সব ধরনের ইন্স্যুরেন্স নিয়ে থাকি

যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের ত্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

২ হাজার মৃতদেহ বহন

শেষ পৃষ্ঠার পর

চায়ে চুমুক দিতে দিতেই আলাপ শুরু হয় মতি মিয়ার সঙ্গে।

৬৩ বছর বয়সী মতি মিয়ার বাড়ি রংপুরে। রাজশাহী শহরে এসেছিলেন রিকশা চালাতে। বাগমারার জোবেদা খাতুনের সঙ্গে বিয়ে হয় একসময়। মতি মিয়া চলে আসেন বাগমারায়। তাঁর স্বশুর ফয়েজ উদ্দিনের কাজ ছিল মৃতদেহ বহনের। ১৯৮৮ সালে স্বশুরের সে কাজ শুরু করেন মতি মিয়া। তারপর টানা ৩০ বছর ভ্যানগাড়িতে বহন করেছেন মৃতদেহ। ২০২০ সাল থেকে রাজশাহী পুলিশ সুপারের উদ্যোগে মৃতদেহ বহনের উদ্যোগ শুরু হয়েছে।

মতি মিয়ার সঙ্গে কথা বলতে বলতেই তাঁর বাড়ির সামনে যাই। এক কোণে চোখে পড়ে একটি ভ্যানগাড়ি। বলা ভালো, প্যানগাড়ির কাঠামো। ভ্যানগাড়ির কাঠের পাটানটুকু নেই, লোহার কাঠামোতেও পড়েছে মরিচা। ভাঙাচোরা ভ্যানগাড়ির নিচের অংশে এখনো শক্ত করে বাঁধা আছে একটি ভাঙা হারিকেন। কত অন্ধকার রাতই না এই হারিকেন মতি মিয়াকে পথ চিনিয়েছে।

এই গাড়ির সঙ্গেই জড়িয়ে মতি মিয়ার ৩০ বছরের স্মৃতি। গাড়িটি ছিল তাঁর জীবিকার মাধ্যম। তাই তো এখনো রেখে দিয়েছেন স্মৃতি হিসেবে। মতি মিয়া বলেন, ‘কাজ ছেড়ে দিয়েছি তিন বছর হলো। লাশের সঙ্গে কত রাত যে কাটাতে হয়েছে, সব মনে পড়ে। এখনো নাকে লাশের গন্ধ পাই।’ তিনি জানান, প্রায় দুই হাজার মৃতদেহ বহন করেছেন এই ভ্যানগাড়িতে।

মৃতের সংখ্যার হিসাব বলেই মতি মিয়া যোগ করেন, ‘বাগমারা এক সময় সম্রাসী জনপদ হিসেবে পরিচিত পেয়েছিল। এখানে প্রায়ই খুনখারাপির ঘটনা ঘটত। আত্মহত্যা ছাড়াও অপমৃত্যুর ঘটনা ছিল প্রচুর। এসব লাশের ময়নাতদন্তের জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ফরেনসিক বিভাগে নিয়ে যেতে হতো আমাকে।’

মতি মিয়ার অনেক রাত কেটেছে তাঁর মৃতদেহের পাশে। যখন হাসপাতালে পৌঁছাতে দেরি হতো, সম্ভব হতো না ময়নাতদন্তের, নিরুপায় মতি মিয়া লাশের পাশে রাত কাটিয়েছেন। তিনি বলেন, ‘শুরুর দিকে ভয় পেলেও পরে সে ভয় ভেঙে যায়।’

মৃতদেহ বহনের কাজটি শুধু পেশা হিসেবে নয়, মতি মিয়া এর মাধ্যমে সেবাও করেছেন। অনেক সময় বিনা পয়সায় মৃতদেহ বহন করে মর্গে নিয়ে গেছেন, পৌঁছে দিয়েছেন বাড়িতে। দরিদ্র আর পরিচিতদের মৃতদেহ বহনের অর্থ নিতেন না। এমন অনেক উদাহরণ পাওয়া যায়, মতি মিয়াকে যারা কাছ থেকে দেখেছেন তাঁদের মুখে। বাগমারা থানায় দুবার ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করা র্যাবের অবসরপ্রাপ্ত জ্যেষ্ঠ সহকারী পুলিশ সুপার মির্জা গোলাম সারোয়ার তাঁর সম্পর্কে বলাছিলেন, ‘মতি মিয়া ছিলেন বলেই ময়নাতদন্তের জন্য ফরেনসিক বিভাগে লাশ পাঠাতে কোনো চিন্তা করতে হতো না। স্থানীয় জনপ্রতিনিধি বা লাশের অভিভাবকরা যা দিতেন, তা-ই নিতেন। অনেক সময় বেওয়ারিশ ও দরিদ্র মানুষের মৃতদেহ বহনের জন্য কোনো টাকা নিতেন না।’

ডেলিভারি ম্যান আবশ্যক

নিউইয়র্কের পাঁচ বোরোতে নিউজ পেপার ডেলিভারি দেওয়ার জন্য গাড়িসহ দুজন ডেলিভারি ম্যান আবশ্যক। ফোন 518-253-0966

বাসা ভাড়া

দুটো রুমসহ কিচেন, টয়লেট সম্পূর্ণ পৃথক ১ তালা ভাড়া দেওয়া হবে। Melville, Long Island, Newyork. Half hollow Hills school district. যোগাযোগ : 929-328-5042

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটস সংলগ্ন নর্দান বুলেভার্ড ও ৮০ স্ট্রিটে প্রাইভেট বাসার বেসমেন্ট (২ বেডরুম,লিভিং রুম, ডাইনিং, কিচেনসহ) ১ আগস্ট থেকে ভাড়া হবে। ছোট পরিবারকে অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৬-৬৮৭৩

রুমমেট চাই

Jamaica 148 Street 88 Aveতে মনোরম পরিবেশে এপার্টমেন্টে ২ জন অধুমপায়ী নামাজী ব্যাচেলর রুমমেট আবশ্যক। এখন সম্পূর্ণ খালি আছে। লোকেশন : তাজমহল রেষ্টুরেন্ট/ কাওরান বাজার এর অপজিটে। এক ব্লকের মধ্যেই F Train. ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগ : 347-553-4830

পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email : drmah007@gmail.com, ফোন : ৫৭১-৪৮৯-৯০১৩

পাত্র চাই

আমেরিকান নাগরিক, চাকুরীরতা B.S in applied mathematics (UMD), MS in Project Management (UMD) এবং বর্তমানে MBA পাঠরত।(UMD) ধার্মিক মেয়ের জন্য সমমানের শিক্ষিতা মুসলিম পাত্র চাই। অনুগ্রহ পূর্বক ছবি ও বায়োডাটাসহ যোগাযোগ করুন : nazir.ullah@longand-foster.com

Partners and Investor আবশ্যক

Pennsylvania এর York শহরে একটি Solar এবং Garments Factory জন্য Part-ners and Investor আবশ্যক। গ্রীনকার্ড এর সুবিধা আছে।

যোগাযোগ

202-683-5854

202-397-3419



ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে নিউইয়র্কের ব্রঙ্কসে উদ্‌যাপিত হয়েছে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। ছবি : উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের ব্রঙ্কসে পবিত্র ঈদে

শেষ পৃষ্ঠার পর

প্রধান অতিথি বাংলাদেশ আঞ্জমানে আল ইসলামহর সভাপতি বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ আল্লামা হুসামুদ্দিন চৌধুরী ফুলতলি। মাহফিলে নবীজি (সা.)-এর জীবন ও কর্মের ওপর আলোচনায় আরও অংশ নেন বিশিষ্ট ইসলামিক শিক্ষাবিদ আবদুল হাকিম আজাদি, মইনুল ইসলাম, শেখ রাবিহ ওসমান, অধ্যাপক মুখলেসুর রহমান প্রমুখ।

মাহফিলে শ্রেষ্ঠ নবী হজরত মুহাম্মদ (সা.)-এর জীবন ও কর্মের ওপর রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি হুসামুদ্দিন চৌধুরী ফুলতলি। শুরুতে প্রতিযোগীরা পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন। কিরাত পেশ করেন হাফিজ ওমর ফারুক ও আবদুল আসিফ। নাত পেশ করেন অ্যাটর্নি মঈন চৌধুরী ও মাহমুদ নূর।

অনুষ্ঠান সহযোগিতায় ছিলেন বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, রাজনীতিক আবদুর রহিম বাদশা, উদ্যাপন কমিটির কোষাধ্যক্ষ এ ইসলাম মামুন, মমতাজ উদ্দিন প্রমুখ। উদযাপন কমিটির আস্থায়িক আবুল কাশেম মোহাম্মদ ইয়াহইয়া এবং সদস্যসচিব হাফিজ মাওলানা ওয়াহি আহমেদ চৌধুরী অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য সবাইকে বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

বাসা ভাড়া

বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্কে জ্যামাইকায় ১৭৩ স্ট্রিট ও হিলসাইড এভিনিউতে ৩ বেডরুম ও ২১/২ বাথরুমের একটি ডুপ্লেক্স ফ্ল্যাট ১লা জুন বা জুলাই থেকে ভাড়া দেওয়া হবে। ভাড়া মাসিক ২৫০০ (বিদ্যুৎ, গ্যাস ও হিটিং বিল ছাড়া) কোন গাড়ি পার্কিং নেই। যোগাযোগ : 347-684-2169, 347-289-7512

রুম ভাড়া

জ্যাকসন হাইটস আপনা বাজারের সামনে এ্যাপার্টমেন্ট বিল্ডিং এ মা মেয়ে সাথের একজন ছাত্রী অথবা কর্মজীবি মহিলার কাছে একটি রুম ভাড়া দেওয়া হবে। কিনেে ও বাথরুম শেয়ার করতে হবে। যোগাযোগ : 347-237-3171

পাত্রী চাই

সুপ্রতিষ্ঠিত পেশায় ইঞ্জিনিয়ার গ্রীনকার্ড হোল্ডার USA থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত ৫.৭’ ৩৩ বছর বয়সী পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ : 732-595-2602

লোক আবশ্যক

উডসাইডের একটি বাংলাদেশী রেস্টোরাঁয় তাত্ক্ষণিক নিয়োগের জন্য লোক আবশ্যক। Positions Open :Kitchen helper, Customer service,Cleaner (রান্নাঘরের সাহায্যকারী, গ্রাহক সেবা, পরিষ্কারক) Pls contact : 1 (917) 578-1798

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন। যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

Housekeeper wanted

Looking for a middle age or widowed woman housekeeper. Who will stay full time with the family and help with day to day household work. Help with cooking, cleaning, cutting food, laundry, wash dishes, clothes, help elderly mother etc. Living and food is free. Monthly salary is negotiable.

Contact: Liza (734-578-3760) Canton City, Michigan.

গৃহকর্মী আবশ্যক

মিশিগানে বাংলাদেশী একটি পরিবারে ঘরের কাজের জন্য কর্মী আবশ্যক। মধ্যবয়সের বা বিধবা মহিলা কর্মী খোঁজা হচ্ছে। কাজের মধ্যে রান্নাঘরে কাটাকুটির কাজ, রান্না করা, কাপড় লন্ড্রি করা, ইঞ্জি করা, ঘরের অন্যান্য নিয়মিত কাজে সাহায্য করাসহ পরিবারের সাথে বসবাসরত শাশুড়িকে দেখাশোনা করার কাজ করতে হবে। কাজিক্ষিত গৃহ সহকর্মী পরিবারের সাথে সব সময় থাকতে হবে। থাকা ও খাওয়া দাওয়া ফ্রি। মাসিক বেতন আলোচনা সাপেক্ষে।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন :

লিজা, ক্যান্টন সিটি, মিশিগান। ফোন : (734-578-3760)

সুরেন্দ্র কুমার সিনহার বিরুদ্ধে

শেষ পৃষ্ঠার পর

জন্য ২১ অক্টোবর ধার্য করেন। আজ রায় ঘোষণার জন্য আবার নতুন তারিখ দিলেন ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক শেখ নাজমুল আলম।

মামলার অপর আসামিরা হলেন—তৎকালীন ফারমার্স ব্যাংকের নিরীক্ষা কমিটির সাবেক চেয়ারম্যান মাহবুবুল হক চিশতি, ফারমার্স ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও সাবেক ক্রেডিটপ্রধান গাজী সালাহউদ্দিন, সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) এ কে এম শামীম, সাবেক ফাস্ট ভাইস প্রেসিডেন্ট স্বপন কুমার রায়, ভাইস প্রেসিডেন্ট লুৎফুল হক, গুলশান শাখার ফাস্ট ভাইস প্রেসিডেন্ট সফিউদ্দিন আসকারী, এস কে সিনহার কথিত পিএস রণজিৎ চন্দ্র সাহা, রণজিতের স্ত্রী সান্ত্বী রায়, টাঙ্গাইলের মো. শাহজাহান ও নিরঞ্জন চন্দ্র সাহা।

মামলায় চার আসামি পলাতক। তাঁরা হলেন এস কে সিনহা, সফিউদ্দিন আসকারী, রণজিৎ চন্দ্র সাহা ও সান্ত্বী রায়।

মীর আহমেদ আলী সালাম জানান, এই মামলায় দুদকের পক্ষ থেকে ২১ সাক্ষীকে আদালতে হাজির করা হয়। গত ২৪ আগস্ট মামলার সাক্ষ্য গ্রহণ শেষ হয়।

২০১৯ সালের ৯ ডিসেম্বর এস কে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র জমা দেয় দুদক। গত বছরের ১৩ আগস্ট এস কে সিনহাসহ ১১ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করেন আদালত।

সিটি কাউন্সিল নির্বাচনে প্রার্থী

শেষ পৃষ্ঠার পর

জন্য একই রকম সুযোগ-সুবিধা সৃষ্টি করবেন। সিটির আর্থিক অপচয়ের বিরুদ্ধে সোচ্চার কণ্ঠে তিনি ট্যাক্স হ্রাসের বিষয়ে কাজ করবেন। বৈষম্যমূলক পার্কিং আইন নিয়ে কাজ করবেন, যাতে হাইলান্ড অ্যাভিনিউ পার্শ্ববর্তী ফ্রেশমেডোর মতো এলাকা ‘নো পার্কিং’ থেকে মুক্ত হয়।

মুজিব রহমান বলেছেন, তিনি এলাকার, বিশেষ করে ক্ষুদ্র ও কমিউনিটি ব্যবসার ওপর সিটির টিকিট খড়োর বিরুদ্ধে লড়বেন।

নিউইয়র্কে বাংলাদেশি জনসমাজের পরিচিত মুখ মুজিব রহমান সিটি ইউনিভার্সিটি থেকে স্নাতক করেছেন। তাঁর সমর্থকেরা বলছেন, মুজিব রহমান একজন পরীক্ষিত সমাজ সেবক। তিনি সব সময়ই সিটির বাসিন্দাদের পাশে থাকার মতো একজন নাগরিক সংগঠক।

উল্লেখ্য, আগামী ২ নভেম্বর মঙ্গলবার সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত কেন্দ্রে ভোট গ্রহণ করা হবে। ২৩ অক্টোবর শনিবার থেকে আগাম ভোট শুরু হবে।

বাসা ভাড়া

১ম তলা ২ বেড রুম এবং ২য় তলা ৩ বেড রুম ব্রুকলিন, সাটার এভিনিউ কর্নার ফাউন্টেন এভিনিউ। বড় ড্রয়িং রুম। এ এবং সি ট্রেন, জুনিয়র স্কুল, পোস্ট অফিসের কাছে। নভেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ : খলিল-৯১৭-৬৪২-৯৭২৯

বাসা ভাড়া দেওয়া হবে

বেডরুম ৩, বড় একটি লিভিং রুম, বাথরুম, কিচেনটি খুব বড় ও শেয়ার হবে। 148-09-86 Ave 2nd floor, Jamaican Hillside. মসজিদ, মাদ্রাসা, বাস স্ট্যান্ড, F ট্রেন সাবওয়ে সব কিছু অতি নিকটে। যোগাযোগ : 929-328-5042

পাত্রী সন্ধান

দেশে ও প্রবাসে প্রতিষ্ঠিত পাত্রের জন্য পাত্রী (৩৫+, ৫’৪”, শুভ্রী) আবশ্যক। ডাক্তার অথবা কলেজ গ্রেজুয়েট এবং সনাতন সংস্কৃতি চর্চার অভিজ্ঞতা থাকা আবশ্যক। বায়োডাটা, রফারেন্স (আত্মীয়/ অনাত্মীয়) এবং ছবি সহ যোগাযোগ করুন : email - ghoshsc@aol.com

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter’s Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

পাত্রী চাই

সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫’’৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ : 732-595-2602 Email : kanalyst2020@gmail.com

পাত্রী চাই

কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা -কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। যোগাযোগ- 13475538417

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি :সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

নিউইয়র্কে রিয়েল এস্টেট ব্যবসায় বিশ্বস্ত নাম আসিফ চৌধুরী
লাইসেন্সড রিয়েলেটর
(ডিজিটাল কার্ডের জন্য ৮৫৩৭৭ নাম্বারে টেক্সট করুন)

যোগাযোগ : ৯১৭-৭৪১- ৫৩০৮ (সেল)
অফিস : ৭১৮- ২৬২- ০২০৫
ফ্যাক্স : ৭১৮-২৬২- ০২৫৪
ইমেইল : ashif.choudhury@gmail.com

EXIT
EXIT REALTY PRIME

১৮৯-১০ হিলসাইড আভিনিু, সুইট : ই হলিস, এনওয়াই ১১৪২৩
www.EXITPrimeNY.com

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাঁটার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

বাসা ভাড়া দেওয়া হবে

১ বেড রুম এবং ২ বেড রুমের বাসা ভাড়া দেওয়া হবে। স্থান : East 35 Between Church & Snyder Ave Brooklyn, NY (B-35 বাস এবং 2 & 5 Train)। যোগাযোগ : 646-496-3334

বাসা ভাড়া

২টি রুম ভাড়া হবে। কিচেন শেয়ার। Hildside এবং সাটফিন ব্লবার্ভে। মসজিদ, মাদ্রাসা, গ্রোসারী, F ট্রেন সাবওয়ে, বাস স্ট্যান্ড সব কিছু অতি নিকটে। এবং 132 St এবং 88 Ave তে রিচমন্ড হিল একটি রুম ভাড়া দেওয়া হবে। একজন ব্যাচেলার এর কাছে। যোগাযোগ : 929-328-5042

Apartment For Rent

Manhattan, Columbus Ave & 100St on the upper West Side 1 Studio Apartment Separate Bath & Kitchen Rent from September 2021. Included Utility Bill \$1100. Train 1,2,3,B, C & in front of the apartment Bus station available. Contact : 347-656-5106 or Email : bjsaha@gmail.com

Apartment For Rent

Rent :1) Large Studio (like one bedroom) with a huge eat-in kitchen, Standup Shower & Bathtub, plenty of closet space, and 150 sq/ft porch/balcony overlooking goose pond park. Apt is located in Highland ave Jamaica, 2 blocks away from jamaica mosque. Rent \$1,550. Max 2 people. Must have Good Credit and Job Approval. Require Board Approval
2) Two bedrooms Attic for Rent in Elmont. Walking distance to Halal shops, Mosque, Halal restaurants. Superb school district. Max two people. Walking distance express bus to 169th st Hillside. Everything included. Rent \$1275. Call HEMEL : 9178263498 Email : Mohammad.hemel@gmail.com

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter’s Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনাল গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

OFFICE SUITS FOR RENT

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ৭২ স্ট্রিট ও রুজভেল্ট এভিনিউর কর্ণারে প্রফেশনাল অফিস সেন্টারে বিভিন্ন সাইজের পৃথক অফিস রুম ভাড়া দেয়া হবে।
Please Contact: 646-641-5348
Email: DgDesignNYC@gmail.com

PRIVATE TUTORING

GRADE 4 - 12

MATH & ELA

SHSAT

SAT

NY ST EXAM

NY ST REGENTS

➔ EXPERT TUTOR :
+20 YEARS TEACHING EXPERIENCE
IN PUBLIC & PRIVATE SCHOOLS IN
Sty V , Bronx Sci, Trinity ...

FOR RATE AND MORE DETAIL
PLEASE VISIT :

TanvirTutoring.com/privatelesson
833-826-8478

বাসা ভাড়া

জ্যামাইকা হলিসে, ২য় তলা ১ সেপ্টেম্বর মাস থেকে ২টা বেডরুম, বড় বাথরুম, লিভিং ও কিচেন একসাথে। সম্পূর্ণ নতুন ও বড় এটিকসহ ভাড়া দেওয়া হবে। নিরিবিলি ও মনোরম পরিবেশ। রাস্তা গাড়ি পার্কিং সুবিধা আছে। মসজিদ, দোকান, লন্ড্রি, স্কুল ও বাস বাসার কাছে। Q3, Q2, Q83 ভাড়া আলোচনাসাপেক্ষে। বিস্তারিত জানতে কল করতে পারেন ৯১৭-৭১৭-৮৫৮২

বাড়ি ভাড়া

জামাইকার ব্রায়ারউড ১৫০ স্ট্রিটে এখনই মূভ করার মতো বাড়ি ভাড়া হবে। তিন বেড রুম। হিটিং এবং গ্যাস বিল ভাড়ার সাথে ঠিক করা হবে। চমৎকার নিরিবিলি পরিবেশ। প্রকৃত আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন ৯১৭- ২৪২- ৭২৮৫

রুম ভাড়া

এফ ও ই ট্রেনের নিকটে 139 স্ট্রিটে একজন কর্মজীবী মহিলা বা স্টুডেন মেয়ের কাছে আলাদা রুম ভাড়া দেওয়া হবে। ফুল ফার্নিসড। 347-475-8406/ 347-725-7526

লোক আবশ্যক

কুইন্স ভিলেজে বেবি সিটার ও ঘরের ছোটখাট কাজের জন্য পার্ট টাইম লোক আবশ্যক। # 646-515-1469

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাঁটার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

এ্যাপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকা এ্যাভিনিউতে E F J & L I R R ট্রেনের সন্মিকটে তিন বেড দুই বাথরুম বড় লিভিং রুম ও কিচেনসহ প্রাইভেট হাউসের একটি এ্যাপার্টমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ ৭১৮-৬৯০-৬৭৪৮

রুম ভাড়া

84-58 162 street জ্যামাইকা পারসন ব্লবার্ভে F ট্রেনের পাশে দ্বিতীয় তলায় একটি ফ্যামেলীর সাথে থাকার জন্য স্বামী-স্ত্রী বা মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। 917-412-0615

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউয়ে ৮৮-২১ ১৮৭ স্ট্রিটের ২য় তলায় একটি বেডরুম, বাথরুম, কিচেনসহ ভাড়া দেওয়া হবে। সম্পূর্ণ রিনোভেটড। ভাড়া সমস্ত বিলসহ ১৬০০ ডলার। যোগাযোগ : 929-386-6473

মহিলা আবশ্যক

জ্যামাইকা, কুইন্সে বাসার দৈনন্দিন কাজ করার জন্য একজন মহিলা আবশ্যক, এবং পার্ট টাইম সেল্‌স ম্যান পদের জন্য একজন মহিলা আবশ্যক। জ্যামাইকা বসবাসকারীকে প্রাধান্য দেয়া হবে। যোগাযোগ করুন দুপুর ১ টা থেকে রাত ১ টা পর্যন্ত। 9176695000

বেসমেন্ট ভাড়া

হিলসাইড ও জ্যামাইকা এভিনিউর মাঝে ১৯৯ স্ট্রিট, হোলিসে ২ বেডরুম, ১ লিভিং রুমের বেসমেন্ট ভাড়া হবে। ব্যাচেলর/ছোট পরিবার অগ্রাধিকার। মোবাইল : ৩৪৭-২৩৮-৬২৯৩, ৩৪৭-৪৭৬-২২৮৩

Help Wanted

Office Assistant full time position available in Bari Home Care, in Jackson Heights location. Computer knowledge Required. please call or send your resume. 631-428-1901 intake@barihomecare.com

Help Wanted

Looking for employee’s for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire : CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers : +1-347-499-9427, +1-917-687-5248

Help Wanted

People/ employees are needed for fast food stores. @ Tanger mall @ Deer Park, Long Island. For All positions. Interested parties are requested to contact below. +1-347-499-9427/+1-917-687-5248

পাত্রী চাই

শিক্ষিত, মার্জিত ও প্রতিষ্ঠিত চল্লিশোর্ধ (Early Forties) সিটিজেন পাত্রের জন্য অনুর্ধ ৩৫ বছরের পাত্রী আবশ্যক। আমেরিকায় অবস্থানরত অথবা নিজ দায়িত্বে আমেরিকায় আসতে সক্ষম পাত্রীরা সাম্প্রতিক ফটো এবং সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ যোগাযোগ করুন। সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।
যোগাযোগের ঠিকানা : PO BOX : 4698 Sunnyside NY 11104
অথবা ই-মেইল : pjlovebangla@yahoo.com

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।

যোগাযোগ সান্ডিদ-৯১৭-৮০৭-৪৮৫১

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩৬ বছর (৫-৪”) সুশিক্ষিত মুসলিম পাত্রের জন্য উপযুক্ত পাত্রী চাই। ডিভোর্সী হলেও চলবে। পাত্র দেখতে সুন্দর, নামাজী। অভিভাবক এমনকি পাত্রী সরাসরি যোগাযোগ করতে পারবেন। ৯২৯-৩৯৫-৫৩১৫

পাত্র চাই

আমেরিকা বসবাসরত গ্রীনকার্ডধারী বাংলাদেশ থেকে ইংলিশে ব্যাচেলার করা ২৫ বছর বয়সী পাত্রীর জন্য দেশে/ আমেরিকায় কম্পিউটার ইঞ্জিনিয়ার/ইলেকট্রিক ইঞ্জিনিয়ার পাত্র চাই। ধুমপানমুক্ত সুশিক্ষিত ধার্মিক পাত্র চাই।
Email : bfatama34@gmail.com Phone :646-266-2609

পাত্র চাই

আমেরিকান সিটিজেন, ২৯ বছর বয়সী কর্মরত রেজিস্ট্রার ফার্মাসিস্ট পাত্রীর জন্য পাত্র চাই। Doctor, Eng. Pharmacist, IT professional অগ্রাধিকারযোগ্য।
যোগাযোগ : 718-902-7200

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ : (718) 524-9777, everlybrown@yahoo.com

লোক আবশ্যক

রিগো পার্কে ঘরের কাজের জন্য একজন মহিলা আবশ্যক। 831-313-8600

আবশ্যক

কুইন্স কাউন্টিতে অবস্থিত একটি মসজিদে ধর্মতীর্থ, সৎ ও যোগ্য স্বেচ্ছাসেবী (ভলান্টিয়ার) প্রয়োজন। মার্জিত, শিক্ষিত এবং উদার প্রকৃতির মুসলমান ভাইবোনদের দৃষ্টি আকর্ষণ করছি। সবার কাছ থেকে কিছুটা সময় ও সার্বিক সহযোগিতা পেলে মসজিদটির অস্তিত্ব টিকে থাকবে। সত্ত্বর যোগাযোগ করুন : (646) 684-8762, (917) 722-1405, (718) 524-9777

লোক আবশ্যক

জ্যাকসন হাইসের প্রানকেন্ড্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্ড্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া : 700 যোগাযোগ : 646-645-9830

হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: ৩৪৭-৪৪৫-৫০৯৩, ৯১৭-৪৩৫-৯৪১৬

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২১

BANGLADESH SOCIETY INC, ELECTION 2021

১৪ নভেম্বর, রোববার নির্বাচনে

ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ
নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন

নয়ন-আলী পরিষদ



B1

কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain
(Nayan), President



B4

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali
General Secretary



B2

আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President



B3

মোঃ রেজাউল করিম (সাগর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagor)
Vice President



B5

মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary



B6

মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z. Khan (Duka)
Treasurer



B7

আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary



B8

মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary



B9

শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary



B10

আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary



B11

মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary



B12

মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও অ্যাথলিটিক সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary



B13

মোঃ সামাদ মিয়া (জাকের)
শুশ্রূষা ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary



B14

ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duka)
Executive Member



B15

মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member



B16

মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member



B17

আহসান উল্লাহ (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদে ভোট দিন



নয়ন-আলী পরিষদ

আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

ELECTION DATE: NOVEMBER 14, 2021

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

প্রচারে ৪ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি



আগামী ১৪ নভেম্বর অনুষ্ঠেয় বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘রব-রুহুল’ প্যানেলের নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে ব্রঙ্কসে।

নিউইয়র্কের ব্রঙ্কসে বাংলাদেশ সোসাইটি’র ‘রব-রুহুল’ প্যানেলের নির্বাচনী সমাবেশ

উত্তর আমেরিকা অফিস

আগামী ১৪ নভেম্বর অনুষ্ঠেয় বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘রব-রুহুল’ প্যানেলের নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে ব্রঙ্কসে। ব্রঙ্কসের নীরব রেষ্টুরেন্টের পাটি হলে ১৭ অক্টোবর রোববার রাতে অনুষ্ঠিত নির্বাচনী সমাবেশে ‘রব-রুহুল’ প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেওয়া হয়। ব্রঙ্কস নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড মেম্বর আব্দুল হাসিম হাসনুর সভাপতিত্বে এবং বাংলাদেশি-আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সঞ্চালনায় এ সমাবেশে সোসাইটিকে সকল প্রবাসীর সংগঠন হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে বক্তারা বলেন, ‘রব-রুহুল’ প্যানেলের বিজয়ের মাধ্যমেই কেবল এটি সম্ভব।

সমাবেশে অন্যান্যদের মধ্যে বক্তব্য দেন অ্যাটর্নি মঈন চৌধুরী, মোহাম্মদ এন মজুমদার, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য এমদাদুল হক কামাল, সাবেক সহসাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, ‘রব-রুহুল’ প্যানেলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক আজিমুর রহমান বুরহান, আমেরিকান-বাংলাদেশি ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সহসভাপতি রফিকুল ইসলাম, ব্রঙ্কস নির্বাচন পরিচালনা কমিটির সদস্যসচিব মীর সারোয়ার আলী, প্রধান সমন্বয়কারী সভাপতি রিয়াজ উদ্দিন কামরান, কমিউনিটি অ্যাকটিভিস্ট টি মোল্লা, শাহ মিজান, বাসেত রহমান, আনোয়ার হোসেন, নুরে আলম জিকু, আবদুল তিতুমির, ‘রব-রুহুল’ প্যানেলের সভাপতি প্রার্থী আব্দুর রব মিয়া,

সহসভাপতি প্রার্থী ফারুক চৌধুরী, কোষাধ্যক্ষ প্রার্থী নওশেদ হোসেন, সাহিত্য সম্পাদক প্রার্থী ফয়সল আহমদ, অ্যাসাল ব্রঙ্কস চ্যাপ্টারের সেক্রেটারি মোজাম্মেল হোসেন মুরাদ, বাংলাদেশি-আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশনের সহসভাপতি শাহ বদরুজ্জামান রুহেল, যুগ্ম সাধারণ সম্পাদক মাকসুদা আহমদ, সাংগঠনিক সম্পাদক সারোয়ার চৌধুরী, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সহসভাপতি বাছির খান, বাংলা ক্লাব ইউএসএ’র সভাপতি আবুল কালাম পিনু, সহসভাপতি মো. মমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক আজিজুল হক, সাংস্কৃতিক সম্পাদক মো. সোনার বলাই, সমাজ কল্যাণ সম্পাদক শহীদুল ইসলাম, সহকোষাধ্যক্ষ ফয়সাল আহমেদ, সদস্য কাজি মাহে আলম, বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতি ইউএসএ’র সাবেক সভাপতি মখন মিয়া, সুনামগঞ্জ সোসাইটি অব আমেরিকার সভাপতি মসাহিদ চৌধুরী, কমিউনিটি এন্টিভিস্ট মামুন রহমান, তামিম চৌধুরী, নূর হোসেন ফরহাদ, সোহেল আহমেদ, আতিকুর রহমান, শাহ জাহান খান, কাওসার আহমেদ, গিয়াস উদ্দিন চৌধুরী, আবু বকর চৌধুরী, আসলাম খান, লিয়াকত আলী খান প্রমুখ। সভায় কর্মী সমর্থকেরা ছাড়াও কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, আসন্ন নির্বাচনে সকলের সহযোগিতায় ‘রব-রুহুল’ প্যানেল ব্রঙ্কসে সর্বোচ্চ সংখ্যক ভোটে নির্বাচিত হবে ইনশা আল্লাহ। প্রবাসীদের দোয়া আর ভোটেরদের ভোটে অবশ্যই ‘রব-রুহুল’ প্যানেল জয়ী হবে। তারা এ জন্য সবার সার্বিক সহযোগিতা কামনা করেন। তারা বলেন, এই প্যানেল জয়ী হলে সোসাইটির চলমান কর্মকাণ্ড অব্যাহত রাখার পাশাপাশি ঘোষিত ইশতেহার অনুযায়ী সমন্বয়যোগ্য

কর্মসূচির মাধ্যমে সোসাইটিকে আরও শক্তিশালী করা হবে। সভায় বক্তাগণ সোসাইটির বৃহত্তর স্বার্থে মামলাবাজ ও দুর্নীতিবাজদের প্রতিহত করার আহ্বান জানান।

আসন্ন নির্বাচনে ‘রব-রুহুল’ প্যানেলের প্রার্থীরা হলেন, সভাপতি আব্দুর রব মিয়া, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সহ সভাপতি ফারুক চৌধুরী, সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, সহসাধারণ সম্পাদক আমিনুল চৌধুরী, কোষাধ্যক্ষ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম উইয়া, সাংস্কৃতিক সম্পাদক ডা. শাহনাজ লিপি, জন সংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, সমাজ কল্যাণ সম্পাদক মোহাম্মদ টিপু খান, সাহিত্য সম্পাদক ফয়সল আহমদ, ক্রীড়া ও অ্যাথলিট সম্পাদক মাইনুল উদ্দিন মাহবুব, স্কুল ও শিক্ষা সম্পাদক প্রদীপ ভট্টাচার্য, কার্যকরী সদস্য মো. সাদী মিন্টু, ফারহানা চৌধুরী, শাহ মিজান, আবুল বাশার, আক্তার হোসেন বাবুল ও সুশান্ত দত্ত।

এবারের নির্বাচনে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদের জন্য ৪০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে ‘রব-রুহুল’ ১৯ জন এবং ‘নয়ন-আলী’ প্যানেল থেকে ১৭ জন এবং স্বতন্ত্র সভাপতি প্রার্থী হিসেবে সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক জয়নাল আবদিন এবং স্বতন্ত্র সাধারণ সম্পাদক পদে আব্দুল মোমেন (সোহেল) প্রতিদ্বন্দ্বিতা করেছেন।

‘নয়ন-আলী’ প্যানেলের ১৯জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করলেও পরবর্তীতে নির্বাচন কমিশন কর্তৃক মনোনয়নপত্র বাছাইকালে এ প্যানেলের দুই সদস্যের মনোনয়নপত্র বাতিল এবং চূড়ান্ত প্রার্থী হিসেবে ৩৮জনের নাম প্রকাশিত হয়। এ নির্বাচনে মোট ভোটের সংখ্যা ২৭,৫১৩।

পরিবর্তিত কর্মপরিবেশের কারণে রাজস্ব হারাবে নিউইয়র্ক

রহমান মাহবুব

মহামারির পরবর্তী পরিবর্তিত কর্ম বাস্তবতার কারণে নিউইয়র্ক সিটি বছরে শুধু বিক্রয় করা হিসেবে পাওয়া ১১১ মিলিয়ন ডলারের রাজস্ব আয় থেকে বঞ্চিত হবে। ১৯ অক্টোবর মঙ্গলবার সিটি কম্পট্রোলার স্কাট স্ট্রিসার এ তথ্য জানিয়েছেন। অনলাইনে কাজ করার কারণে নগরীতে লোকজনের সাধারণ চলাচল কমে গেছে। অনলাইনে কেনাকাটা সেরে নেওয়া ছাড়াও ছোটখাটো কেনাকাটার লোকজন ঘরের পাশেরই সেরে নিচ্ছে। মহামারি অনেক কিছুকেই বদলে দিয়েছে এবং এ পরিবর্তন ধারণ করেই আমাদের চলতে হবে বলেছেন সিটি কম্পট্রোলার।

সংবাদ সম্মেলনে স্কাট স্ট্রিসার বলেছেন, নিউইয়র্ক সিটির চার বরোতে গড়ে ১০ লাখের বেশি লোকজনের যাতায়াত ছিল। হালনাগাদ তথ্য বিশ্লেষণে দেখা গেছে সিটির সর্বত্র খুচরা ব্যবসায়ীরা মহামারি পরবর্তী এ বাস্তবতায় বেশ বড়ভাবেই ক্ষতিগ্রস্ত হবেন। নিউইয়র্ক সিটির পাঁচ বরোতে প্রায় ৩০ লাখ ৭০ হাজারের বেশি লোকজন বসবাস করেন। এদের চলাচলের কারণেই এ নগরীর খুচরা ব্যবসায়ীরা উপকৃত হয়ে আসছিলেন।

স্কাট স্ট্রিসার বলেছেন, এখন নগরকেন্দ্ৰের খুচরা বিক্রেতারা ক্ষতিগ্রস্ত হবেন ঠিকই। আবার কর্মজীবীরা নিজেদের বাড়ির পাশের দোকানগুলোতে



স্কাট স্ট্রিসার

কেনাকাটা করার ফলে এলাকাভিত্তিক ক্ষুদ্র ব্যবসায়ীদের লাভ হওয়াও সুযোগ সৃষ্টি হয়েছে।

সিটি কম্পট্রোলার স্ট্রিসার জানিয়েছেন, পাঁচ লাখ লোকজনও যদি প্রতি দিন পর একবার নগরীতে চলাচল করে, তাহলেও বছরে নগরকেন্দ্ৰের খুচরা বিক্রেতারা এক দশমিক ছয় বিলিয়ন ডলারের ব্যবসা হারাবে। এর ফলে বিক্রয় কর হিসেবে আদায় হওয়া ১৪৬ মিলিয়ন ডলারের রাজস্ব হারাবে নগর সরকার।

চলমান বাস্তবতায় নিউইয়র্কে ক্ষুদ্র ব্যবসায়ীদের সর্বোচ্চ সাহায্য করার কথা বলা বলা হয়েছে সংবাদ সম্মেলনে। নারী,অভিবাসী সহ সংখ্যালঘু মালিকানাধীন ব্যবসায়ীদের বর্ধিত সহযোগিতা নিয়ে সিটিকে এগিয়ে আসার প্রয়োজনীয়তার ওপর স্ট্রিসার জোর দেন।

AR PRINTING INC.
Trusted solutions

GRAND OPENING

50% off

Offer End: September 30th, 2022

4 copies Passport Photo \$6 only

5000 5 1/2 x 8 1/2 100 glossy Brochure / Menus \$200 only

5000 Business Card \$85 only

5000 Post Card (4x6) \$165 only

500 Business Card \$25 only

T-Shirt \$5 only min. 20 pcs

5000 8 1/2 x 11 glossy Leaflet / Menu any kind of fold free \$350 only

5000 11 x 17 100 glossy Brochure / Menus any kind of folding free \$550 only

স্বল্প খরচে কম্পিউটার কোর্স শিখুন

ভবিষ্যৎ নিশ্চিত করুন

মাইক্রোসফট অফিস • ডাটাবেস এডমিনিস্ট্রেশন
গ্রাফিক্স ডিজাইন • সার্ভার এন্ড নেটওয়ার্কিং
জিডিও এডিটিং • অ্যাডভান্স অপারেটিং সিস্টেম
এভিমেশন • সি প্রোগ্রামিং
হার্ডওয়্যার এন্ড ট্রাবল শিটিং • ডাভা সিলিব্রিয়াম

for more info:

Cell: 917-634-3315 Phone: 718-880-8478
E-mail: arprintinginc@gmail.com

We also offer much more

37-48, 72nd Street Jackson Heights NY 11372

হাতের মুঠোয় পুরো পত্রিকা

সব সময় সবখানে

প্রথম আলো

ই পেপার

প্রথম আলো ই-পেপার পড়তে সাবস্ক্রাইব করুন
www.eprothomalo.com

LAW OFFICE

এসাইলাম, বিনিয়োগ ও বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড; স্টপ ডিপোটেসন;ক্রিমিনাল, ডিভোর্স,বাড়ীর ভায়েলেশন রিমোভ, রিয়েল এস্টেট,ট্যাক্স সমস্যার সমাধান, ফোরক্লোজার স্টপ ও হার্ড ক্যাশ লোনা এন্সলিডেন্ট/পার্সোনাল ইনজুরী।
Rafi : 917-432-7458



নিউইয়র্কে ‘রোহিঙ্গা ইস্যু এবং বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক প্রভাব’ শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা। ছবি : সংগৃহীত

রোহিঙ্গাদের সমস্যা সমাধানে বিশ্বকে একযোগে কাজ করার আহ্বান

উত্তর আমেরিকা অফিস

‘রোহিঙ্গা ইস্যু এবং বাংলাদেশে সামাজিক ও অর্থনৈতিক প্রভাব’ শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়েছে নিউইয়র্কে গত শনিবার (১৬ অক্টোবর)। সেন্টার ফর এনআরবির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা বিশ্বসম্প্রদায়কে বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী মিয়ানমারের নাগরিক রোহিঙ্গা গোষ্ঠীর সমস্যার স্থায়ী সমাধানে উদ্যোগ গ্রহণ করার আহ্বান জানান। বক্তারা বলেন, রোহিঙ্গা সমস্যা বাংলাদেশের সমস্যা নয়, এটি একটি মানবিক বিপর্যয় এবং মিয়ানমার কর্তৃক সৃষ্ট এই সমস্যা সমাধানের জন্য জাতিসংঘসহ বিশ্ব সম্প্রদায়ের সকলকে একযোগে কাজ করতে হবে, যাতে করে বাংলাদেশ প্রায় ১১ লাখ আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গার ভারবহনের দায় থেকে মুক্তি পেতে পারে।

অনুষ্ঠানে রোহিঙ্গা বিষয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘ অধিবেশনে প্রদত্ত লিখিত বক্তব্য উপস্থাপন করেন আমেরিকা প্রবাসী তরুণ সারওয়ার চৌধুরী। অনুষ্ঠানে এনআরবির চেয়ারপারসন সেকিল চৌধুরী মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনায় অংশগ্রহণ করে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশি বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং পেশাজীবী সংগঠনের প্রধান ব্যক্তিরা।

অনুষ্ঠানে রোহিঙ্গা নিয়ে কাজ করা নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশি সাংবাদিক

এবং লেখকেরা তাদের অভিজ্ঞতা এবং এ ব্যাপারে করণীয় প্রস্তাবনা তুলে ধরেন। অন্যান্যের মধ্যে বক্তব্য দেন বিশিষ্ট চিকিৎসক মাসুদুল হাসান, সাংবাদিক ফজলুর রহমান, আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশনের সভাপতি আব্দুল কাদের মিয়া, রিমন ইসলাম, সমাজসেবী জুলকার হায়দার, ইউএস বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি লিটন আহমেদ, কাতার প্রবাসী নজরুল ইসলাম, প্রবাসী শিল্পী ইকবাল হামিদ, অধ্যাপক হোসেন আরা, শেখ আতিকুল ইসলাম, মামুনুর রশিদ খান শিপু, আমেরিকা ইসলামিক সেন্টারের সভাপতি আইনজীবী নাসিরুদ্দিন আহমেদ, ব্যবসায়ী সানওয়ার চৌধুরী, বাংলাদেশি ফ্যাশন ডিজাইনার তছরা চৌধুরী, বাংলাদেশ আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন কারাম চৌধুরী, ফেডারেল রিজার্ভ ব্যাংকের কর্মকর্তা ইমতিয়াজ চৌধুরী প্রমুখ নেতৃবৃন্দ। বক্তারা বলেন, বাংলাদেশ এক কঠিন সমস্যার মুখোমুখি হয়েছে। প্রায় ১১ লাখ রোহিঙ্গা নাগরিক বাংলাদেশের ৩৫টি ক্যাম্পে আশ্রয় গ্রহণ করেছে এবং এদের কারণে স্থানীয় পরিবেশ, আইন শৃঙ্খলা পরিস্থিতি, খাদ্যসংকট, কর্মসংস্থান, প্রশাসনিক ব্যয় বৃদ্ধিসহ নানামুখী সমস্যা তৈরি হয়েছে।

অনুষ্ঠানে বক্তারা আমেরিকার রাজনীতিবিদ, জনগণ এবং প্রশাসনের কাছে এ বিষয়ে তড়িৎ সিদ্ধান্ত গ্রহণ করার

জন্য এবং বাংলাদেশের সঙ্গে একযোগে রোহিঙ্গা প্রত্যাবাসনে কাজ করবার জন্য আহ্বান জানান। বক্তারা, জাতিসংঘ এবং তার অঙ্গ সংগঠন এবং বৃহৎ অর্থনীতির দেশসমূহকে এই কঠিন সমস্যা মোকাবিলায় বাংলাদেশের পাশে থাকার আহ্বান জানান।

গোলটেবিলের সভাপতি সেকিল চৌধুরী তার সমাপনী বক্তব্যে বিশ্বসম্প্রদায়ের পাশাপাশি বিভিন্ন দেশে ছড়িয়ে থাকা প্রবাসী বাংলাদেশিদের রোহিঙ্গা ইস্যু নিয়ে বিভিন্ন দেশের সরকার এবং জনগণের সঙ্গে মতবিনিময় করার আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশ যে মানবিক নজির স্থাপন করেছে তার যৌক্তিক পরিসমাপ্তি ঘটানোর জন্য বিশ্ব সম্প্রদায়কে আজ বাংলাদেশের পাশে দাঁড়ানো প্রয়োজন। তিনি বলেন, বাংলাদেশ, এশিয়ার অঞ্চল এমনকি বিশ্বব্যাপী আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর প্রয়াস রোহিঙ্গাদের মাধ্যমে বিস্তার ঘটতে পারে এ ব্যাপারে সকলকে সজাগ থাকতে হবে। তিনি বাংলাদেশের প্রতিবেশী বন্ধু রাষ্ট্রসমূহকে আন্তরিকতার সঙ্গে রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশের পাশে থেকে যৌক্তিক সমাধান খোঁজার আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ বিভিন্ন কাজে জড়িত আরও যারা রয়েছেন তাদের সকলের সঙ্গে একযোগে এই বিষয়ে জনমত গঠনে কাজ করার ব্যাপারে একমত পোষণ করেন।

আবারও বিশ্ববাজারে বাড়ল জ্বালানি তেলের দাম

উত্তর আমেরিকা অফিস

আবারও বিশ্ববাজারে বাড়ল অপরিশোধিত জ্বালানি তেলের দাম। ১৮ অক্টোবর সোমবার সকালে প্রতি ব্যারেল অপরিশোধিত জ্বালানি তেলের দাম ১ শতাংশ বা ৮৭ সেন্ট বেড়ে দাঁড়িয়েছে ৮৫ দশমিক ৭৩ ডলার, যা ২০১৮ সালের অক্টোবরের পর থেকে সর্বোচ্চ। এ ছাড়া যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের (ডব্লিউটিআই) দাম ব্যারেলপ্রতি ১ দশমিক ৪ শতাংশ বা ১ দশমিক ১২ ডলার বেড়ে হয়েছে ৮৩ দশমিক ৪০ ডলার। ২০১৪ সালের অক্টোবরের পর থেকে যুক্তরাষ্ট্রে তেলের দাম এটাই সর্বোচ্চ। এক সপ্তাহে শতকরা



বিশ্ববাজারে বাড়ল জ্বালানি তেলের দাম। ছবি : সংগৃহীত

৩ শতাংশ বেড়েছে।

এএনজেড ব্যাংকের বিশ্লেষকেরা বলছেন, বিশ্বজুড়ে জ্বালানি তেলের চলমান নিষেধাজ্ঞা শিথিল হলে জ্বালানি তেলের দাম কমাতে তা সাহায্য করতে পারে।

যুক্তরাষ্ট্র আগামী মাসে টিকা গ্রহণকারী বিদেশি ভ্রমণকারীদের জন্য সীমান্ত খুলবে এ খবর শুনেই চাহিদা বেড়েছিল জেট ফ্যুয়েলের। একই পদক্ষেপ নেওয়া হচ্ছে অস্ট্রেলিয়া ও এশিয়ার দেশগুলোতে।

বিশ্লেষকেরা বলছেন, শুধু বিদ্যুৎ উৎপাদনের জন্য ‘গ্যাস-টু-ওয়েল সুইচিং’ বছরের চতুর্থ প্রান্তিকে দৈনিক সাড়ে চার লাখ ব্যারেল পর্যন্ত চাহিদা বাড়িয়ে দিতে পারে। আর এর সঙ্গে তাল মেলাতে উৎপাদনকারী দেশগুলোর তেল সরবরাহও বৃদ্ধি পেতে পারে। এদিকে করোনা, বিদ্যুৎ সংকট, সরবরাহে বাধার কারণে গত এক বছরের তৃতীয় ত্রৈমাসিকে চীনের অর্থনীতি ধীর গতিতে বৃদ্ধি পেয়েছে।



কলিন পাওয়েল। ছবি : সংগৃহীত

ইরাক যুদ্ধের রূপকার কলিন পাওয়েল মারা গেছেন

উত্তর আমেরিকায় অফিস

করোনা সংক্রমণে মারা গেছেন যুক্তরাষ্ট্রের প্রথম কৃষ্ণাঙ্গ পররাষ্ট্রমন্ত্রী কলিন পাওয়েল। ইরাক যুদ্ধের রূপকার বলে পরিচিত ছিলেন সাবেক এ মার্কিন পররাষ্ট্রমন্ত্রী। পরিবারের পক্ষ থেকে বলা হয়েছে, করোনায় আক্রান্ত হয়ে জটিলতায় তিনি ৮৪ বছর বয়সে ১৮ অক্টোবর সোমবার মারা গেছেন। ২০০৫ সালে সর্বশেষ চার তারকাবিশিষ্ট এই জেনারেল সরকারি দায়িত্বে ছিলেন। তার পরিবারের পক্ষ থেকে ফেসবুক পোস্টে এ কথা বলা হয়েছে।

পরিবার বলেছে, ‘পূর্ণ ডোজ টিকা নিয়েছিলেন কলিন পাওয়েল। ওয়াশিংটন রিড ন্যাশনাল মেডিকেল সেন্টারে তাকে যে সেবা দেওয়া হয়েছে তার জন্য এর স্টাফদের ধন্যবাদ জানাচ্ছি আমরা। একজন অসাধারণ ও ভালোবাসাময় স্বামী, পিতা, দাদা ও একজন প্রবীণ আমেরিকানকে হারিয়েছি আমরা।’

রিপাবলিকান দলের প্রেসিডেনশিয়াল প্রশাসনে কয়েক দশক ধরে পররাষ্ট্রনীতিতে ভূমিকা রাখছিলেন বলেও পরিচিতি আছে কলিন পাওয়েল। বার্লিন দেয়ালের পতনের সময়, ১৯৮৯ সালে যুক্তরাষ্ট্রের পানামা যুদ্ধের সময়,

১৯৯১ সালে উপসাগরীয় অঞ্চলে যুদ্ধের সময়, বিশ্ব বাণিজ্য সংস্থায় ২০০১ সালের ১১ সেপ্টেম্বর সন্ত্রাসী হামলার সময়, ২০০১ সালে আফগানিস্তানে যুক্তরাষ্ট্রের হামলার সময় এবং ২০০৩ সালে ইরাকে হামলার সময় তিনি ছিলেন যুক্তরাষ্ট্রে শীর্ষ স্থানীয় কর্মকর্তা। ১৯৮৭ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত তিনি যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার দায়িত্ব পালন করেন। ১৯৮৯ থেকে ১৯৯৩ সাল পর্যন্ত সাবেক প্রেসিডেন্ট জর্জ এইচডব্লিউ বুশ এবং বিল ক্লিনটনের অধীনে তিনি ছিলেন জয়েন্ট চিফ অব স্টাফের চেয়ারম্যান। ২০০১ সালে তাকে সাবেক প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিশ্চিত করা হয়। এর মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রের ইতিহাসে এ পদে প্রথম কৃষ্ণাঙ্গ হিসেবে তিনি আসীন হন। পরে এ পদে আসেন কন্ডোলিৎসা রাইস।

কলিন পাওয়েলের মৃত্যুতে সাবেক প্রেসিডেন্ট জর্জ বুশ শোক প্রকাশ করেছেন। বলেছেন, পাওয়েল ছিলেন একজন মহৎপ্রাণ সরকারি কর্মকর্তা। তিনি প্রেসিডেন্টের এত প্রিয় ছিলেন যে দু’বার পতনের সময়, ১৯৮৯ সালে যুক্তরাষ্ট্রের পানামা যুদ্ধের সময়,

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরি



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২



প্রাকৃতিক বৈচিত্র্যের দেশ আমেরিকা। ফলে ফলে, সুজলা সুফলা শস্যে ভরা দেশ। ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে বিপুলসংখ্যক প্রবাসীর বসবাস। লেনু গাছ, কালো জামের গাছ দেখা যায় এসব প্রবাসীদের বাড়ির আঙিনা ঘিরে। লস অ্যাঞ্জেলেসের নর্থরিজ এলাকায় স্বদেশির এক বাড়ির আঙিনায় ডালিম গাছের এ ছবি উঠিয়েছেন উত্তর আমেরিকার আলোকচিত্রী শান্তনু সাজ্জাদ।

বাংলাদেশিদের একের পর এক গাড়ি ছিনতাই হচ্ছে

নুরুল হক

নিউইয়র্কে একের পর এক গাড়ি ছিনতাই ও চুরির শিকার হচ্ছেন বাংলাদেশিরা। বেড়ে যাওয়া অপরাধ এবং নিজেদের অসচেতনতার কারণে এমন সব ঘটনা ঘটছে। এক সপ্তাহের মধ্যে ব্রংকসের বাংলাদেশিবহল এলাকায় দুইটি গাড়ি চুরির ঘটনা ঘটেছে। স্টার্ট দেওয়া এসব গাড়ি চালিয়ে নিয়ে গেছে দুর্বৃত্তরা। পুলিশে রিপোর্ট করেও গাড়ি উদ্ধার হচ্ছে না। এ নিয়ে প্রবাসীদের মধ্যে উদ্বেগ বিরাজ করছে।

সর্বশেষ ঘটনায়, গত বুধবার (২০ অক্টোবর) বেলা সোয়া একটার দিকে গাড়ি চলন্ত রেখেই স্টার্লিং অ্যাভিনিউয়ের নীরব রেষ্টুরেন্টের কেনাকাটা করতে নামেন প্রবাসী আশিকুল হক। দ্রুত সঙ্গে কেনাকাটা শেষ হবে এমন ধারণা থেকেই তিনি গাড়ির ষ্টার্ট বন্ধ না করেই নেমেছিলেন। মাত্র কয়েক মিনিটের মধ্যে একজন দুর্বৃত্ত গাড়িতে উঠে চলন্ত গাড়ি নিয়ে দ্রুত পালিয়ে যায়। আশিকুল হক পুলিশে ফোন করেন। পুলিশ ঘটনাপুলিশে আসে। স্থানীয় প্রিসিংস্টে গিয়ে রিপোর্ট করা হয়। বুধবার রাত পর্যন্ত গাড়ি উদ্ধার করা সম্ভব হয়নি।

আশিকুল হক জানিয়েছেন ট্যাক্সি ও লিমোজিন কমিশনের নম্বরপ্লেট যুক্ত তার হালকা সিলতার রঙের হোভা এমডি এক্স গাড়ি। সিলেটের বিয়ানীবাজার থেকে আসা এ প্রবাসী জানান, তিনি নগরীর এমন গাড়ি চুরি ও ছিনতাই নিয়ে সতর্ক থাকার পরও মাত্র কয়েক মিনিটের জন্য গাড়ি চলন্ত রেখে নেমেছিলেন। দিনে দুপুরে এমন কাণ্ড ঘটবে বলে তার ধারণাও ছিল না। প্রত্যক্ষদর্শীরা গাড়ি চালিয়ে নেওয়া যুবকের গাভবর্ণ শ্বেতাঙ্গ বলে বর্ণনা দিয়েছেন।

এর আগে ১৬ অক্টোবর শনিবার দুপুরে প্রায় একই ঘটনা ঘটেছে ব্রংকসের ইত্যাদি গ্রোসারির সমানে। একজন প্রবাসী, জী ও দুই শিশু সন্তান চলন্ত গাড়িতে রেখে গ্রোসারি দোকানে কেনাকাটা করতে নেমেছিলেন। মুহূর্তে কৃষ্ণাঙ্গ যুবক গাড়িতে উঠে চালিয়ে নিয়ে যায়। আতঙ্কিত জী কান্নাকাটি করেন। শিশুদের রক্ষা করার জন্য অনুনয় ও আহাজারি শুরু করেন। শিশুসহ তাকে প্রায় মাইল খানেক দূরত্বে গাড়ি থেকে ফেলে দিয়ে ছিনতাইকারী গাড়ি নিয়ে পালিয়ে যায়। এ নিয়ে পুলিশে অভিযোগ করা হয়েছে। পুলিশ একের পর এক ঘটনা নিয়ে তদন্ত করছে। গাড়ি উদ্ধার করা সম্ভব হয়নি। এসব ঘটনা নিয়ে কাউকে গ্রেপ্তারও করা হয়নি।

মহামারি পরবর্তী সময়ে নিউইয়র্কে গাড়ি চুরি ও গাড়ি



আশিকুল হকের এই গাড়িটি ছিনতাই হয়েছে। ছবি : প্রথম আলো

ছিনতাইয়ের ঘটনা ব্যাপকভাবে বেড়ে গেছে। এসব ঘটনার শিকার বেশি হচ্ছেন অভিবাসীরা। অনেকটা অসতর্ক চলাফেরার জন্য দুর্বৃত্তরা সুযোগ গ্রহণ করছে। নিউইয়র্ক পুলিশের পক্ষ থেকে বারবার সতর্ক করে দেওয়া হচ্ছে, কোনো অবস্থায়ই চলন্ত রেখে গাড়ি ত্যাগ না করার জন্য।

নিজস্ব সাবধানতা অবলম্বনের পরও গাড়ি চুরির ঘটনা ঘটছে। এর আগে নিউইয়র্কের জ্যামাইকা এলাকা থেকে ইশতেহাক চৌধুরী নামের একজন প্রযুক্তিবিদের টয়োটা করোলা গাড়ি ড্রাইভওয়ে থেকে চুরি হয়ে যায়। গাড়িটি তালাবদ্ধ থাকলেও দুর্বৃত্তের পক্ষ্ফ তা সরিয়ে নেওয়া কঠিন হয়নি।

নিউইয়র্ক নগরের সর্বত্র সিসি ক্যামেরা থাকার পরও ছিনতাই করা গাড়ি উদ্ধার হচ্ছে না। প্রতিদিন নতুন নতুন গাড়ি ছিনতাইয়ের শিকার হচ্ছে লোকজন। সড়কের পাশে পার্ক করা গাড়ির গ্লাস ভেঙে চুরি করে নিয়ে যাওয়া হচ্ছে গাড়ির যন্ত্রাংশ। আইন শৃঙ্খলার এমন অবনতির শিকার হচ্ছেন মূলত নগরীর অভিবাসীরা। দুর্বৃত্তেরা টার্গেট করে হামলা করছে, ছিনতাই করছে। একের পর এক বাংলাদেশি আক্রান্ত হচ্ছেন। দুর্বৃত্তের হামলায় প্রাণ হারাচ্ছেন পরিশ্রমী প্রবাসীরা। গত সপ্তাহেও ফুড ডেলিভারি দিতে গিয়ে ছিনতাইকারীর হামলায় প্রাণ হারিয়েছেন বাবলু নামের এক প্রবাসী।

নিউইয়র্ক পুলিশ কর্মরত এক স্বদেশি কর্মকর্তার মতে, যেকোনো অপরাধ নিয়ে নিউইয়র্ক পুলিশ তদন্তকাজে সর্বোচ্চ প্রয়াস নিয়ে থাকে অপরাধীকে আইনের আওতায় নিয়ে আসার জন্য। হঠাৎ করে নিউইয়র্কে অপরাধ বেড়ে যাওয়ার মুহূর্তে পুলিশের বিভিন্ন ইউনিটকে ব্যস্ত থাকতে হচ্ছে নানামুখী তদন্ত ও অপরাধ দমনের কাজ নিয়ে। পুলিশের ভূমিকার পাশাপাশি ব্যক্তিগত সতর্কতা বৃদ্ধিকেও গুরুত্ব দেওয়ার জন্য জোরোপ্য করেছেন এ পুলিশ কর্মকর্তা।

ক্ষতিপূরণ

প্রথম পৃষ্ঠার পর

মার্কিন বিচার বিভাগ, শ্রম বিভাগ এবং ফেসবুকের পক্ষ থেকে যৌথভাবে জানানও হয়েছে। গত ডিসেম্বরে মার্কিন বিচার বিভাগের পক্ষ থেকে এ মর্মে মামলা দায়ের করা হয়েছিল যে ফেসবুক তাদের প্রতিষ্ঠানে নিয়োগে অস্থায়ী অস্থায়ী কর্মীদের প্রতি পক্ষপাত দেখিয়েছে। যেসব অভিবাসীদের কর্ম ভিসা (এইইচ-১) রয়েছে, তাদেরসহ বিদেশ থেকে কোনো কোনো পদে লোক নিয়োগ দেওয়া ফেসবুক। এসব নিয়োগের ক্ষেত্রে মার্কিন সরকারের ফেডারেল আইনকে সঠিকভাবে অনুসরণ করা হয়নি। ফলে আমেরিকার কর্মজীবীরা বঞ্চিত হয়েছে বলে অভিযোগে বলা হয়েছিল।

বিচার বিভাগের অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেল ক্রিস্টিন ব্ল্যাক ফেসবুকের সঙ্গে ক্ষতিপূরণের এ সমঝোতাকে ঐতিহাসিক বলে উল্লেখ করেছেন। সংবাদমাধ্যমকে তিনি বলেছেন মার্কিন অভিবাসন আইনের আওতায় এমন বড় অঙ্কের ক্ষতিপূরণ আগে কখনো আদায় করা হয়নি। ৩৫ বছর আগে প্রণীত অভিবাসন আইনে কর্মী নিয়োগের বেলায় এমন বৈষম্যকে বেআইনি বলে উল্লেখ করা আছে।

মার্কিন সরকারের পক্ষ থেকে করা মামলায় বলা হয়েছিল অভিবাসী কর্মীদের জন্য সংরক্ষিত পদে আমেরিকার কর্মীদের নিয়োগ প্রদানে ফেসবুক অস্বীকার করেছিল। সমঝোতা অনুযায়ী ফেসবুক আইনের লঙ্ঘন করার জন্য চার দশমিক ৭৫ মিলিয়ন জরিমানা প্রদান করবে। এ ছাড়া বৈষম্যমূলক নিয়োগের কার্বনে ক্ষতিগ্রস্ত লোকজনকে আরও সাড়ে নয় মিলিয়ন ডলার ক্ষতিপূরণ প্রদান করবে।

ফেসবুকের একজন মুখপাত্র জানিয়েছেন তারা আমেরিকার ভেতরে এবং বাইরের সেরা কর্মীদের নিয়োগ দেওয়ার প্রক্রিয়া অব্যাহত রাখবে।

২৯ অক্টোবরের মধ্যে টিকা না

প্রথম পৃষ্ঠার পর

করোনার মহামারির প্রথম ধাক্কায় নাজুক হয়ে উঠেছিল নিউইয়র্ক। মহামারি পরিস্থিতি মোকাবিলা করে যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ নগর নিউইয়র্ক ক্রমশ স্বাভাবিক অবস্থায় ফিরে আসছে। নগরের অধিকাংশ লোকজন এর মধ্যেই টিকা টিকা গ্রহণ করায় সংক্রমণ নিয়ন্ত্রণে রয়েছে। এর মধ্যে স্কুল খুলে দেওয়া হয়েছে। শিক্ষা বিভাগের শিক্ষকসহ সব কর্মীদের কাজের জন্য টিকা বাধ্যতামূলক করা হয়েছে। টিকা গ্রহণে ব্যক্তিগত পছন্দ অপছন্দ দেখিয়ে বেশ কিছু শিক্ষক ও কর্মচারী বিনা বেতনে দীর্ঘ ছুটি গ্রহণ করেছে। কেউ কেউ চাকরি থেকে পদত্যাগের মতো ঘটনাও ঘটেছে। এ নিয়ে শিক্ষকদের ইউনিয়ন আদালতের শরণাপন্ন হলেও সুবিধা করতে পারেনি।

নিউইয়র্ক সিটির ফায়ার সার্ভিস অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট অ্যান্ড এনসবরো গত বুধবার (২০ অক্টোবর) বলেছেন, ফায়ার সার্ভিসের প্রায় ৩ হাজার ৫০০ কর্মী টিকা গ্রহণ করেনি। এদের টিকা গ্রহণে বাধ্য করা উচিত হবে না বলে তিনি উল্লেখ করেছেন। নিউইয়র্কের স্যানিটেশন বিভাগের প্রায় ২ হাজার ৭০০ কর্মী এখনো টিকা গ্রহণ করেনি। এসব কর্মীদের টিকা না দেওয়ার কারণে কাজ করার সুযোগ না দিলে নিউইয়র্ক সিটিকে বিপাকে পড়ার আশঙ্কা করা হচ্ছে। আসছে শীত মৌসুমে বরফের স্তূপ সৃষ্টি হলে বরফ পরিচ্ছন্নতার জন্য লোক সংকট দেখা দেবে বলেও আশঙ্কা করা হচ্ছে। নিউইয়র্ক সিটির ৩০ শতাংশ পুলিশ সদস্য এখনো টিকা প্রদান করেননি। প্রায় ১১ হাজার পুলিশ সর্মিকার টিকা গ্রহণ না করায় বিনা বেতনে ছুটিতে গেলে সিটিতে পুলিশ সংকট দেখা দেবে। এমনিতেই নিউইয়র্কে বেড়ে যাওয়া অপরাধ দমনে পুলিশ বিভাগকে হিমশিম খেতে হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক পুলিশ সদস্য টিকা না দেওয়ায় ছুটিতে গেলে কী হবে, এ নিয়ে দৃশ্শস্তা বাড়ছে।

নিউইয়র্ক হাউজিং অথোরিটি পাঁচ হাজার কর্মী, সোশ্যাল সার্ভিস বিভাগের তিন হাজার ৭০০ জনের বেশি কর্মী টিকা গ্রহণ করেননি বলে নগর থেকে পাওয়া তথ্যে জানা গেছে। এসব লোকজন কাজে যোগদান না করলে বা টিকা গ্রহণে শেষ পর্যন্ত অস্বীকার করলে কী পরিস্থিতি দাঁড়াবে, এ নিয়ে নগরের সর্বত্র আশঙ্কা বিরাজ করছে।

নিউইয়র্ক সিটির কারেকশন বিভাগসহ বিভিন্ন বিভাগে এর মধ্যেই ব্যাপক কর্মী সংকট দেখা দিয়েছে। কর্মী সংকটের কারণে সাধারণ সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। সিটি মেয়র বিল ডি ব্লাজিও বলেছেন, তিনি আশা প্রকাশ করছেন ২৯ অক্টোবরের মধ্যেই টিকা না দেওয়া উল্লেখযোগ্য কর্মীরা টিকা গ্রহণ করবেন। এ ছাড়া টিকা গ্রহণের জন্য ৫০০ ডলারের প্রপাদনা সিটি কর্মীদের টিকা প্রদানে উৎসাহিত করবে বলে তিনি মনে করেন।

মেয়র বিল ডি ব্লাজিও বলেছেন সব ধরনের বিকল্প মাথায় রাখা হয়েছে। লোক সংকট দেখা দিলে জরুরি পরিস্থিতি চালিয়ে নেওয়ার জন্য চাকরি থেকে অবসর নেওয়া কর্মীদের কাজের জন্য ডেকে পাঠানো সব বিভিন্ন লোকজনকে প্রস্তুত রাখা হয়েছে বলে তিনি জানান। করোনার টিকা বাধ্যবাধকতার আইনগত অধিকার নিয়ে আদালতে চ্যালেঞ্জ করা হয়ে জল জয় লাভ করবেন বলে মনে করেন মেয়র ডি ব্লাজিও। তিনি বলেছেন, এ নিয়ে সিটির আইনজীবীদের পরামর্শ করেই ব্যবস্থা নেওয়া হয়েছে।

করোনার টিকা নিয়ে যুক্তরাষ্ট্রের অন্যান্য এলাকার মতো নিউইয়র্কেও জনসমাজের মধ্যে বিতর্ক রয়েছে। কেউ কেউ ধর্মীয় কারণ দেখিয়ে টিকা গ্রহণ থেকে বশত আছেন। কেউ কেউ মনে করে, জরুরি অনুমোদনের টিকা করনার সংক্রমণের বিরুদ্ধে শতভাগ কার্যকর বলে তারা মনে করেন না। ফলে নিজের শরীরকে পরীক্ষায় নিরীক্ষায় ফেলতে ইচ্ছুক নয় টিকা প্রদানে অস্বীচ্ছুক এ দলটি আমেরিকার রক্ষণশীল রাজনৈতিক ধারণার অনুসারীদের মধ্যে করোনার টিকা না দেওয়া লোকজনের সংখ্যা বেশি। আমেরিকা জুড়ে টিকা দেওয়া না দেওয়া এমন বিতর্ক মোকাবিলায় হিমশিম খেতে হচ্ছে রাজ্য ও নগর সরকারগুলোকে।

দেশে স্বাসরুদ্ধকর পরিস্থিতি

প্রথম পৃষ্ঠার পর

উপলক্ষে ‘সৈনিক জীবন থেকে রাষ্ট্রনায়ক জিয়া’ শীর্ষক এ আলোচনা সভার আয়োজন করে। ফখরুল বলেন, আওয়ামী লীগ যত দিন ক্ষমতায় থাকবে তত দিন দেশের মানুষ আরও বেশি কষ্ট পাবে। এখন ডান, বাম সবাইকে এক হয়ে এই দানব সরকারকে সরিয়ে জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হবে। সরকারকে ইস্তিত করে বিএনপির মহাসচিব বলেন, অশান্তি ঘটালেন আপনারা। আগুন দিলেন আপনারা; মারলেন আপনারা; গুলি করলেন আপনারা এবং নিরীহ মানুষগুলোকে হত্যা করলেন। আর আজকে আপনারা শান্তির মিছিল বের করলেন। এর চেয়ে লজ্জার ব্যাপার আর কিছু হতে পারে না। আওয়ামী লীগ এটাই। তাদের তো আমরা চিনি, তাদের তো আমরা জানি। এটাই আওয়ামী লীগ। এটাই তাদের চরিত্র। তাদের জন্মের পর থেকে এটাই তারা করে এসেছে।

জিয়াউর রহমান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক এধ্যাপক ফরহাদ হালিম ডোনারের সভাপতিত্বে ও জেডআরএফের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপকমিটির সদস্যসচিব কৃষিবিদ শামীমুর রহমান শামীমের পরিচালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রেসিডি অধ্যাপক আফম ইউসুফ হায়দার, অ্যাব-এর সাবেক সভাপতি প্রকৌশলী মিয়া মো. কাইয়ুম, বিএমএর সাবেক মহাসচিব গাজি আবদুল হক, বিএনপির শিক্ষা বিষয়ক সম্পাদক অধ্যাপক এবিএম ওবায়দুল ইসলাম, অধ্যাপক আবদুল করিম, জেডআরএফের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপকমিটির আস্থায়ক পারভেজ রেজা কাকন এবং ঢাবি ছাত্রদলের রাকিবুল ইসলাম রাকিব প্রমুখ।

হোম কেয়ার সেবা নিয়ে

প্রথম পৃষ্ঠার পর

পারেন বলে হোম কেয়ার মাঠ কর্মীরা জানিয়েছেন। হোম কেয়ার সার্ভিসে অতিরিক্ত টাকা প্রাপ্তির প্রলোভনে বিশ্রান্ত না হওয়ার জন্য সতর্ক করে দিয়েছেন সংশ্লিষ্ট মহল। তারা বলছেন, অধিক বেতন দেওয়ার প্রলোভন দেখিয়ে একটি প্রতারণার ফাঁদে ফেলার কৌশল লক্ষ্যে করা যাচ্ছে কোনো কোনো হোম কেয়ার সার্ভিসে। এ ব্যাপারে কিছু সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে সরকারের পক্ষ থেকে বিষয়টি মনিটরি করা শুরু হয়েছে। তারা হোম কেয়ার সংক্রান্ত বিভিন্ন অনিয়ম ও প্রতারণার বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে খুঁটিয়ে দেখছে। এরই অংশ হিসেবে এফবিআই ২০২০ সালের ১৬ ডিসেম্বর হোম কেয়ার জালিয়াতিতে জড়িত থাকার অভিযোগে ১০ জনকে গ্রেপ্তার করেছিল।

ডিপার্টমেন্ট অব হেলথ-এর ওয়েবসাইট সূত্র থেকে বলা হয়েছে, সরকার ২০১৭ সালের ৩ অক্টোবর এক নীতিমালায় হোম কেয়ার সেবাদানকারীদের বেতন ২০১৮ সালের ৩১ ডিসেম্বর থেকে ঘণ্টাপ্রতি ১৯ ডলার ৯ সেন্ট নির্ধারণ করে দিয়েছে। চলতি ২০২১ সালেও এই একই রেট বলবৎ রয়েছে। কিন্তু এই নিয়ম-নীতির পরোয়া না করে কোনো কোনো প্রতিষ্ঠান ঘণ্টাপ্রতি ২১ থেকে ২৩ ডলার পর্যন্ত বেতন দেওয়ার ঘোষণা দিয়ে প্রকাশ্যে বিজ্ঞাপন প্রচার করে যাচ্ছে। এ ধরনের প্রচার সম্পূর্ণ নিষিদ্ধ বলে উল্লেখ করে সংশ্লিষ্ট সূত্রটি জানান, বেশি টাকা বেতনের অফার সংবলিত কোনো প্রকার বিজ্ঞাপন, এমনকি ফ্লায়ার দেওয়াও সরকারের হোম কেয়ার নীতিমালায় শাস্তিযোগ্য অপরাধ।

ডিপার্টমেন্ট অব হেলথের নীতিমালায় সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে, বেতন উল্লেখ করে কোনোরূপ বিজ্ঞাপন প্রকাশ করা যাবে না। এটা নিষিদ্ধ এবং এই অপরাধে হোম কেয়ারের লাইসেন্স পর্যন্ত বাতিল হতে পারে। সূত্র থেকে জানানো হয়েছে, এ ধরনের অনিয়মের বিষয়টি সরকারের জন্য দৃশ্শস্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। সরকারের বাজেটের একটি বড় অংশ এই হোম কেয়ারের পেছনে ব্যয় হচ্ছে। সরকারের বিভিন্ন সংস্থা বিশেষ করে এমএলটিসি একযোগে ওএমআইজি (অফিস অফ ইন্সপেক্টর জেনারেল), ডিপার্টমেন্ট অফ হেলথ, মেডিকেইড প্রভৃতি সংস্থার সঙ্গে কাজ শুরু করেছে। হোম কেয়ারগুলোর অনিয়ম, প্রতারণা ও দুর্নীতি খুঁজে বের করার জন্য প্রয়াস চালানো হচ্ছে।

সূত্রটি জানিয়েছেন, নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব হেলথ-এর মেডিকেইড দ্বারা পরিচালিত হোম কেয়ার সার্ভিস ক্রমেই জনপ্রিয় হয়ে ওঠায় এর বাজেট ২০১৩ সালের তুলনায় ২০২০ সালে তিন গুন বৃদ্ধি পায়। এর ব্যয় দাঁড়ায় প্রায় ৪ দশমিক ৮ বিলিয়ন ডলার। বহুসংখ্যক কোম্পানি এখন এ ব্যবসায় নেমেছে এবং ঘরে ঘরে তাদের সেবা পৌঁছে দিচ্ছে। এদের মধ্যে বাংলাদেশি মালিকানাধীন সাতটি প্রতিষ্ঠানও রয়েছে। ব্যয় বৃদ্ধির কারণে এদের ওপর সরকারের নজরদারিও বেড়ে গেছে। হোম কেয়ারের লোভনীয় বিজ্ঞাপনের ব্যাপারে তাদের নজরদারি কঠোর হয়েছে। সরকার নির্ধারিত রেটের থেকে বেশি বেতন দেওয়ার যে কথা বলা হচ্ছে, তাদের কার্যকলাপে সরকারি সংস্থাগুলো প্রতারণার আশঙ্ক্যও করছেন। কোম্পানিগুলো সরকারকে সব ট্যাক্স যথাযথ পরিশোধ করছে কিনা সে ব্যাপারে সরকারি সংস্থাগুলো সন্দিহান। কারণ ফেডারেল, স্টেট, সিটি, মেডিকেয়ার, প্রভৃতি সব মিলিয়ে বেতনের ২৪ থেকে ২৮ শতাংশ ফি বাধ্যতামূলকভাবে সরকারকে দিতে হয়। তারা মনে করেন, ট্যাক্স ফাঁকি কিংবা সরকারি ফি কোষাগারে না দিয়েই শুধু সেবাদানকারীদের বেশি অর্থ প্রদান করা সম্ভব। ঘণ্টায় ২১ থেকে ২৩ ডলার বেতন দেওয়ার যে কথা বলা হচ্ছে, তার সঙ্গে ২৫ শতাংশ সরকারি ট্যাক্স বেগে করলে দাঁড়ায় ঘণ্টায় ২৯ ডলার। এই পরিমাণ ব্যয় বহন করা হোম কেয়ার প্রতিষ্ঠানগুলোর পক্ষে একরকম অসম্ভব বলে মনে করেন সংশ্লিষ্ট মহল।

আশঙ্কা প্রকাশ করে এ সূত্র থেকে বলা হয়েছে, কোথাও কোনো অনিয়ম ধরা পড়লে তার দায়ভার বহন করতে হবে সেবা গ্রহণকারী রোগীদেরও। কারণ, নিয়ম অনুযায়ী হোম কেয়ার সেবাটি ‘কনজুম্যার ডাইরেক্টর প্রোগ্রাম’, যার দায়ভার ট্যাক্স-ফি পরিশোধ করতে হয়।

এ ব্যাপারে বাংলাদেশি পরিচালিত প্রতিষ্ঠান ইমিগ্রান্ট এলডার হোম কেয়ার এলএলসির প্রেসিডেন্ট ও সিইও গিয়াস আহমদ বলেন, অনিয়ম বা প্রতারণার কোনো অভিযোগ কারও বিরুদ্ধে পাওয়া গেলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া অবশ্যই জরুরি। ব্যবসায়িক সত্যতার ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, কেউ যদি সব রকমের ট্যাক্স-ফি পরিশোধ করে সেবাদানকারীদের বেশি বেতন দিতে পারে তবে তাতে অপরাধের কিছু আছে বলে তিনি মনে করেন না। তিনি বলেন, বেশি বেতনের অফার দিয়ে বিজ্ঞাপন দেওয়া নিষিদ্ধ এখন কোনো সরকারি নীতি সম্পর্কে তিনি অবহিত নন। এটা যদি নীতিবিরোধী হয়ে থাকে তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত সবাইকে নোটিশ দিয়ে এ ব্যাপারে সতর্ক করে দেওয়া।

এ প্রসঙ্গে মার্কস হোম কেয়ারের আলমাস আলী বলেন, হোম কেয়ার সার্ভিস একটি ব্যবসা। বিভিন্ন ইন্স্যুরেন্স কোম্পানির সঙ্গে বিভিন্ন শর্তে এই ব্যবসা করতে হয়। ইন্স্যুরেন্স কোম্পানিগুলো বিভিন্ন ধরনের রেট দিয়ে থাকে। সেখানে বেতনের হার কম-বেশি হতে পারে। কিন্তু সরকার নির্ধারিত হার মেনেই বেতন নির্ধারিত হতে হবে। তিনি বলেন, বেতনের হার উল্লেখ করে বিজ্ঞাপন কিংবা পোস্টার করা নিষিদ্ধ। এটা মেনে চলা উচিত। অনেক সংস্থাই এমন বেতন অফার করছে যা বাস্তবানু করা খুব সহজ নয়। হয়তো এ সব কোম্পানি নিজেদের ক্ষতি স্বীকার করেই এটি করছে।

আলমাস আলী বলেন, কোনো অনিয়ম বা প্রতারণা কোথাও হলে তার বিরুদ্ধে ব্যবস্থা অবশ্যই নেওয়া উচিত। তিনি বলেন, প্রতি বছর সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলি হোম কেয়ার কোম্পানিগুলোর হিসাব-নিকাশ তদারক করে, নিয়মিত অডিট করে। করোনার কারণে গত দুই বছর এটি বন্ধ আছে। এই কার্যক্রম আবার শুরু হলেই তারা জানতে পারবে কোনো কোম্পানির অবস্থা কেমন। তিনি বলেন, যারা হোম কেয়ারের সেবা গ্রহণ করেন তারা যাতে চটকদার প্রচারণায় বিভ্রান্ত না হন সে ব্যাপারে কোম্পানি বাছাইয়ের ক্ষেত্রে তাদের অবশ্যই সতর্ক থাকা উচিত। তিনি আরও বলেন, বেশি রেট দিলে কেউ যদি তার গ্রাহক সহ কোম্পানি বিক্ি করতে চান তাহলে গ্রহীতা তার কোম্পানি কিনতে আগ্রহী হবে না। কারণ কোম্পানির ক্ষেত্রে বেশি রেট দেওয়ার কারণে লাভবান হতে পারবে না। এসেনশিয়াল হোম কেয়ারের সিইও মোহাম্মদ হোসেন ইশতিয়াক বলেন, মার্কেটে অশুভ প্রতিযোগিতা চলছে। রেট নিয়ে খেলখ ডিপার্টমেন্টের নির্দেশনা মেনে চলা উচিত। বিজ্ঞাপন দেখে গ্রাহকদের বিভ্রান্ত না হওয়ার পরামর্শ দেন তিনি।

বারি হোম কেয়ারের সিইও আসোফ আলী টুটুল বলেন, ফেডারেলকে ট্যাক্স ফাঁকি দেওয়ার কোনো সুযোগ নেই। রেট বিষয়ে বলেন, আমরা একটু লাভ কম করে গ্রাহককে লাভবান করছি। এতে কোনো ক্ষতির কারণ আমি দেখিনা। এফবিআইয়ের নজরদারি ও গ্রেপ্তার প্রসঙ্গে বলেন, একটি হোম কেয়ার মৃত ব্যক্তির নামে বিল করা হয়ে ডলার উঠিয়েছে তাই তাকে গ্রেপ্তার করা হয়েছে। যে কেউ অনিয়ম করলে বিল সাজা হবে এলাই স্বাভাবিক। তবে হোম কেয়ার মালিকেরা সবাই এক হয়ে কাজ করতে পারলে গ্রাহক এবং মালিকেরা সবাই লাভবান হতো এবং অস্থিরতা থাকত না।

এম অ্যান্ড এন হোমকেয়ারের সিইও সামউল চৌধুরী বলেন, আমি যখন কোনো ব্যবসা করব, সবকিছু জেনে শুনেই করব। নিয়ম মেনে আমরা রেট দিচ্ছি। কারও কোন বক্তব্য থাকলে সরাসরি তাদের অফিস কল করার পরামর্শ দেন তিনি।

২০২২ সাল থেকে সোশ্যাল

প্রথম পৃষ্ঠার পর

অন্যান্যরা ২০২২ সালে সোশ্যাল সিকিউরিটিতে ‘কষ্ট অফ লিভি’ অর্থাৎ ৫.৯ শতাংশ জীবন-যাপন ব্যয় সমন্বয় পাবেন। গত ৪০ বছরের মধ্যে এটি সবচেয়ে বড় বৃদ্ধি। তুলনামূলকভাবে গত বছর জীবন-যাপন ব্যয় সমন্বয় ছিল এক দশমিক তিন শতাংশ।

অবসরপ্রাপ্ত যে সকল ব্যক্তি এই বছর ১ হাজার ৫৬৫ ডলার মাসিক চেক পেয়েছেন, তাদের জন্য ২০২২ সাল থেকে প্রতি মাসে অতিরিক্ত ৯২ ডলার যুক্ত করে মোট ১ হাজার ৬৫৭ ডলার পেমেন্ট করা হবে। গড় হিসাবে সুবিধাভোগীরা আগামী বছর বাড়তি ১ হাজার ১০৪ ডলার পেতে পারেন।

এ বিষয়ে সান গ্রুপ ওয়েলথ পার্টনার্সের সহ-প্রতিষ্ঠাতা এবং বাবস্থাপনা পরিচালক উইনি সান বলেছেন, এটি উপকারভোগীদের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে।

মুদ্রাস্ফীতি বৃদ্ধি পেলে বেনিফিটের বৃদ্ধি আসে। গত ১০ বছরেরও বেশি সময় ধরে মুদ্রাস্ফীতি সর্বোচ্চ হারে পৌঁছেছে। ১৩ অক্টোবর বুধবার শ্রম পরিসংখ্যান ব্যুরোর প্রকাশিত তথ্য অনুসারে, ভোক্তা মূল্য সূচক (কনজিউমার প্রাইস ইনডেক্স), যা খাদ্য, আবাসন এবং এনার্জির মতো সাধারণ ব্যয়ের মিশ্রণের খরচ ট্রাক করে, এই বছর এখন পর্যন্ত তা পাঁচ দশমিক চার শতাংশ বৃদ্ধি পেয়েছে। মুদ্রাস্ফীতির ঐতিহাসিক গতি দেখলে এটি একটি বড় পরিবর্তন। ইনফ্ল্যাশন উট কমেত তথ্য অনুসারে, ১৯১৩ থেকে ২০২১ পর্যন্ত দীর্ঘ মোয়াদি বার্ষিক গড় মূল্যস্ফীতি ছিল প্রায় ৩ শতাংশ।

৬৪ মিলিয়নেরও বেশি সোশ্যাল সিকিউরিটি সুবিধাভোগীরা জানুয়ারি থেকে এই বৃদ্ধিটি দেখতে পাবেন। প্রায় ৮ মিলিয়ন সান্নিমেন্ট সিকিউরিটি আয়ের সুবিধাভোগীরা ডিসেম্বর থেকে নতুন বৃদ্ধি পাওয়ার আশা করতে পারেন। একটি সাধারণ বছরে জীবন-যাপন ব্যয় সমন্বয় ১ শতাংশ থেকে ২ শতাংশ এর মধ্যে বৃদ্ধি পায়। ২০০৯ সালে মহামন্দার সময় ৫০ মিলিয়ন মানুষের জন্য সুবিধাগুলো পাঁচ দশমিক আট শতাংশ বৃদ্ধি পেয়েছিল, যা সেই সময়ে এক শতাব্দীর বেশি সময়ের মধ্যে সবচেয়ে বড় বৃদ্ধি ছিল।

সোশ্যাল সিকিউরিটির গোণ্য মজুতিতে ১২ দশমিক চার শতাংশ পে-রোল ট্যাক্স দ্বারা অর্থায়ন করা হয়, যার অর্ধেক কর্মচারী এবং অর্ধেক নিয়োগকর্তা দ্বারা প্রদান করা হয়। যদি না কর্মচারী স্ব-নিযুক্ত হয়, তবে সে ক্ষেত্রে তারা সম্পূর্ণ ১২ দশমিক ৪ শতাংশ প্রদান করবে। ২০২২ সালে, সামাজিক নিরাপত্তা কর সাপেক্ষে মজুরি আয়ের সর্বোচ্চ পরিমাণ ২০২১ সালে ১ লাখ ৪২ হাজার ডলার থেকে বেড়ে ১ লাখ ৪৭ হাজার ডলারে উন্নীত হবে।

যুক্তরাষ্ট্রে দেড় কোটি ডোজ টিকা নষ্ট হয়েছে

উত্তর আমেরিকা অফিস

বিশ্বের বিভিন্ন অঞ্চলে করোনাতাইরাসের টিকা বিপুল সংকট থাকলেও যুক্তরাষ্ট্র অন্তত দেড় কোটির বেশি ডোজ নষ্ট করেছে। দেশটির সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) একটি পর্যালোচনায় বলা হয়েছে, মার্চ থেকে সেপ্টেম্বর পর্যন্ত অন্তত দেড় কোটি ডোজ টিকা ফেলে দেওয়া হয়েছে। পৃথক অনুসন্ধানে উঠে এসেছে, ১০টি অঙ্গরাজ্যে ডিসেম্বর থেকে জুলাই মাসে ফেলে দেওয়া টিকার ডোজের সংখ্যা দশ লাখ। ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান এ খবর জানিয়েছে।

খবরে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে অব্যবহৃত ডোজ ফেলে দেওয়া হচ্ছে। লুইজিয়ানাতে ফেলে দেওয়া অব্যবহৃত ডোজের সংখ্যা ২ লাখ ২৪ হাজার। এখানে চতুর্থ ডেউয়ের ভয়াবহ প্রকোপ থাকলেও জুলাই মাসের শেষের দিকে ফেলে দেওয়া ডোজের সংখ্যা বেড়েছে। কিছু ডোজ নষ্ট হয়েছে ভায়াল খোলা ও সব ডোজ সম্পূর্ণ না হওয়াতে। কিন্তু ২০ হাজারের বেশি ডোজ নষ্ট হয়েছে মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে।

উইসকনসিনে প্রতিদিন হাজারো ডোজ অপচয় হয়েছে। আলাবামাতে ৬৫ হাজারের বেশি এবং টেনেসিতে প্রায় ২ লাখ ডোজ ফেলে দেওয়া হয়েছে। অবশ্য ফেলে দেওয়া ডোজের সংখ্যা টিকা দেওয়ার তুলনায় অনেক কম। যেমন-লুইজিয়ানাতে ৪৪ লাখ ডোজ সফলভাবে দেওয়া হয়েছে। কিন্তু এমন সময় এই ফেলে দেওয়ার খবর সামনে এল যখন বিশ্বের অনেক স্থানে মানুষ প্রথম ডোজ পাওয়ার অপেক্ষাতে রয়েছেন। জুলাই



১৯ নভেম্বর আমেরিকা ও কানাডার প্রায় ১৫টি মাল্টিপ্লেক্সে মুক্তি পাবে মাসুদ হাসান উজ্জ্বল পরিচালিত সিনেমা ‘উনপঞ্চাশ বাতাস’।

‘উনপঞ্চাশ বাতাস’ ১৯ নভেম্বর থেকে উত্তর আমেরিকায়

রোকেয়া দীপা

প্রায় ২ বছরের স্থবিরতা শেষে সুখবর হলো এ বছরের ১৯ নভেম্বর থেকে বিশ্ববাজারে আবার ফিরছে বাংলাদেশের সিনেমা। বাংলাদেশি সিনেমার আন্তর্জাতিক পরিবেশক স্বপ্ন স্কয়ারক্রো’র পরিবেশনায় ১৯ নভেম্বর আমেরিকা ও কানাডার প্রায় ১৫টি মেইন স্ট্রিম মাল্টিপ্লেক্সে মুক্তি পাবে মাসুদ হাসান উজ্জ্বল পরিচালিত রোমান্টিক ও মনস্তাত্ত্বিক ঘরানার সিনেমা ‘উনপঞ্চাশ বাতাস’।

রেড অক্টোবর ফিল্মস প্রযোজিত চলচ্চিত্রটিতে প্রধান চরিত্রে আছেন ইমতিয়াজ বর্ষণ ও শার্লিন ফারজানা। দারুণ কিছু গান করেছেন বাংলাদেশের বেজবাবা সুমন, শাওরিন, ভারতের সোমলাতা, সিধু এবং পরিচালক মাসুদ হাসান উজ্জ্বল নিজে। বাংলাদেশে মুক্তি পেয়ে ইতিমধ্যে দর্শক ও সমালোচকদের প্রশংসা পেয়েছে সিনেমাটি। এ ছাড়া, ১৯তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সমালোচক পুরস্কার ফিপ্রেসকি অ্যাওয়ার্ড ও লন্ডনে ২১তম রেইনবো চলচ্চিত্র উৎসবে সেরা পরিচালকের পুরস্কার অর্জন করেছে ‘উনপঞ্চাশ বাতাস’।

দেশের বাজারে অস্থিরতার মাঝেই স্বপ্ন স্কয়ারক্রোর হাত ধরে বিশ্ববাজারে মোটামুটি নিয়মিতভাবে বাংলাদেশের সিনেমা মুক্তি পেয়ে আসছিল ২০১৬ সাল থেকে। ২০১৯ সাল পর্যন্ত মুক্তি পায় ১৪টি সিনেমা। ২০২০ সালে কোভিড-১৯ থমকে দেয় পুরো বিশ্বকে। দীর্ঘ বিরতির পর বিশ্ববাজারে বাংলাদেশি সিনেমার ফেরা নিয়ে কি ভাবছেন স্বপ্ন স্কয়ারক্রো’র প্রতিষ্ঠাতা মোহাম্মদ অলিউল্লাহ সজীব? তিনি বললেন, ‘কোভিড পরবর্তী সময়ে সবকিছু বিবেচনায় এটিই সঠিক সময় বাংলাদেশি সিনেমার নর্থ আমেরিকা মার্কেটকে আবার রিস্টোর করার। আমরা শুরু করতে যাছি ঠিক সেখান থেকে যেখানে আমরা মহামারির জন্য



যুক্তরাষ্ট্রে দেড় কোটি ডোজ টিকা নষ্ট হয়েছে। ছবি : সংগৃহীত

পর্যন্ত নিম্ন আয়ের দেশগুলোর মাত্র ১ শতাংশ মানুষ প্রথম ডোজ টিকা পেয়েছেন। তুলনায় উচ্চ আয়ের অনেক দেশে অর্ধেকের বেশি মানুষ প্রথম ডোজ পেয়েছেন।

যুক্তরাষ্ট্রে ফেলে দেওয়া ডোজগুলোর বেশিরভাগ এসেছে ফার্মেসি থেকে। মে মাসে দুটি ফার্মেসি চেইন অঙ্গরাজ্য ও অঞ্চল ও কেন্দ্রীয় সংস্থার তুলনায় বেশি ডোজ নষ্ট করেছে। ওই মাসের মোট নষ্ট হওয়া ডোজের তিন-চতুর্থাংশ এই দুটি ফার্মেসি চেইন নষ্ট করেছে। এখন পর্যন্ত চারটি গুরুত্বপূর্ণ ফার্মেসি চেইন, ওয়ালগ্রিন্স, সিভিএস, ওয়ালমার্ট ও রাইট এইড নষ্ট করেছে অন্তত ৭৬ লাখ ডোজ।

টিকার ডোজ নষ্ট হওয়ার অনেকগুলো কারণ রয়েছে। অনেক সময় ভায়াল ভেঙে যায় অথবা নির্ধারিত ডোজ থাকে না; অনেক সময় সিরিঞ্জের সুঁই ঠিকমতো কাজ করে না; ফ্রিজ নষ্ট হয়ে পড়ে বা বিদ্যুৎ চলে যায়। আবার অনেক সময় নির্ধারিত সময়ে মানুষ টিকা নিতে হাজির হন না ফলে সেই ভায়ালটি অব্যবহৃত হিসেবে পড়ে থাকে।



থোমেছিলাম। তবে এবারের আমাদের যাত্রা হবে বেশ জোরালো।’

১৯ নভেম্বর বেশ বিস্তৃত পরিসরে মুক্তি পেতে যাচ্ছে ‘উনপঞ্চাশ বাতাস’। আমেরিকায় এত বড় পরিসরে এখন পর্যন্ত কোনো বাংলাদেশি সিনেমা মুক্তি পায়নি। সবকিছু ঠিক থাকলে আমেরিকার নিউইয়র্ক সিটি, লস এঞ্জেলেস, ডালাস, অস্টিন, হিউস্টন, ওয়েস্ট পাম বিচ, নর্থ মিয়ামি, ফেয়ারফ্যাক্স এবং কানাডার টরন্টো, অটোয়া, উইনিপেগ এ একযোগে মুক্তি পাবে ‘উনপঞ্চাশ বাতাস’। এ ব্যাপারে স্বপ্ন স্কয়ারক্রোর সঙ্গে যোগাযোগ করলে জানা যায় আরও চমকপ্রদ ও আশা জাগানিয়া খবর। ২০২৫ সালের মধ্যে ‘বাংলাদেশ ফিল্ম ইনস্টিটি’কে হলিউডে, বলিউডের পর উত্তর আমেরিকার ৩য় বৃহত্তম সিনেমা ইনস্টিটি হিসেবে পরিণত করার অনেক বড় মিশন নিয়ে কাজ করছে প্রতিষ্ঠানটি। কোভিড যেহেতু ২ বছর সময় নষ্ট করে দিয়েছে, এখন তাই বিস্তৃত পরিসরেই মুক্তি পেতে হবে ‘উনপঞ্চাশ বাতাস’ এবং এর পরবর্তী সব সিনেমাকে। প্রতিষ্ঠানটির সব পরিকল্পনা ঠিক থাকলে আগামী বছর-ই হয়তো বাংলাদেশের সিনেমা উত্তর আমেরিকার ১০০টি মাল্টিপ্লেক্সে এক সাথে মুক্তি পাওয়ার মাইলফলক ঠুঁয়ে ফেলবে।

স্বপ্ন স্কয়ারক্রো বাংলাদেশের প্রধান নির্বাহী বিশিষ্ট সাংবাদিক ও উপস্থাপক সৈকত সালাহউদ্দিন বলেন, উত্তর আমেরিকাসহ সব দর্শকের জন্য ভবিষ্যতে বাংলাদেশের সঙ্গে একই দিনে মুক্তির জন্য বেশ কিছু দারুণ সিনেমা চূড়ান্ত হয়ে আছে।

নির্মাতা মাসুদ হাসান উজ্জ্বল বলেন, বাংলাদেশে দর্শকপ্রিয়তার সঙ্গে নানা আন্তর্জাতিক উৎসবে সেরা সিনেমার বাংলাদেশি সিনেমার নর্থ আমেরিকা মার্কেটকে আবার রিস্টোর করার। আমরা শুরু করতে যাছি ঠিক সেখান থেকে যেখানে আমরা মহামারির জন্য

এনবিসি নিউজ জানিয়েছে, জুনের আগে ২০ লাখের বেশি ডোজ নষ্ট হয়েছিল। কিন্তু গ্রীষ্মে ভাইরাসের প্রকোপ বাড়ার সঙ্গে সঙ্গে নষ্ট ডোজের সংখ্যাও বেড়েছে। এ সময় টিকার মেয়াদ উত্তীর্ণ হওয়া ছিল নষ্ট হওয়ার অন্যতম কারণ।

প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন যুক্তরাষ্ট্রে বৃষ্টার ডোজের জন্য মজুত করে রাখা টিকা ব্যবহারে চাপ দিচ্ছেন। একই সঙ্গে কর্মকর্তারা উৎপাদনকারী কোম্পানিগুলোর সঙ্গে আলোচনা করছেন ভায়ালে ডোজের সংখ্যা কমিয়ে আনার জন্য।

বৈশ্বিক বৈষম্যের মধ্যে বিভিন্ন অঙ্গরাজ্যে অব্যবহৃত টিকার ডোজগুলো দান করে নষ্ট হওয়া এড়ানো সহজ না। অঙ্গরাজ্যগুলোকে বিতরণ করা টিকা পুনরায় আন্তর্জাতিকভাবে ব্যবহারের জন্য ফিরিয়ে আনা সম্ভব হয় আমলাতান্ত্রিক ও নিরাপত্তা উদ্বেগের কারণে সম্ভব না।

জো বাইডেন আগামী বছর বিশ্বের ৭০ শতাংশ মানুষকে টিকাদানের অঙ্গীকার করেছেন। বিভিন্ন দেশকে লাখ লাখ ডোজ টিকা দানের আশ্বাসও দিয়েছেন। কিন্তু এখনই বিভিন্ন দেশ তাদের বুদ্ধিপূর্ণ ও মহামারিতে ফল্টলাইনে থাকা কর্মীদের টিকা দিতে হিমশিম খাচ্ছে। যেখানে মার্কিনিরা টিকা নিতে অনীহা প্রকাশ করছেন।

বৃথবার বাইডেন প্রশাসনের কোভিড-১৯ মোকাবিলায় প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডেভিড কেসলার বলেছেন, টিকা উৎপাদনকারীদের উচিত বৈশ্বিক সংকট মোটাতে উৎপাদন বাড়ানো উচিত। যেমন-টিকা উৎপাদনের কথা যখন আসে তখন মডার্নিকে একটি কোম্পানি হিসেবে ভূমিকা রাখা উচিত।

জুয়েল সাদাত

আমেরিকার দ্বিতীয় বাংলাদেশি ঘনবসতিপূর্ণ অঙ্গরাজ্য মিশিগানে। নিউইয়র্কের পরই বাংলাদেশের মানুষ বেশি বসবাস করেন মিশিগানে। সেখানের ড্রট্ট্রেয়েট হ্যামট্রামিক, ওয়ারেন, স্টার রিং হাইটস, ট্রয়, ডিয়ারবন, এন হারবার, শেলভি এলাকায় কমবেশি ৮০ থেকে ৯০ হাজার প্রবাসী বসবাস করেন। ইমিগ্রান্ট হিসাবে যারা বাংলাদেশ থেকে যারা আসেন তারা প্রথমে কিছুদিন নিউইয়র্কে থাকেন তারপর সহজ জীবনযাত্রার শহর মিশিগানে বসতি স্থাপন করেন। বর্তমানে মিশিগান ছাড়াও নিউইয়র্কের একটি শহর বাফোলোতে অনেকেই যাচ্ছেন। তবে কাজের সহজলভ্যতা, জীবনযাত্রার স্বল্প ব্যয়, বাংলাদেশিদের মতো থাকার নানা কারণে মিশিগান বর্তমানে সবার পছন্দ। মিশিগানে ১০-১৫ মাইলের মধ্যে ৪৭ টি বাংলাদেশি গ্রোসারী রয়েছে। মিশিগানে প্রতি মাইলে একটি মসজিদ রয়েছে।

মিশিগানে ‘বাংলাদেশ অ্যান্ডিনিউ’ সহ বর্তমানে একটি স্থায়ী শহীদ মিনার তৈরির প্রক্রিয়াধীন। সেখানে যে সকল প্রবাসীরা রয়েছেন তাদের মধ্যে ৫০ হাজারের মতো প্রবাসী বাংলাদেশি এখনো সবুজ পাসপোর্ট বহন করেন। এবং প্রতিদিন দুই তিন শ প্রবাসী বাংলাদেশে ট্রাভেল করেন।

মিশিগানের কনাল্ট স্ট্রিটসহ নানা জায়গায় মানি ট্রান্সফারের দোকান রয়েছে কম বেশি ৩৭ টি। সেখান থেকে প্রবাসীরা যে পরিমাণ রেমিট্যান্স প্রেরণ করেন তার একটি আনুমানিক পরিসংখ্যানে দেখা যায় শুধু মিশিগান থেকে বাংলাদেশি প্রবাসীরা ৬৫ কোটি টাকা প্রতি মাসে দেশে পাঠান। তবে নানা উৎসবে সেটা ৭০/৭৫ কোটিতে গিয়ে দাঁড়ায়। মিশিগানের বেশ কয়েকজন রেমিট্যান্স স্পেশালিস্ট ব্যক্তিবর্গের সঙ্গে আলাপ

মিশিগানের প্রবাসী

বাংলাদেশিরা যে পরিমাণ রেমিট্যান্স করেন সেই হিসাব করলে অনেক আগেই সেখানে বাংলাদেশ কনসুলেটের একটি অফিস স্থাপিত হতে পারত।

করে, জানা গেছে এসব তথ্য।

মিশিগানে গ্রোসারীর সংখ্যা ৪৭ টি তার মধ্যে ৩৩ টি গ্রোসারীতে প্রতিদিন ন্যূনতম ১ হাজার থেকে দশ হাজার ডলার লেনদেন হয়। কনাল্ট ট্রাভেল, টাকা মানি এক্সচেঞ্জ, কুইক সেভ, ওয়ালী এন্টারপ্রাইজ ও সোনালী এক্সচেঞ্জসহ বেশ কয়েকটি প্রতিষ্ঠান রেমিট্যান্স প্রেরণে প্রথম সারির। ‘সোনালী একচেঞ্চ’ নামের সরকারি প্রতিষ্ঠানটি সরকারি প্রতিষ্ঠান হিসাবে দাবি রাখলেও বিকেল ৪ টায় সেটা বন্ধ হয়ে যায়, আবার বেশির ভাগ সময় সেটা ৪ ঘণ্টা খোলা থাকে। আবার নানান কাগজপত্রের নানা জটিলতায় সেখান থেকে টাকা প্রেরণে অনেকেই অনাগ্রহ। মিশিগানেকনসুলেটের দাবিতে মিশিগান প্রবাসীরা সোচ্চার, তারা কি পরিমাণ রেমিট্যান্স প্রেরণ করেন তার সঠিক পরিমাণ মাসে ১০০ কোটি।

৬৫ কোটি বা ৭০ কোটি প্রেরিত হচ্ছে লিগ্যাল চ্যানেলে বাকি ৩০ কোটি টাকা প্রবাসীরা নিজে বহন করে নিয়ে যান। মিশিগানের ৯০ হাজার প্রবাসীদের মধ্যে ২০০ থেকে ৩০০ জন প্রবাসী প্রতিদিন বাংলাদেশে ভ্রমণ করছেন। মাসিক হিসাবে ৫/৬ হাজার প্রবাসী মিশিগান থেকে বাংলাদেশ ভ্রমনকালীন সময়ে নিজে বহন করেন ন্যূনতম পাঁচ হাজার থেকে দশ হাজার। নন ডিরেকশেনে দশ হাজার বহন করা যায়। দুই সপ্তাহ নানা মাধ্যমে তথ্য উপাত্ত পর্যালোচনা করে দেখা গেল প্রতি মাসে মিশিগান থেকে ১০০ কোটি টাকা

বাংলাদেশে রেমিট্যান্স হিসাবে যাচ্ছে।

অনেক প্রতিষ্ঠান নিরাপত্তা জনিত কারণে সঠিক তথ্য দিতে চাননি। তবে একটি প্রতিষ্ঠানের কর্ণধার নাম প্রকাশ না করার শর্তে জানান তিনি মাসে এক থেকে দেড় মিলিয়ন ডলার পাঠান করে থাকেন। এ সকল রেমিট্যান্স প্রতিষ্ঠানে সকাল দশটা থেকে রাত দুটো পর্যন্ত মানি ট্রান্সফার হয়ে থাকে। আমি নিজে সরেজমিনে গভীর রাতে ধারি ট্রানজেকশন করতে দেখেছি লাইন মনে। অনেকেই ফ্যাক্টরিতে জব করেন, সেখান থেকে সেজাা টাকা পাঠাতে কনাল্ট স্ট্রিটে চলে আসেন। প্লাসিড, ঝল ওয়ার্ল্ড, রিয়া, সোনালী এক্সচেঞ্জসহ নানান কোম্পানির মাধ্যমে রেমিট্যান্স যাচ্ছে বাংলাদেশে । আবার সরকারের দুই শতাংশ প্রণোদনা অনেককে লিগ্যাল চ্যানেলে টাকা প্রেরণে উৎসাহ দেয়। অনেকেই মোবাইল অ্যাপস দিয়েও টাকা পাঠিয়ে থাকেন।

বাংলাদেশে সারা আমেরিকার প্রবাসীরা কি পরিমাণ রেমিট্যান্স প্রেরণ করেন সেই হিসাব করলে দেখা যায় তা মাসে কয়েক হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে। মিশিগানের প্রবাসী বাংলাদেশিরা যে পরিমাণ রেমিট্যান্স করেন সেই হিসাব করলে অনেক আগেই সেখানে বাংলাদেশ কনসুলেটের একটি অফিস স্থাপিত হতে পারত। কোনো এক অদৃশ্য শক্তির কারণে কম রেমিট্যান্স প্রেরনকারী ফ্লোরিডার মায়ামি কনসুলেট পেয়ে গেল।

মিশিগানবাসী দাবি করেন, রেমিট্যান্সের অগ্রাধিকার হিসাবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বশীলরা অচিরেই মিশিগানে কনসুলেটের অফিস স্থাপনের ঘোষণা দেবেন।

মিশিগানের কয়েকজন প্রবীণ কমিউনিটি নেতা জানান, মিশিগান প্রবাসীরা বাংলাদেশের অর্থনীতিতে বিরাট ভূমিকা পালন করছেন, অথচ আমাদের একটি ন্যায্য দাবি পূরণ হচ্ছে না। পররাষ্ট্রমন্ত্রী কমিটেড ছিলেন, অথচ তিনি সেই দায় এড়িয়ে চলছেন। মিশিগানের কনসুলেট অনেক রাজস্ব আদায় করতে সক্ষম হবে নিঃসন্দেহে।

বিশ্ব সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুস্মরণ অনস্বীকার্য

উত্তর আমেরিকা অফিস

দলমত, ধর্ম-বর্ণনির্বিষেযে বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)-এর জীবনাদর্শ অনুসরণের মাধ্যমে ইহকাল ও পরকাল সুন্দর করার আহ্বান জানিয়েছেন সিরাতুন্নবী (সা.) কনফারেন্সের বক্তারা। নিউইয়র্ক : গ্লোবাল দাওয়াহ চ্যানেল আইটিভি ইউএসএ-এর উদ্যোগে আয়োজিত সিরাতুন্নবী (সা.) কনফারেন্সে বক্তারা আরও জানান, মুহাম্মদ (সা.) শুধু মুসলমানদের জন্য নয়, তিনি সমগ্র বিশ্ববাসীর জন্য শান্তির বাণী নিয়ে এসেছিলেন। বিশ্বের চলমান যেকোনো সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুস্মরণ অনস্বীকার্য।

গত শুক্রবার (১৫ অক্টোবর) সিটির কুইন্সের সাতফিন বুলেভার্ডের হিলসাইড অ্যাভিনিউয়ের তাজমহল পাটি হলে চ্যানেল আইটিভি ইউএসএর উদ্যোগে আয়োজিত সিরাতুন্নবী (সা.) কনফারেন্সে অনুষ্ঠিত হয়। বাসমা-এর টাইটেল স্পনসরে আয়োজিত কনফারেন্সের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আইটিভি ইউএসএর সিইও মাওলানা মুহাম্মদ শহীদুল্লাহ।

এরপর শুরু হয় ইয়ুথ প্রোগ্রাম। এতে দারুল উলুম, দারুস সালাম মসজিদ, জামায়ািকা মুসলিম সেন্টারসহ বিভিন্ন ইসলামিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা অংশ নেন। এ সময় দারুল উলুমের সিনিয়র শিক্ষক মাওলানা জুবায়ের আহমেদ নন্দবী, হাফেজ আবুল খায়ের, ইমাম জাফরী আলী, হাফেজ নাজমুল হাসান, ইমাম মিজাঁ শাকেরুর রহমান, হাফেজ তাজুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। বক্তারা কোরআন-হাদিসের আলোকে বিভিন্ন দীন-তুলি ধরে দাওয়াতি কাজের ওপর গুরুত্বারোপ করেন। দাওয়াতি কাজের জন্য আইটিভির মতো চ্যানেলকে পৃষ্ঠপোষকতা করতে হবে বলে বক্তারা উল্লেখ করেন।

কনফারেন্সে আমন্ত্রিত অতিথি হিসেবে মহানবীর (সা.) জীবনাদর্শ নিয়ে বক্তব্য রাখেন জামায়ািকা মুসলিম সেন্টারের (জেএমসি) ইমাম ও খতিব আবু জাফর বেগ, জেএমসির পরিচালক ইমাম শামসী আলী, বায়তুল মামুর মসজিদের ইমাম ও খতিব দেলোয়ার হোসেইন, ইসলামিক হায়াতসম্পন্ন হাফিজ কারী নাজমুল হাসান। নতুন প্রজন্মের জেমাইমা মাদিনহা ও জোহাইমা মানহা কোরআন তিলাওয়াত, কবি ফররুক আহমদের কবিতা পাঠ করেন রোমাইদা আনসারী, গভীর পরিবেশন করেন রেদওয়ানা রাহী ও মাহিন।

কনফারেন্সে নিউইয়র্কের সিনেটর জন ল্যু, ব্রুকলিন বরো প্রেসিডেন্ট এবং সিটি মেয়র পদে ডেমোক্রেটিক পার্টির এরিক অ্যাডমের প্রতিনিধি ও সাউথ-ইস্ট এশিয়ান অ্যাফেয়ার্সের পরিচালক দীলিপ চৌহান, হিলসাইড ইসলামিক সেন্টারের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান আবদুল আজিজ উইয়া প্রমুখ বক্তব্য দেন। বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য ব্রুকলিন বরো প্রেসিডেন্টের পক্ষ থেকে বিভিন্ন



চ্যানেল আইটিভি ইউএসএর উদ্যোগে আয়োজিত সিরাতুন্নবী (সা.) অনুষ্ঠানে অতিথিরা

স্কুলের ইসলামিক স্টাডিজের প্রধান ইমাম জাফির আলী, জনপ্রিয় শিশুবক্তা ও ফাউন্ডার অব চাইল্ড ইউএন অ্যান্ড হার্ডার্ড স্পিকার ফতিহা আয়াত প্রমুখ।

কনফারেন্সে নিউ জার্সির দারুল ইসলাম হাফিজ একাডেমির পরিচালক ও ইমাম শায়েখ ওয়ালিদ পবিত্র কোরআন থেকে তিলাওয়াত এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নারশিদ শিল্পী ইকবাল হোসেন জীবন রাসুল (সা.)-এর শানে নাশিদ পরিবেশন করে উপস্থিত সবাইকে মুগ্ধ করেন। এ ছাড়াও পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন হাফিজ কারী নাজমুল হাসান। নতুন প্রজন্মের জেমাইমা মাদিনহা ও জোহাইমা মানহা কোরআন তিলাওয়াত, কবি ফররুক আহমদের কবিতা পাঠ করেন রোমাইদা আনসারী, গভীর পরিবেশন করেন রেদওয়ানা রাহী ও মাহিন।

কনফারেন্সে নিউইয়র্কের সিনেটর জন ল্যু, ব্রুকলিন বরো প্রেসিডেন্ট এবং সিটি মেয়র পদে ডেমোক্রেটিক পার্টির এরিক অ্যাডমের প্রতিনিধি ও সাউথ-ইস্ট এশিয়ান অ্যাফেয়ার্সের পরিচালক দীলিপ চৌহান, হিলসাইড ইসলামিক সেন্টারের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান আবদুল আজিজ উইয়া প্রমুখ বক্তব্য দেন। বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য ব্রুকলিন বরো প্রেসিডেন্টের পক্ষ থেকে বিভিন্ন

মসজিদের ইমাম, ইকবাল হোসেন জীবন ও ফতিহা আয়াতকে সম্মাননা সার্টিফিকেট প্রদান করা হয়।

কনফারেন্সে আবু জাফর বেগ বলেন, জীবনের সব ক্ষেত্রেই রাসুল (সা.)-কে অনুসরণ-অনুকরণ করা আমাদের কর্তব্য। দেলোয়ার হোসাইন বলেন, জীবনকে সুন্দর করতে আর শান্তিময় জীবনের জন্য আল্লাহ-রাসুল (সা.)-কে সমানভাবে ভালোবাসতে হবে। শামসী আলী বলেন, মহানবীর (সা.) জীবনচরিত নিজেদের মধ্যে ধারণ করে আমাদের জীবনকেও মানবিক গুণাবলিসম্পন্ন করে তুলতে হবে। আবদুল আজিজ উইয়া বলেন, রাসুল (সা.) হচ্ছেন পৃথিবীর সব মানুষের মধ্যে শ্রেষ্ঠ মানুষ। তাঁর সূন্যহ তথা জীবনচরিত পালনের মধ্য দিয়ে প্রত্যেকেই আল্লাহতায়ালার সন্তুষ্টি লাভ করতে হবে। ইমাম জাকির আহমেদ বলেন, রাসুল (সা.) সমগ্র মানবজাতির জন্য আদর্শ। তিনি রহমাতুল্লিল আলামীন অর্থাৎ সমগ্র বিশ্ববাসীর জন্য রহমতস্বরূপ।

দীলিপ চৌহান তাঁর বক্তব্যে সীরাহ কনফারেন্সের সাফল্য কামনা করেন এবং ব্রুকলিন বরো প্রেসিডেন্ট ও মেয়র পদপ্রার্থী এরিক অ্যাডামের শুভেচ্ছা পৌঁছে দেন।

কনফারেন্সের আয়োজক দলের প্রধান ও আইটিভি ইউএসএর সিইও মুহাম্মদ শহীদুল্লাহ বলেন, ‘পৃথিবীর

সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ মহানবী (সা.) সব মানুষের জন্য আদর্শ। তরুণ প্রজন্মের মধ্যে সেই আদর্শকে ছড়িয়ে দেওয়ার মহান লক্ষ্য নিয়ে আমরা এ কনফারেন্সের আয়োজন করেছি। রাসুল (সা.)-এর জীবনকে জানতে ও মানতে তিনি সবার প্রতি আহ্বান জানান।’

সহ-আয়োজক আবদুল মুকিত বলেন, মহানবী হজরত মোহাম্মদ (সা.) হলেন বিশ্ব মানবতার মুক্তির দূত। তিনি শুধু মুসলমানদের জন্য পথ দর্শক নন। একজন অমুসলিমের জন্যও তিনি আদর্শ মানব।

সর্বশেষে বিশেষ মোনাজাত পরিচালনা করেন আবু জাফর বেগ। এর আগে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন জামায়ািকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটিসি সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার। এশার নামাজ জামায়াতে আদায় ও তারকক বিতরণের মধ্য দিয়ে সিরাহ কনফারেন্সের সমাপ্তি হয়। জামায়ািকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটিসহ স্থানীয় মসজিদ ও ইসলামিক সেন্টারগুলো সার্বিক সহযোগিতায় ছিলেন।

৭ বছর ধরে আইটিভি যুক্তরাষ্ট্রে সম্প্রচারিত হয়ে আসছে। ইসলাম, নবী-রাসুল আর আল-কোরআন মানুষের কাছে পৌঁছে দেওয়ার দাওয়াতি কাজই হচ্ছে আইটিভির প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য।



আপন হতে বাহির হয়ে কুইবেকে

রূপা ফারজানা

১. গল্পেরা ছুটে যাচ্ছিল ১৩০ কিলোমিটার/ঘণ্টা বেগে। ধূসর চিলের ডানায় সকালের বাতাস কেটে গল্পেরা যাচ্ছিল উত্তরপূর্বের অজানা নতুন এক প্রদেশে। যত্নে আদরে ঝেড়ে মুছে রেখে আসা আমাদের ছোট্ট বাড়িটি ক্রমশ পেছনে পড়ে যাচ্ছিল। সিঁড়ির কোণ, তুলোর ধার, বসার ঘরের কার্পেট মেঝে সবকিছুতে রেখে আসা আমাদের আঙুলের ছাপ, টোস্তারের রুটি পোড়া গন্ধ, আমাদের ছোট্ট বাগান, ডেকের ওপর রড আয়রনের গোল টেবিল, বেড সাইড টেবিলে রাখা ‘নকশিকাঁথার মাঠ’-এসবের আগামী সাত দিন ছুটি। পাহাড় কাটা রাস্তায় মরচেরঙা গল্পেরা হস্তদন্ত ছুটে যাচ্ছিল। আকাশে পলকা মেঘের প্রদর্শনী-কখনো তারিণী খুড়োর সিগার পাইপ, কখনো threesome Shark family আবার কখনো গণিতের পাই। দৌড়ে পেরিয়ে যাচ্ছিল বের ভিল, হাজার দ্বীপের

নগর Kingston। পথে পড়েছিল Canadian forces এর Trenton base. মহামারির শুরুর দিকে চীন দেশ থেকে ফেরত আসা কয়েকজন কানাডাবাসীকে সরকার এখানে আইসোলেট করে রেখেছিল অজানা আশঙ্কায়। তখনো এ রোগের চাল ও চাতুর্য বোঝা হয়ে ওঠেনি কারও। সেগুলো ইতিকথার আগের কথা। ভাষা ও জাতিগত স্বতন্ত্রতায় কুাবেকোয়াদের (Quebcois) নাক যে উঁচু, খাঁড়া ও পোক্ত তা শুরুতে জানা গেল Old Quebec এ ভাড়া নেওয়া apartment মালিকের আদ্যোপান্ত ফরাসি ভাষায় লেখা ইমেইল সম্ভাষণ বার্তায়, যেটার ইংরেজি মর্মার্থ আমাদের নিজ উদ্যোগে খুঁজে নিতে হয়েছে। প্রদেশে ঢোকা মাত্রই street sign, গলি, দোকান, রেষ্টোরীর নামের ভাষাও গেল বদলে। বিপদ বুঝে আমি গুগলম্যামুর কাছে ফরাসি ভাষাশিক্ষার প্রাথমিক পাঠ নিতে লেগে গেলাম। Bonjour Quebec!

২. তাহাদের এই নদীর নামটি সেন্ট লরেন্স।

চিলমারী চাঁদ থেকেও দেখা যায়, আবার ঘাট থেকেও। দু’টো দেখা যে তবু একেবারেই ভিন্নরকম হবে তা যে চিলমারী দেখেনি সেও বলে দিতে পারে।

ঘাট থেকে কুইবেক শহর দেখার ইচ্ছে নিয়ে আমাদের রোববার সকালের ঘুম ভেঙেছিল। ঘাটের নাম শেইনার্ড পিয়ের (Chouinard pier)। ঘাটে বাঁধা তেতলা জাহাজের নাম M/V Louise Jolliet. নামগুলো এতই দাঁতভাজ যে বাড়ি ফিরতে ফিরতে আমার শুধু অক্সেলদাঁতগুলোই বোধ হয় বেঁচেবর্তে থাকবে।

জাহাজের ডেক থেকে শহরপানে চোখ রাখলে সেখানকার ইমারত-ই-আজম ইমারত-ই-শান শাতু ফ্রন্টন্যাকের (Chateau Frontenac) দিকেই চোখ যায় প্রথমে। নীলচে সবুজ oxidized copper- এর মুকুট পরা ইমারতটির বয়স ছয়কুড়ি। ‘The most photographed hotel in the world’- আমাদের চোখ ও ক্যামেরাও সেখানচাতেই গেরিলা আঠার মতো আটকে ছিল বহুক্ষণ।

অতিকষ্টে আঠা ছাড়িয়ে ডানের পাহাড়ের পাদদেশে চোখ নামাতেই দেখি শহরের প্রতিরক্ষা প্রাচীরের পাশে লম্বা নাক উঁচিয়ে পাঁচটি কামান ঠিক যেন আমাদেরই দিকে তাক করা। ইতিহাসের পাতা উল্টে বের করলাম Battle of Plains of Abraham- এর ফিকিরনামা। সন ১৭৫৯। ইংরেজদের ‘বিশ্ব জুড়ে রাশি রাশি উপনিবেশ’ স্থাপনার আরও একটি দীর্ঘ রক্তাক্ত গাথা। কল্পনার চোখে দেখছিলাম আমাদের জাহাজটি যেখানে দাঁড়িয়ে, দু শ’ বাষটি বছর আগে জেনারেল জেমস উলফ-এর ১৫০টি যুদ্ধজাহাজের কোনো একটি হয়তো ঠিক সেখান থেকেই মক্যাম (Louis-Joseph de Montcalm) সাহেবের ফরাসি সেনাদের নাস্তানাবুদ করে তুলছিল। দু’চারটা খুচরো কামানের শেল হয়তো পড়ে ছিল ঠিক আমারই পায়ের কাছটায়।

নদীর নাম আমু দরিয়়া হোক বা কর্ণফুলী, টাইগ্রস হোক বা সেন্ট লরেন্স, ওপর দিয়ে যত জলই গড়িয়ে যাক, গভীরের আত্মকথা তার চিরকালই রুক্ষ কঠিন ও নির্জলা।

Cruise আমাদের নিয়ে গেল মতমরেন্সি জলপ্রপাত ও Orleans Island bridge অন্দি। সুদর্শন ও সুবেশী টুর গাইড তার ব্যারিটোন কণ্ঠে দেড় ঘণ্টা ধরে শহর ও নদীর পরিচয় ও প্রণয়োপাখ্যান বলে গেল। কিছু তার শুনে নিলাম, বাকিটা মনের ভেতর বাজতে থাকা অন্য আরেক নদীর গানের সুরতে মিলিয়ে গেল—

‘সেই নদীর তীরে তীরে ছোট ছোট ঘরবাড়ি পানসি ছোট্ট চেউ ভেঙে পরনে নদীর নীল শাড়ি।’

৩. ‘ঘরেতে এল না সে তো মনে তার নিতা আসা-যাওয়া’ সাড়ে চার শ কোটি বছর আগে তব্বী শ্যামা মতমরেন্সি নদীর না ছিল ঘর, না ছিল মনের মানুষ। বহু ক্রোশ পথ একা চলতে চলতে অনন্ত যৌবনা একদিন পেল নবীন পাহাড়ের দেখা। ভালোবেসে পাহাড় তার প্রশস্ত বুকটি বিছিয়ে দিলে নদী খুলে দিল দীর্ঘ ফেনিল অলকগুচ্ছ। তারপর থেকে সেখানেই তাদের কলকাকলীর সংসার।

সংসার টংসার সব মনগড়া হলেও প্রকৃতির সমস্ত চমৎকারিত্বে প্রেমের গন্ধ তো আছেই। প্রেম না থাকলে বিবর্তন আসত কোনো পথে? শুনেছি ভূতত্বের প্রাচীনতম পেলিওজোয়িক যুগে এই এলাকায় দানবকৃতির মীন ও স্কুইডদের বিচরণ ছিল। প্রাকৃতিক নির্বাচনের কাটাকুটিতে জিতে গিয়ে এখন আছে

হাইড্রোইলেক্ট্রিক পাওয়ার স্টেশন।

১৬০৮ সালে কুইবেক শহর ও নব্য ফ্রান্সের জনক স্যামুইয়ে শমপ্লী (Samuel de Champlain) ফ্রান্সের তৎকালীন অ্যাডমিরাল ও ড্যামভিলের ডিউক Charles De Montmorency- র নামানুসরণে নদী ও জলপ্রপাতের নাম রাখলেন মতমরেন্সি। মতমরেন্সি নদী জলপ্রপাতের মুখে নেমে মিলেছে সেন্ট লরেন্সে।

নায়াগ্রাকে ৩০ মিটারে ছাড়িয়ে এই কলহাস্যময়ী উচ্চতায় ৮৩ মিটার। নানা বরণে ভূষণে তাকে দেখার জন্য রয়েছে cable car, বুলস্তু সেতু, আর পাহাড়ের গা বেয়ে নামিয়ে দেওয়া ৪৮৩টি ধাপের সিঁড়িপথ। রক্তে দুঃসাহসের মাত্রা বুঝে rock climbing, zip lining এসবের ব্যবস্থাও আছে। আমাদের কেবল একটি বেলায় এতখানি সাহস সঞ্চয়ের সময় মিলল না।

৪. কুইবেক শহর হেঁটে ঘুরে দেখার স্মৃতিটুকু থাক এক টুকরো সুগার ক্যান্ডির মোড়কবন্দী হয়ে। মাঝে মাঝে একটু চেখে মুড়ে রাখব ফের। খুব বেশি সুগার rush হলে হয়তো আবার ছুট যাব-তবে দ্বিতীয়বার এলে এ শহরের ঠিক কোথায় চুষকীয় ফেন্লেটি লুকিয়ে আছে তার কিনারা আমি করবরম।

কোব্যালস্টোনের সর্পিল হাঁটাপথ ধরে কখনো সামনে আসে শহর প্রাচীর ঘেষে উল্লাসিক প্রহরীর মতো দাঁড়িয়ে থাকা সারিবদ্ধ কানাম, কখনো বা চিরজাগ্রক কোনো স্মৃতিস্তম্ভ। আগাগোড়াই এক জাদুনগর।

দালান জুড়ে আঁকা ফ্রেস্কোতে কামারপাড়ার ঘর্মান্ত যুবা, শশবন্ত জেলে বউ, রসিক নারিক, গুলতি ছোড়া বালক, কখনো মহানায়ক, কখনো ইতিহাসের বিস্মৃত কোনো ক্ষুদ্র চরিত্র। আর এসবের অদূরে বসে শ্রৌট নিম্নদ্ব হার্পিস্ট। উনিশ-কুড়িয়ে এখানে এলে ‘প্রেমে পড়া বারণ’ গানটা আমার গ্লেলিস্টের নিষিদ্ধ গানের ফোল্ডারে লুকিয়ে পড়ত।

লিখতে লিখতে আবারও sugar rush! চটজলদি silky smooth চকলেটের মোড়কবন্দী হলো গ্লেইস রয়্যাল, শ্মল শম্প্লঁ (Petit Champlain), ডাফারিন টেরেস, শাতু ফ্রন্টন্যাক, নটরডাম কাথিড্রাল, Plains of Abraham। আর লাল-নীল টোপর পরা ম্যাচ কাঠির মতো দালানগুলোর কী ব্যবস্থা করি? ওগুলো সব যে চিনির গুদাম!

সপের খুদে পর্যটক জুরটর বাঁধিয়ে বসায় itineryery থেকে কাটা পড়ল কুইবেক সিটিডেল (La Citadelle de Qubec) এর অন্দরমহল, ওর শুধু বাইরে চোখ বুলিয়ে চল এলাম। আমাকে চুষকের মতো টানছিল Museum of Civilization, Museum of Bad Arts। একযাত্রায় কি সব সাধ মেটে? তবে রসনার দিল দুখিয়ে লাভ নেই। তাই

সাহিত্য । 33

আবশ্যিক গম্ব্যের তালিকায় থাকা চাই Phil Smoked Meat, Poutineville, Tutti Frutti ও BeaverTails। বাড়ি ফিরে ক’টা নফল রোজা করে নিলেই চলবে।

৫. লরেনশিয়ান পর্বতের আঁচল ঘেরা মৌচাকটির নাম মনট্রমরঁ- মধুলেহী পর্যটকদের খুব আদরের। মধ্যা্থানে ট্রমরঁ লেকের বকবকে আয়নায সুসজ্জিত গিরি কিরীটী দেখে বুঝেছিলাম এ পাহাড়ও ঘোর নার্সিসিস্ট। সেটা অবশ্য সাহেউও তবু এনার ব্যাপার একটু আলাদা।

৯৬৮ মিটার উচ্চতায় দৃষ্টির সব বাধা সরে গেলে কিছু সময়ের জন্য চোখেরও বুদ্ধি লোপ পেয়েছিল। আর কত দূর যাবে বুঝতে না পেরে ধারেকাছেই কয়েকবার গোত্তা খেয়ে ওপরে ওঠে সে। তারপর ওই দিকশূন্য ভূপালের যেখানটায় পৌঁছে দৃষ্টি আর ফিরতে চায়নি সেটা কোনো বর্ণটি fashion week এর খণ্ডচিত্র হতে পারে। তন্দা খাওয়ালো এক পাহাড়ের off-shoulder লাল-হলুদ গাউন তো আরেকের জাফরানি অ্যাসিমিট্রিক স্কাট। আমাদের মুখব্যাদানে প্রমাণিত হলো দিফ্যালি দ্য মোদের মেঘবালিকারাও তাদের ফ্লাটি হন্টারে কম যায়নি। শুনেছি ramp টি আরও সন্তা-তিনেক সরগরম থাকবে। আমরা দুই দিনে যতটুকু পারা যায় চোখে-মনে গেঁথে নিলাম।

মনট্রমরঁ পল্লি ও তার জীবনযাত্রা দু’টেই সুমন্দ আচারী। সেটা টের পেয়ে আমরাও শহুরে ইঁদুর টুপি খুলে রেখে দু’দিনের জন্য পল্লি ইঁদুর বনে যাই। ধীরে হাঁটার অভঙ্গ কানুন মানতে গিয়ে বুঝলাম এখানকার চড়াই দৌড়ে ওঠা চাইলেও সহজ হবে না। নামাটাও বা কতখানি কী সেটা এখানকার স্কিয়াররা ভালো বলতে পারবে। কোনো এক শীতে তাদের সঙ্গে যোগ দেওয়ার চেষ্টা করেছিলাম। বেড়ালের মতো পায়ৈ-পায়ৈ ঘুরল কিছুক্ষণ। দেখাই যাক পেন্লে পুষে তাকে কত বড় করা যায়!

ছুটি শেষের ঘণ্টাধ্বনি অধর্মের খুব নাপছন্দ। বাড়ি ফিরতেই হবে এমন দূরি মাথায় করে কেন যে কেউ এমন জায়গায় আসে! যেতে যেতে দ্বিতীয়বার cable car- এ চড়ে খুদে পর্যটকের মন প্রসন্ন ছিল। Place Bonbon এর সুদৃশ্য পুরিা হাতে সে বারবার মনে করাচ্ছিল এ জায়গায় আবার ফিরতে হবে। শুধু এতসবের ভেতর হোটেলের আদরগ্রাউন্ড পার্কিং লটটি যে কেন তার মনে ধরেছিল সবচেয়ে বেশি সেটা সে-ই জানে।

গল্পেরা ছুটে যাচ্ছিল ১৩০ কিলোমিটার/ঘণ্টা বেগে। আর ছুটেতে ছুটেতে পাহাড় বলেছিল, ‘তোর নাম সুনীল না? জানি জানি, এবার তুই একটা পাহাড় কিনতে চাস।’

রোমেনা লেইস

আমাদের ছোট বোন দীপা পাগল ছিল। বন্ধ পাগল। আসলে পাগল ছিল না। ছিল কিছুটা বুদ্ধি প্রতিবন্ধী, চূপচাপ। কথা কম বলে। সবার সঙ্গে খেতে বসলে সবার খাওয়া হয়ে যায়, সে খেতেই থাকে। বেশি খায় যে এমন না। কিন্তু কেমন যেন খুটে খুটে খায়। পড়ালেখা করতে চায় না। পড়তে বসলেই বলে মাথা ব্যথা করে। বই খাতা ছুড়ে ফেলে বিছানায় শুয়ে থাকে। বিছানায় শুয়ে দেয়ালের দিকে ফিরে একা একা কথা বলে বিভিবিড় করে, হাসে।

বাবা শওকত চৌধুরী আর মা সাইদা চৌধুরী দুজনেই দেখতে সুন্দর। তিন ছেলে ইকরাম, রাইসুল, ইমরানের পর প্রথম মেয়ে সন্তান দীপাও খুব সুন্দরী দেখতো। আমি ইমরান। দীপার পিচাপিচি। দীপার দুধে আলতা গায়ের রং। মাথাভর্তি কাঁচলা চুল। ঠোঁটের ওপরে একটা কালো তিলা। ১০-১২ বছরের যখন-তখনই চলচলে লাগণময়ী হয়ে ওঠে। গ্রামের চৌধুরী বাড়ির মেয়েটি অপূর্ব সুন্দরী তা প্রায় আকাশেশের কয়েক গ্রামের মধ্যে সবাই জানত।

পাশের গাঁয়ের রহমত জোতদারের ছেলে বিলাতে গিয়েছিল ব্যারিস্টারি পড়তে। বিলাতে তার বউ মরেছে। সে দেশে ফিরে এসেছে ছুটি কাটাতে। এলাকার ঘটক আসে চৌধুরী বাড়িতে। জানায় যে তাদের আত্মহ তাঁদের মেয়েটিকে বউ করার প্রতি। ১৩ বছরের মেয়েটি তখন সকাল-সন্ধ্যা আয়নার সামনে বসে কাজল দেয় চোখে। সদ্য ওড়না মাথায় দিয়ে একা একা কথা বলে। তো সবাই ভাবে এ যখন পড়ালেখা ভালোবাসে না তখন বিয়ে দিয়ে দেওয়াই ভালো। আর বিলেতে চলে গেলে আরও ভালো থাকবে। এ ভাবনা থেকেই দুই পরিবারের লোকজন এক সঙ্গে বসে। শলা পরামর্শ করে। সিদ্ধান্ত হলো যে দীপার বিয়ে হবে তবে আপাতত সে বাবার বাড়িতে থাকবে। তবে বছর দুয়েক পরে তাকে বিলেত নিয়ে যেতে পারবে।

দীপা তোমার বিয়ে দিতে চাই, নতুন মামি বলেন। দীপা লজ্জায় লাল হয়ে পাণিয়ে যায় মামির সামনে থেকে। বিকেলে মামি দেখলেন পুতুলের বিয়ে দিচ্ছে দীপা। ওর ছেলে পুতুলের সঙ্গে ওর মেয়ে পুতুলের। দীপার নতুন মামি দূরের এক শহরের মেয়ে। দীপার মামা পড়তে চলে গেছেন বিলাত। তাই মামি থাকেন দীপাদের বাসায়। শওকত চৌধুরী আমাদের বাবা তার শ্যালকের বউকে দীপাকে বিয়েতে রাজি করানোর জন্য বললেন। নতুন মামি রাতে দীপাকে

বোঝালেন যে বিয়ে হলে মেয়েদের শ্বশুর বাড়ি চলে যেতে হয়। যেমন তাকে তার বাবারবাড়ি ছেড়ে এসে এখানে থাকতে হচ্ছে। তবে দীপার পুতুলগুলোর মতো দীপার বিয়ে হলে এখন বাবার বাড়ি ছেড়ে যেতে হবে না শ্বশুর বাড়ি। সে এখানেই থাকবে বাবার বাড়ি। তারপরও বিলেত যাবে ওর বরের কাছে। দীপা কীথার নিচে মুখ লুকিয়ে ফেলে। তারপর এক সময় ঘুমিয়ে যায়। ওর নিশ্বাসের ভারী আওয়াজ পেয়ে লায়লা মামি বোঝেন যে দীপা গভীর ঘুমে। তখন সেও পাশ ফিরে শোয়।

লায়লা বেগমের নিজের বাবার বাড়ি যেতে ইচ্ছে করে। বাব-মা আর ছোট ভাইবোনের কথা মনে পড়ে। বুক চিড়ে ভাইশ্বাশ বের হয়। স্বামী বিয়ের এক মাস পর চলে গেছে বিলেতে ব্যারিস্টারি পড়তে। রেখে গেছে বড়বোনের কাছে। শ্বশুর-শাশুড়ি বেঁচে নেই লায়লার। মন উদাস লাগে। প্রায় রাতে ঘুম আসে না। লায়লা মেট্রিক পাশ করেছিল। ইচ্ছে ছিল আরও পড়বে কিন্তু বাবা-মা বিয়ের সম্বন্ধ পেয়ে উতলা হয়ে উঠল। বিয়েও হয়ে গেল। স্বামী বেশ নিরীহ ভদ্রকলে সাইফুল চৌধুরী। বয়সে দশ বছরের বড়। তবে, বেশ শান্ত স্বভাবের। মায়াবী। তবে এ যে লায়লাকে বোনের বাসায় রেখে পড়তে চলে গেল বিদেশে তা লায়লার একদম ভালো লাগল না।

বিয়ে বাড়ি। গ্রামের বিয়ে বাড়ি। লাল নীল হলুদ কাগজে জিজির বানিয়ে কলাগাছ দিয়ে গেট সাজানো হলো। টুনি লাইট আর হ্যাজাক দিয়ে প্যান্ডেল সাজানো হয়েছে। মাইকে খুব গান বাজছে। সন্ধ্যায় বরযাত্রী এল। বিয়ের সাজে দীপাকে সাজিয়ে সাজানো বিছানায় বসানো হয়েছে। আকদ হয়ে গেল। দীপা ওর শাড়ি চুড়িতে নিমগ্ন। কবুল বলল কী বলল না তাতে কেউ কর্ণপাত করল না। দীপা মায়ের হাতে মাথানো গোলাও কোর্মা খাচ্ছে বেশ। দীপাকে দেখাচ্ছে রাজেন্দ্রানীর মতো।

একটা তক্ষক ডাকছে। বাঁশঝাড়ের পাশে লক্ষ্মীপ্যাঁচা পাখা ঝাপটা দিয়ে ডাকল। বাসার চারপাশে কয়েকটা কুকুর এটোকাঁটা নিয়ে ঝগড়াঝাঁটি করছে। হাজাকগুলো নিভিয়ে দিয়েছে। এখন শুধু সীমাহীন নীরবতা। বরকে নিয়ে এসে বাসরঘরে কিছুক্ষণ আগে ঢুকিয়ে দিয়ে গেল কয়েকজন বন্ধু-বান্ধব আর ভাবিরা। রাত প্রায় শেষের দিকে। সারা দিনের খাটাখাটনির পর গভীর ঘুমে তলিয়ে গিয়েছিল লায়লা। হঠাৎই ওর বড় ননাশ সাইদা আপার ধাক্কায় ঘুম ভাঙল।

‘কী হয়েছে আপা?’

‘তাড়াতাড়ি যাও দীপার রুমে। দেখো কেন টিংকার কামাকাটি করছে।’



দীপার রুমে পৌঁছে নক করবে নাকি ঢুকে পড়বে বুঝে উঠতে পারছে না লায়লা। তখনই দরজা খুলে বের হলো নতুন জামাই। কোনোমতে লুঙ্গি পরে দৌড়ে বের হয়ে গেল। ঘরে ঢুকতেই প্রথমে হারিকেনের আলো উসকে দিয়ে দেখে দীপার পরনে শুধু ব্লাউজ পেটিকেটা। লায়লারও কিল ঘুমি মারতে লাগল দীপা। তারপর লায়লা ওকে বুকে জড়িয়ে ধরলে কামা শুরু করল। সেই দিন থেকে দীপা আন্তে আন্তে পাগল হয়ে গেল। দীপার সবকিছু অস্বাভাবিক। মুখখানা খটখটে, চুল উষ্ণশুষ্ক; আর গভীর কালো চোখ দুটো ওই মুখের সঙ্গে একদম বেমানান। সেই পাগলামি দিনে দিনে বন্ধ উদ্দামে পরিণত হলে বেঁধে রাখা ছাড়া আর উপায় থাকে না। লায়লার মায় পড়ে যায় মেয়েটার প্রতি। প্রতি বেলায় মুখে তুলে শুধু খাওয়ায়ই না সে, মাথায় কবিরাজের তেল ঢেলে কবিরাজের কাছ থেকে আনা পেষ্ট মাথায় লেপ্টে দেয়। মাঝে মাঝে লায়লাকেও ধাক্কা দিয়ে বের করে দরজা চাপিয়ে দেয় দীপা। মাঝে মাঝে দুপুরে পেছনের উঠানে জলটোকি পেতে বালতি বালতি জল ঢেলে নাইয়ে

দেয় লায়লা মামি। একাজ আর কেউ পারে না। পালঙ্কের বিছানায় শুইয়ে মাথায় হাত বোলাতে বোলাতে ঘুম পাড়ায়।

তখনো ফাল্গুনের গোখুলি রং পাক ধরেনি। পশ্চিম আকাশে কেবল সূর্যটা মরবে মরবে ভাব। জনপদের মানুষের সঙ্গে কথা বলছে যেচে যেচে— ‘কি হে বরুণ, মাছ আজ বেচলে কেমন? বরুণ উত্তর দেয়— ‘গত বাজারের চাইতে খারাপ শুড়ে। মাছের বাজার নেই।’ কেউবা হাঁক ছাড়ে— ‘ও প্রাণ , কি লাগাইল এইবার গম না কলাই?’ নরেন উত্তর দেয়— ‘এবার গম বুনিছি মিয়া ভাই। তুমার ছাওয়ালের যে কই জিলা জমিতি আসতি, এল না তো?’ ‘কাল পাঠায়ে দিবানি’ বলে সে চলে যায়। ধীরে ধীরে সূর্যের উতাপ কমে যায়। গোখুলি রঙে জনপদের মানুষের পখচলা যেন এক চলন্ত ছবি। হঠাৎ লায়লার মনে হয় আঁকা এই ছবি থেমে যায়। চলন্ত মানুষেরা সবাই অনড় পাথর হয়ে যায়। কোনো এক নির্দিষ্ট দিকে কান ঝাঁড়া করে তারা কী যেন শুনতে সচাঁ করে। স্তব্ধ হয়ে যায় সবাই।

ঠিক এক শক্তিমান চিত্রশিল্পীর আঁকা কোনো ছবি। যে ছবি একটাই অথচ তার রং বিভিন্ন সময়ে ভিন্ন। যে ছবি হরেক রকমের রং পাল্টায়, যে ছবির যাত্রা আলোর থেকে অন্ধকারের দিকে। ঠিক কত সময় জুড়ে জনপদের মানুষ অনড় হয়ে থাকে তা তারা বুঝতে পারে না। তারা বুঝতে পারে তারা এক প্রহর সময় জুড়ে শক্তিমান কোনো চিত্রকরের ছবি হয়ে ছিল। তারা ধীরে ধীরে এও বুঝতে পারে যে তারা ওই সময়ে কান ঝাঁড়া করে একটা সুর শোনার চেষ্টা করছিল গানের সুর। নারী-পুরুষে মিশালি এক কণ্ঠ। আসলে সুর না চিৎকার। চোচামেচি কোলাহল। বাঁচার আকুতি। নদীর চরে দু-একটা কাদাখোঁচা পাখি পোকা খুটে খায়। আর জলের গভীর কাদায় পৌঁতা বাঁশের গিঁরায় আঁটকে স্রোতের তোড়ে দোলে ফুলে ঢোল হয়ে ভেসে থাকা মানুষের লাশ।শকুনির ছায়া উড়ে এদিক-ওদিক।

তবে ঝুলে গিয়ে পাকসার জমিন সাদ বাদ...আর গাই না আমরা। একসময় ঝুলে যাওয়াও একেবারে বন্ধ হয়ে গেল। গ্রাম ছেড়ে পালিয়ে লায়লা মামিসহ তার বাবার বাড়িতে চলে আসি সবাই। মামুত বিলেতে। দেশজুড়ে আকাশ কালো করা শকুনের ঝাঁক উড়ে বেড়ায়। যুদ্ধ বেঁধে গেছে। মামির বোন মিনা খালা দিনে-রাতে লুকিয়ে লুকিয়ে রেডিও শোনে। বিবিসির খবর শোনে খুব মন দিয়ে। নানা জান মানে মামির বাবা মাঝে মাঝে সব খবর মীনাখালার কাছ থেকে জেনে নেন। নানার উদ্বেগের শেষ নেই, তবুও খেতে-খামারে লালশাক, আলু আর সরিষার চাষ করেন। ফলন না হলে খাবেন কী? যুদ্ধের কথা তো কেবল শুনি, কত কী-ই ধরেনি। পশ্চিম আকাশে কেবল সূর্যটা মরবে মরবে ভাব। জনপদের মানুষের সঙ্গে কথা বলছে যেচে যেচে— ‘কি হে বরুণ, মাছ আজ বেচলে কেমন? বরুণ উত্তর দেয়— ‘গত বাজারের চাইতে খারাপ শুড়ে। মাছের বাজার নেই।’ কেউবা হাঁক ছাড়ে— ‘ও প্রাণ , কি লাগাইল এইবার গম না কলাই?’ নরেন উত্তর দেয়— ‘এবার গম বুনিছি মিয়া ভাই। তুমার ছাওয়ালের যে কই জিলা জমিতি আসতি, এল না তো?’ ‘কাল পাঠায়ে দিবানি’ বলে সে চলে যায়। ধীরে ধীরে সূর্যের উতাপ কমে যায়। গোখুলি রঙে জনপদের মানুষের পখচলা যেন এক চলন্ত ছবি। হঠাৎ লায়লার মনে হয় আঁকা এই ছবি থেমে যায়। চলন্ত মানুষেরা সবাই অনড় পাথর হয়ে যায়। কোনো এক নির্দিষ্ট দিকে কান ঝাঁড়া করে তারা কী যেন শুনতে সচাঁ করে। স্তব্ধ হয়ে যায় সবাই।

মামা নেই, তখন? আমাদের বাবা ও নেই। আর দীপা সে তো একজন পাগল।

এমন একটা পরিস্থিতির মধ্যে এক সন্তাহও গেল না। সকাল দশটার দিকে দূর থেকে সত্য কবিরাজের ভিটায় আঙুন জ্বলতে দেখা গেল। বুড়ো কবিরাজ আর তাঁর বউ ছাড়া বাড়িতে কেউ নেই। অন্য বুঝতে পারে তারা এক প্রহর সময় জুড়ে শক্তিমান কোনো চিত্রকরের ছবি হয়ে ছিল। তারা ধীরে ধীরে এও বুঝতে পারে যে তারা ওই সময়ে কান ঝাঁড়া করে একটা সুর শোনার চেষ্টা করছিল গানের সুর। নারী-পুরুষে মিশালি এক কণ্ঠ। আসলে সুর না চিৎকার। চোচামেচি কোলাহল। বাঁচার আকুতি। নদীর চরে দু-একটা কাদাখোঁচা পাখি পোকা খুটে খায়। আর জলের গভীর কাদায় পৌঁতা বাঁশের গিঁরায় আঁটকে স্রোতের তোড়ে দোলে ফুলে ঢোল হয়ে ভেসে থাকা মানুষের লাশ।শকুনির ছায়া উড়ে এদিক-ওদিক।

তবে ঝুলে গিয়ে পাকসার জমিন সাদ বাদ...আর গাই না আমরা। একসময় ঝুলে যাওয়াও একেবারে বন্ধ হয়ে গেল। গ্রাম ছেড়ে পালিয়ে লায়লা মামিসহ তার বাবার বাড়িতে চলে আসি সবাই। মামুত বিলেতে। দেশজুড়ে আকাশ কালো করা শকুনের ঝাঁক উড়ে বেড়ায়। যুদ্ধ বেঁধে গেছে। মামির বোন মিনা খালা দিনে-রাতে লুকিয়ে লুকিয়ে রেডিও শোনে। বিবিসির খবর শোনে খুব মন দিয়ে। নানা জান মানে মামির বাবা মাঝে মাঝে সব খবর মীনাখালার কাছ থেকে জেনে নেন। নানার উদ্বেগের শেষ নেই, তবুও খেতে-খামারে লালশাক, আলু আর সরিষার চাষ করেন। ফলন না হলে খাবেন কী? যুদ্ধের কথা তো কেবল শুনি, কত কী-ই ধরেনি। পশ্চিম আকাশে কেবল সূর্যটা মরবে মরবে ভাব। জনপদের মানুষের সঙ্গে কথা বলছে যেচে যেচে— ‘কি হে বরুণ, মাছ আজ বেচলে কেমন? বরুণ উত্তর দেয়— ‘গত বাজারের চাইতে খারাপ শুড়ে। মাছের বাজার নেই।’ কেউবা হাঁক ছাড়ে— ‘ও প্রাণ , কি লাগাইল এইবার গম না কলাই?’ নরেন উত্তর দেয়— ‘এবার গম বুনিছি মিয়া ভাই। তুমার ছাওয়ালের যে কই জিলা জমিতি আসতি, এল না তো?’ ‘কাল পাঠায়ে দিবানি’ বলে সে চলে যায়। ধীরে ধীরে সূর্যের উতাপ কমে যায়। গোখুলি রঙে জনপদের মানুষের পখচলা যেন এক চলন্ত ছবি। হঠাৎ লায়লার মনে হয় আঁকা এই ছবি থেমে যায়। চলন্ত মানুষেরা সবাই অনড় পাথর হয়ে যায়। কোনো এক নির্দিষ্ট দিকে কান ঝাঁড়া করে তারা কী যেন শুনতে সচাঁ করে। স্তব্ধ হয়ে যায় সবাই।

দেয় লায়লা মামি। একাজ আর কেউ পারে না। পালঙ্কের বিছানায় শুইয়ে মাথায় হাত বোলাতে বোলাতে ঘুম পাড়ায়। তখনো ফাল্গুনের গোখুলি রং পাক ধরেনি। পশ্চিম আকাশে কেবল সূর্যটা মরবে মরবে ভাব। জনপদের মানুষের সঙ্গে কথা বলছে যেচে যেচে— ‘কি হে বরুণ, মাছ আজ বেচলে কেমন? বরুণ উত্তর দেয়— ‘গত বাজারের চাইতে খারাপ শুড়ে। মাছের বাজার নেই।’ কেউবা হাঁক ছাড়ে— ‘ও প্রাণ , কি লাগাইল এইবার গম না কলাই?’ নরেন উত্তর দেয়— ‘এবার গম বুনিছি মিয়া ভাই। তুমার ছাওয়ালের যে কই জিলা জমিতি আসতি, এল না তো?’ ‘কাল পাঠায়ে দিবানি’ বলে সে চলে যায়। ধীরে ধীরে সূর্যের উতাপ কমে যায়। গোখুলি রঙে জনপদের মানুষের পখচলা যেন এক চলন্ত ছবি। হঠাৎ লায়লার মনে হয় আঁকা এই ছবি থেমে যায়। চলন্ত মানুষেরা সবাই অনড় পাথর হয়ে যায়। কোনো এক নির্দিষ্ট দিকে কান ঝাঁড়া করে তারা কী যেন শুনতে সচাঁ করে। স্তব্ধ হয়ে যায় সবাই।

দেয় লায়লা মামি। একাজ আর কেউ পারে না। পালঙ্কের বিছানায় শুইয়ে মাথায় হাত বোলাতে বোলাতে ঘুম পাড়ায়। তখনো ফাল্গুনের গোখুলি রং পাক ধরেনি। পশ্চিম আকাশে কেবল সূর্যটা মরবে মরবে ভাব। জনপদের মানুষের সঙ্গে কথা বলছে যেচে যেচে— ‘কি হে বরুণ, মাছ আজ বেচলে কেমন? বরুণ উত্তর দেয়— ‘গত বাজারের চাইতে খারাপ শুড়ে। মাছের বাজার নেই।’ কেউবা হাঁক ছাড়ে— ‘ও প্রাণ , কি লাগাইল এইবার গম না কলাই?’ নরেন উত্তর দেয়— ‘এবার গম বুনিছি মিয়া ভাই। তুমার ছাওয়ালের যে কই জিলা জমিতি আসতি, এল না তো?’ ‘কাল পাঠায়ে দিবানি’ বলে সে চলে যায়। ধীরে ধীরে সূর্যের উতাপ কমে যায়। গোখুলি রঙে জনপদের মানুষের পখচলা যেন এক চলন্ত ছবি। হঠাৎ লায়লার মনে হয় আঁকা এই ছবি থেমে যায়। চলন্ত মানুষেরা সবাই অনড় পাথর হয়ে যায়। কোনো এক নির্দিষ্ট দিকে কান ঝাঁড়া করে তারা কী যেন শুনতে সচাঁ করে। স্তব্ধ হয়ে যায় সবাই।

দেখা যায় রক্তাক্ত দা হাতে উত্তরের ঘর থেকে বের হয়ে বাড়ের বেগে উড়ে যাচ্ছে দীপা। দীপা আমার ছোট বোন।



আজীম মিঞা থেকে চৌধুরীর সাহেব

দিনা ফেরদৌস

আজীম মিঞার চৌধুরী বংশ পদবি শুরু হয় তার থেকেই প্রথম। দেশে থাকতে ম্যানেজারি করতেন কাপড়ের দোকানে। তখন সকলে তাকে আজীম মিঞা বলেই জানতেন। আমেরিকায় পাড়ি জমানোর আগের ঘটনা। ছোট ভাই নাজিমের আমেরিকান ভলারে যখন টিনের ঘর ভেঙে মাথা উচু করে বেরিয়ে এল দালান বাড়ি, তখন থেকেই আজীম মিঞা সাহেব হয়ে গেলেন। আমেরিকা যাওয়ার সময় পাসপোর্টে নিজের নাম লিখালেন আজীম চৌধুরী, সঙ্গে সঙ্গে বড় বাচ্চাদের নামের পেছনেও চৌধুরী যোগ করলেন। আমেরিকার বাঙালি সমাজে তিনি চৌধুরী সাহেব নামেই পরিচিত। বয়স হয়েছে করেন না কিছুই। দুই মেয়ে, এক ছেলে সবাই চাকরি করে। তিনি বেকার ভাতা খান আর ক্যান্সে টুকটাক কাজ করেন এখন।

সামনের ডিসেম্বরে চৌধুরী সাহেব ছেলেকে বিয়ে করাতে দেশে নিয়ে যাবেন। দেশে আত্মীয়স্বজনকে বলেছেন মেয়ে দেখতে। বড় মেয়েকে দেশে নিয়ে বিয়ে করিয়ে খুব বাজে অভিজ্ঞতা হয়েছে।

মেয়ের শশুর বেইমানি করে তার মেয়ের কারিনের জমি রেজিস্ট্রি করে দেয়নি, উপরিউক্ত শর্ত দিয়েছে ছেলে আমেরিকা নিয়ে যাওয়ার পর জায়গা রেজিস্ট্রি হবে। আজীম চৌধুরী জানেন আমেরিকা এসেই চতুর মেয়ে জামাই প্রথমেই বাচ্চা নেবে নিয়ে তার মেয়েটিকে কাবু করতে। শেষে আর জীবনেও জমি দেবে না। নাগরিকত্ব পেয়ে গেলে দেশে গিয়ে আবার সুন্দরী মেয়ে বিয়ে করে নিয়ে আসবে। তাই মেয়ের বিচ্ছেদ নিয়েছেন। পরহেজগার ও খানদানি পয়সাওয়ালা পরিবার থেকে ধোঁকা খেয়ে বহু শিক্ষা হয়েছে। এবার গরীব ঘরের মেয়ে আনবেন ছেলের জন্যে। গরীবেরা আর যাই হোক বেইমান হয় না। মেয়ের পড়ালেখা বেশি না হলেও চলবে, শুধু নয় ভদ্র, সংসারী হতে হবে। আজীম চৌধুরীর কোনো দাবি দাওয়া নেই। গয়নাগাটি যা যা লাগে সব দিয়েই সাজিয়ে আনবেন মেয়েকে। শর্ত হচ্ছে বিয়ে হতে হবে ফাতেমি মোহরে।

আজীম সাহেবের ছেলে যে বাপের কথায় দেশে গিয়ে বিয়েতে রাজি হয়ে যাবে তিনি ভাবতেও পারেননি। তিনি জানেন ছেলে যেখানে কাজ করে, সেখানে স্প্যানিশ একটি মেয়ের সঙ্গে তার

আজিম সাহেবের ছেলের
বিয়ে হয়ে গেল। ওয়ালিয়া
করলেন মহা ধুমধামে,
দাওয়াতে সবাইকে
জানিয়ে দিয়েছিলেন,
উপহার নয় দোয়াই কাম্য।
খেয়েদেয়ে সবাই দোয়া
করে গেলেন চৌধুরী
সাহেবের ছেলে ও ছেলে
বউকে।

সম্পর্ক আছে। বাসায় কয়েকবার নিয়েও এসেছে মেয়েটিকে। আজীম সাহেবের স্ত্রী হাফিজা খাতুন চৌধুরী ছেলেকে বুঝিয়ে দিয়েছেন, বউ হিসেবে অবাঙালি মেয়ে জীবনেও তিনি মেনে নেবেন না, চৌধুরী বংশের একটা মান ইজ্জত আছে। হাফিজা খাতুন এখানকার বাঙালিদের কাছে সবসময় সবকিছু বাড়িয়ে গল্প দেন। তার

ছেলে মেয়ে বিদেশের মাটিতেও কত আদবকায়দা নিয়ে চলে, পড়াশোনায় কত ভালো, তার শশুরের জমিদারি কেমন ছিল, দেশে কত আরামে ছিলেন, এখানে এসে উল্টো কষ্টে পড়ে গেছেন। এতো সুন্দর করে গুছিয়ে বড়োলোকি গল্প দেন নিজের গল্পে নিজেই যুক্ত হয়ে যান।

আজীম চৌধুরী স্ত্রীকে বহুবার বলেছেন ছেলে মেয়েকে নিয়ে বেশি বড় বড় গল্প না দিতে। শেষে উল্টো পাল্টা কিছু করে বসলে মানুষ কথা বলতে ছাড়বে না। এমনিতেই তিনি বোরেন, পেছনে তাদের নিয়ে বহু কথা হয়। যতাই বিশাল বিশাল খানদানি গল্পই দেন না কেন, খানদানি আচরণ রণ্ড করতে না পারায় ধরা খেতে হয় সবখানে। সারাজীবন অভাবের সঙ্গে যুক্ত করতে করতে তা আচরণের সঙ্গে মিশে গেছে।

দেশে গিয়েই প্রতিদিন মেয়ে দেখতে যাওয়া আর আত্মীয়স্বজনের সঙ্গে দেখা করার জন্য একটি গাড়ি ভাড়া করেছিলেন কিন্তু সমস্যা হচ্ছে, গাড়িটিকে রাস্তায় ছেড়ে দিতে হয় বাড়ির গলি ছোট হওয়ায় গাড়ি বাড়িতে ঢুকে না। প্রতিবেশীকে বহু বোঝালেন রাস্তায় একটু জায়গা ছেড়ে দিলে রাস্তা বড় হলে সকলেরই সুবিধা, যদিও তিনি বোরেন এখানে তিনি ছাড়া আর কারও কোনো সুবিধা নেই। প্রথমে গিফট লিফট দিয়ে ইমোশনালীভাবে প্রতিবেশীর জায়গা হাতিয়ে নেবেন ভেবেছিলেন। না হওয়াতে আইনের ভয় দেখালেন যে, সরকার যখন রাস্তা বড় করতে চাইবে তখন কিন্তু দেওয়াই লাগবে। পরে এলাকার চেয়ারম্যানকে গিয়ে ধরলেন। আজীম মিঞা থেকে সাহেব হওয়ার পর পরই তার আচরণ পাল্টে গেছে। সবাইকে শুধু গরীব গরীব লাগে। মনে হয় এখন চাইলে তিনি সারা দুনিয়া কিনে নিতে পারেন। এলাকার মানুষ যখন তার পেছনে বলাবলি করে ছোটলোকের হাতে টাকা হলে কাকের বাচ্চাও খরিদ করতে চায়, তখন মনে হয় সবাই তাকে হিংসা করে। যখন আজীম মিঞা সাহেব হননি তখন সেই প্রতি দেশি পরিবার থেকে প্রায়ই তরকারি এনে খেতেন, ওই বাসার মেয়েদের জামা কাপড় ছোট হলে তিনার মেয়েদের দিলে খুশি হয়ে নিতেন। না নিয়ে উপায়ও ছিল না দারিদ্র্য বড়ই কঠিন আত্মসম্মান, ব্যক্তিত্ব বজায় রেখে চলা কঠিন হয়ে যায়, সব সময় নত হয়ে থাকতে হয় সব জায়গায়। আজ টাকার জোরে সেই পরিবারের সঙ্গে অন্যায়ভাবে তাদের জমি দখল করতে তার একটুও বাঁধে না। টাকা হলে যদি একটু জানান দেওয়া না যায়, একটু টাকার গরম দেখানো না যায়, তাহলে টাকা দিয়ে লাভ কি। তাই বাজারে মাছ বিক্রতার কাছ থেকে এক দামে তিনি বাজারের বড় মাছটি কিনে নিয়ে আসেন।

আজিম সাহেবের ছেলের বিয়ে হয়ে গেল। ওয়ালিয়া করলেন মহা ধুমধামে, দাওয়াতে সবাইকে জানিয়ে দিয়েছিলেন, উপহার নয় দোয়াই কাম্য। খেয়েদেয়ে সবাই দোয়া করে গেলেন চৌধুরী সাহেবের ছেলে ও ছেলে বউকে। এর মধ্যেও কিছু বদলোক আছে যারা হিংসায় চৌধুরী সাহেবকে সুযোগ পেলেই অতীত মনে করিয়ে দিতে চায়, তাতে অবশ্য চৌধুরী সাহেবের এখন আর কিছুই যায় আসে না।



স্মৃতি হাতড়ে কাটে সময়

ইশতিয়াক রূপু

প্রতিটি মানুষ স্বপ্নাতুর হয়ে জন্মায়। তবে সেই ভাব ও বোধকে অনুভব করতে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা করতে হয়। মানুষ নিজের চার পাশে ঘটে যাওয়া প্রতিটি বিষয়ে, নিজের সম্প্রসৃততা ভালোবাসে। কোনো একটি বিষয়ের প্রতি সৃষ্টি হয় তীব্র আকাঙ্ক্ষা। পেতে চায় নিজ অধিকার। যে কোনো অবস্থানে নিজেকে নিতে স্বপ্নাতুর হয়। কখনো অবিরাম স্বপ্ন দেখে। কিশোর বেলা থেকে কাছ থেকে নিয়মিত দেখা একজন প্রতিবেশীর গল্প আজ বলব। গল্পের নায়কের পরিচয়পর্ব যথাসম্ভব সীমিত রাখতে হবে যুক্তিযুক্ত কারণে। এভাবে হোক স্বপ্নাতুর গল্পের শুরু।

নিজ শহরের চেনা টোরাস্তার লাগোয়া বনেদি এবং ঐতিহ্যবাহী যৌথ পরিবারের সন্তান। পিতা শহরের একজন গণ্যমান্য ব্যক্তি। পাশাপাশি আইনবিদ বটে। পড়াশোনা নিজ শহরে। বন্ধুদের মধ্যে শিল্পী, অভিনেতা, খেলোয়াড়সহ অনেক ছিলেন। এমনকি এক সঙ্গীত সাধকের শ্রৌপত্র। আইন নিয়ে নাড়াচাড়া করা বন্ধু বৎসল এক সিনিয়র ছিলেন সেই বন্ধুদের দলে। আজও শহরের চেনা জানা সবার খোঁজ নেন গল্পের সে নায়ক। নিয়মিত ভালোবাসা বিনিময় করেন। অতীতের স্মৃতিময় শহরকে নিয়ে ষোলো দাড়ের পানসীতে চড়ে বেরিয়ে যান শহর ছুয়ে যাওয়া বিস্তীর্ণ দেখার হাওরে। কখনো বাস্তবে কখনো কল্পনায়। পারিবারিকভাবে সুখী মানুষটি জল জোছনার শহরে ছেড়ে আটলান্টিকের পাড়ে বসতি গেড়েছেন প্রায় দুই দশক পূর্বে।

এর চেয়ে বেশি বলা যাবে না। ছোট বেলা থেকে দেখেছি, চলা ফেরাতে ছিলেন সুবিনস্থ এবং ফিটফাট। তেমনি কথা বার্তায়। একটি গুন ছিল ভীষণ। ছোট বড় সবাইকে বড্ড সহজে আপন করে নিতেন। আমাদের অনেক বয়োজ্যেষ্ঠ হলেও ওনার কাছে যাওয়া, বসা, গল্প শোনা বা আড্ডাতে শরিক হওয়া ছিল একবারে স্বাভাবিক। দুটো বিষয় ছিল একান্ত আপন ঠাইলে। গুছিয়ে গুছিয়ে গল্প বলতেন মজা করে। একবারে ছোট খাটো বিষয়কে রসময় মসলা দিয়ে ভালো করে কষিয়ে দারণ মজার কিংবা উত্তেজনার গল্প বলতে শতভাগ পারদর্শী।

ধোপদূরন্ত হয়ে চলতেন কোনো অজুহাত ছাড়া। চোখে পড়ার মতো বিশেষ ছবি চোখে ভাসছে। পেশিবহুল শরীরে সাদা ধবধবে স্যান্ডো গোল্ডি। সঙ্গে হাফ হাতা সার্ট। তবে তা পরনে নয়। ভাঁজ করে কাঁধে ঝোলানো। বলতেন, পরব, তবে এখন না। বাজারে যেতে যেতে পরবে শহরের বড় কোনো ব্যবসায়ী নয়তো কনট্রাক্টারের নাম ধরে বলতেন। যাচ্ছি বাজারে অম্বকের সঙ্গে ব্যবসায়িক আলাপ আছে। দু চার ঘণ্টা পরও বাজার অভিমুখী হতে কখনো দেখিনি। তেমনি দেখিনি গায়ে ভাঁজ করা হাফ সার্টটি গায়ে চড়াতে।

বাসার বাইরে পাড়ার বেকারদের সঙ্গে গল্পে শামিল হলেন। তেমনি গল্প শেষে আবার বাসায় চলেও গেলেন। বাস্তবতার অজুহাত দেখানো বাজারে আর যাওয়া হলো না গুরুত্বপূর্ণ পরিচয়। দেশি বিদেশি সব ধরনের সিনেমার খোঁজ রাখতেন। যে সময়ের কথা বলছি, তখন সিনেমা ছিল প্রাক অনুমতি প্রাপ্ত বিনোদনের সহজ

মাধ্যম। আড্ডার সবচেয়ে চালু আইটেম। সিনেমা বিষয়ক টপিক, তা নায়ক নায়িকাকে নিয়ে হোক নয়তো কৌতুক অভিনেতার বিশেষ সংলাপ। দ্রুত সবখানে চালু হয়ে যেতো চালু সংলাপগুলো।

সবার ঠোঁটের আগায় ঝুলে থাকত, চালু সে সংলাপ। গল্পের নায়কের প্রিয় সাবজেক্ট ছিল সিনেমা। দেখে হোক আর অন্যের মুখে শোনে হোক। সিনেমার গল্প বলতেন সাবলীলভাবে। সবাই ভাবত কি কপাল রে বাবা, কোনো সিনেমা মিস হয় না। শহরের সব বড় বড় ব্যবসায়ীদের সঙ্গে চলাফেরা, ওঠা বসা। অনেক কষ্টে আমাদের যৌথ সন্ধানে আবিষ্কার। তা হলো সিনেমার গল্প বলতে এত সিদ্ধহস্ত ছিলেন।

সবশেষে দামি ব্রিফকেস নিয়ে চলাফেরার থিওরি। কালো রঙের টাউস ব্রিফকেস নিয়ে চলতেন। ভান করতেন ব্যবসা-বাণিজ্য নিয়ে ব্যস্ত আছেন সারাক্ষণ। ভারী ব্রিফকেস নিয়ে ঢাকা-সিলেট-সুনামগঞ্জ চষে বেড়াচ্ছেন। একদিন জোর করে ব্রিফকেস খুলে দেখি। ভেতরে একটি নোট বুক আর বলপেন। তিব্বত টুথপেষ্টের সঙ্গে নীল রঙের টুথব্রাশ ও এক জোড়া পরিষ্কার মোজা।

এমন সাবলীলভাবে ডায়ালগ আর সিকোয়েন্স বলে যেতেন। সবাই ভাবত গত রাত বুঝি লাস্ট শো মেরে এলেন। আসলে কিছুই না। কেউ হয়তো সিনেমার মধ্যে শিল্পী মুখে একবার পুরো গল্পটি শুনেছেন। ব্যস, হয়ে গেল। আর দেখতে হবে না। হতবড় করে পুরো সিনেমার গল্প সুন্দর করে ছবছ বলে গেলেন।

সবশেষে দামি ব্রিফকেস নিয়ে চলাফেরার থিওরি। কালো রঙের টাউস ব্রিফকেস নিয়ে চলতেন। ভান করতেন ব্যবসা-বাণিজ্য নিয়ে ব্যস্ত আছেন সারাক্ষণ। ভারী ব্রিফকেস নিয়ে ঢাকা-সিলেট-সুনামগঞ্জ চষে বেড়াচ্ছেন। একদিন জোর করে ব্রিফকেস খুলে দেখি। ভেতরে একটি নোট বুক আর বলপেন। তিব্বত টুথপেষ্টের সঙ্গে নীল রঙের টুথব্রাশ ও এক জোড়া পরিষ্কার মোজা। পরবার আগে দুহাতে টেনে ধরে নাক দিয়ে শুঁকে নিতেন। পরিচয়ে বলি, ধর্মীয় বিশ্বাসের ফারাক থাকা সত্ত্বেও উনাকে মাতৃকুলের একজন বলেই ডাকতাম। বিদেশের গল্প শুনতে বড়ই আগ্রহী ছিলেন বলেই কি আজ বিদেশে বিভূয়ে গল্পের ফেরিওয়ালা হয়ে আছেন। জল জোছনার শহরের ছোঁলে আসা দিনের গল্প বলার দিনের খোঁজ নেন পরিচিতি জনকে টেলিফোন করে কিংবা সাক্ষাতো। রোমন্থন করেন আপন স্মৃতি স্মরণে ও ভাবনায়।

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইমপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে ‘কন্ডিশন’ রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু ‘রাস্তা’ খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।

কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

আইয়ুব বাচ্চু, রুপালি গিটার ফেলে হারিয়ে যাওয়া অভিমানী জাদুকর

এব্রু বিরাজ

সুউচ্চ কণ্ঠিন এক প্রাচীন্! প্রাচীরের শেষ প্রান্তে এলাকার কলেজের যে বড় গোট, তা উপচে পড়ছে পরে মানুষ! ভেতরে, কলেজের কম্পাউন্ডে হাজার হাজার ভক্ত-শ্রোতা উত্তাল স্রোতে যেন গর্জে উঠছে বারবার। এদিকে আমি পাহাড়সম দেয়ালে চড়তে উদ্গ্রীব! আমার হাত ছিলে যাচ্ছে, পায়ের হাঁটু দিয়ে বরছে রক্ত, কিন্তু বৃকের হলুদ চিশাচিটা যেন কোনোভাবে নষ্ট না হয়... নিজের হাতে যেখানে রং করেছিলাম যেখানে, ‘এল. আর. বি’!

অনেক কষ্টে প্রায় পাঁচ ফুট দেয়ালটিতে যখন চড়লাম, দেখি তার ওপর আবার কাঁটাতারের বেড়া! সেই বেঁড়ার দুপাশে পা দিয়ে মাথা তুলে দাঁড়াতেই, এত দিন পর আমার মানসপটের বিমূর্ত ছবিগুলো যেন সত্যি হয়ে চোখের সামনে ধরা দিল! সপ্তম শ্রেণিতে পড়া সেই কিশোর আমি সেদিন ‘জীবন থেকে পালাবার’ মোহ নিয়েই বুঝি ঘরের দুয়ার পেড়িয়েছিলাম। জীবনে প্রথম স্বপ্নের নায়ক যাকে মেনেছিলাম, যার গান শুনে নিজের অজান্তেই যাকে গুরু মনেছিলাম, তাকে এক নজর দেখব বলে! পাঁচ ফিট দেয়ালের ওপর দাঁড়ানো আমার কিশোর শরীর তখন কাঁপছে, কারণ আমার চোখের সামনে তখন আর কেউ নয়, ছিলেন আমার জীবনের মহানায়ক, আইয়ুব বাচ্চু...

তাঁর কণ্ঠে ছিল শহীদ মাহমুদ জঙ্গির লেখা, সেই হৃদয় আকুল করা গান, ‘একদিন ঘুম ভাঙা শহরে, মায়াবী সন্ধ্যায়, চাঁদ জাগা এক রাতে। একটি কিশোর ছেলে একাকী স্বপ্ন দেখে, হাসি আর গানে, সুখের ছবি আঁকে। . . আহা কী যে সুখ...!’

আইয়ুব বাচ্চুকে ভালো লাগা, তাঁর গানকে প্রিয় বলে মেনে নেওয়া, আমাদের জীবনে যেন সেই পাহাড়সম দেয়াল পেরোনোর মতোই কঠিন ছিল! নব্বই দশকের শুরুতে তখনো ব্যান্ড সংগীতকে ধরা হচ্ছে অপসংস্কৃতি হিসেবে। বাড়ির চার দেয়ালে ব্যান্ডের গান শোনা রীতিমতো এক অব্যবস্থা! অনাদিকে ঢাকার মধ্যবিত্ত শ্রোতাদের মাঝে আইয়ুব বাচ্চু তখনো যেন পুরোপুরি স্বস্তির নাম নয়! স্কপিয়ানস, আইরন মেডেন কিংবা, মেটালিকার মতো পাশ্চাত্যের বড় বড় ব্যান্ডগুলোর গান শোনা ঢাকার এলিট রক মিউজিক ভক্তদের মাঝে আইয়ুব বাচ্চু আর এল আর বি লড়াই করছে স্থান খুঁজে নেওয়ার! অন্যদিকে কিছুটা ফোক ধাঁচে গড়া, সফট-মেলো ঘরানার ব্যান্ড মিউজিক তখনো জাঁকিয়ে বসে আছে বাংলাদেশের বাজারে! নব্বইয়ের স্বৈরাচার বিরোধী গণ আন্দোলনের ঠিক পরবর্তী সেই সময়ে, ঢাকার ব্যান্ড সংস্কৃতি যেন তখনো প্রেমের গানের কণ্ঠিন আবহে আটকে আছে আর ঠিক তখনই বাচ্চু আবির্ভূত হলেন এক বাব্রু সাদা, বিশ্বয়কর জমকালো বাংলা রক গানের সম্ভার নিয়ে! সাদা মলাটে প্রথমবারের মতো দুটি ক্যাসেটে তাঁর অসাধারণ নতুনত্বে সাজানো গানের গল্প গভীর বন্দনা আর সচেতনতার এক অদ্ভুত মিশেল। আমাদের প্রতিদিনের সকালে খবরের কাগজ বিলি করা হফারের গল্প, মধ্যবিত্ত পরিবারের সৎ-নিষ্ঠাবান বাবা’র সারা জীবনের কষ্টে অর্জিত পেনসেপনের ঢাকা না পাওয়ার কষ্ট, গভীর রাতের নিয়ন আলোয় কষ্ট ফেরি করে বেড়ানো মাধবীদের



আইয়ুব বাচ্চু

গল্প, এক বুক অভিমান বৃকে নিয়ে ঘর ছাড়া এক সুখী ছেলের হৃদয়ের আকৃতি...।

আইয়ুব বাচ্চুকে বোধ করি তার একান্ত শ্রোতার। ছাড়া আর কেউই সঠিকভাবে বুঝতে পারেনি! তার দীর্ঘসময়ের সঙ্গী, ব্যান্ড মিউসিয়ানরাও তার সঙ্গে বাজানোর শতভাগ সক্ষমতা অর্জন করতে পেরেছিল কি? বাচ্চু নিজেই অনেক ক্ষেত্রে বলে গেছেন, বেস গিটারিস্ট স্বপন ছাড়া তার দীর্ঘ যাত্রায় শামিল হওয়ার সক্ষমতা খুব কমসংখ্যক সংগীতজ্ঞদের ছিল, তাই বুঝি তিনি চিলি চির একাকী, নিঃসঙ্গ এক মানুষ সমকালীন ব্যান্ড সংগীতজ্ঞদের মধ্যে তিনি ছিলেন স্বর্ধার পাত্র, ক্ষেত্র বিশেষে অবজ্ঞার পাত্র! সমকালীন অথবা বাংলা ব্যান্ড মিউজিকের ইতিহাসে সবচেয়ে শক্তিশালী সংগীতজ্ঞ হওয়ার পরও নিজের ঘরানার অন্য কিছু সংগীতজ্ঞদের দ্বারা তিনি নিগ্রহের শিকার হয়েছিলেন প্রকাশ্যে, অনলাইনে, সামাজিক মাধ্যমে! যা ছিল তার ভক্তদের জন্য ভীষণ কষ্টের ব্যাপার! বাচ্চুকে যারা দিন রাত প্রকাশ্যে পূজা করত, তাদের মধ্যে নগণ্য সংখ্যক মিউজিশিয়ান তার প্রতিবাদ করেছিলেন! একজন ভক্ত হিসেবে তাই স্বরণ করি, বাচ্চুর জীবনের শেষ দিনগুলো গভীর যন্ত্রণার কথা...

কিন্তু, আইয়ুব বাচ্চু তো কেবল এমন সাধারণ নন, আরও অনেক ভীষণ যন্ত্রণা বৃকে নিয়ে বয়ে চলা, এক বুক কালো ব্যথায় গড়া অন্ধকার মানুষ! আমরা কেউ জানিনি তিনি কি খুঁজছেন, কেউ

বুঝতেও চাইনি তার স্বপ্ন!

তঁর অতি বিখ্যাত প্রেমের গানগুলো এত ভীষণ বিষাদ আর আকুলতার গল্প শোনায়, তা যেন বাংলাদেশের প্রতিটি মানুষেরই হৃদয়ের কথা বলে! ‘তুমি কেন বোঝো না, তোমাকে ছাড়া আমি অসহায়’ কথাগুলো যেন বাংলা ব্যান্ড মিউজিকের জাতীয় সংগীতে পরিণত হয়! একের পর এক বাচ্চু গেয়ে চলেন, ‘আমি অনেক পথ ঘুরে, ক্ষয়ে ক্ষয়ে অন্ধকারে, তোমার পথের দেখা পেয়েছি, ‘ কিংবা ‘কখনো ভাবিনি আমি ব্যথা দিয়ে তুমি চলে যাবে’-এর মতো আরও অনেক গান।

আর জীবন থেকে পালাবার যে অভিমান, সেই অভিমান ঘৃচানোর জন্য যথেষ্ট ভালোবাসা কি বাচ্চু পেয়েছিলেন? ‘নিশ্চরু এই নাগরিক বুকে জন্মায়, জীবনের কাছ থেকে সবটুকু পরাজয় মেনে নিয়ে, এখন আমি কার কাছে যাব’, ‘সব চাওয়া পৃথিবীতে পাওয়া হয় না’, ‘একাকী একজন এই আমি, স্বপ্নের যত ক্লাস্তি আমার, আপন করে বৃকে জন্মায়’, ‘রাত জাগা পাখি হয়ে’, গানগুলোর কথাতেই শুধু নয়, বরং প্রতিটি গানে তার বাজনো গিটার যেন বারবার কেঁদে কেঁদে ওঠে। লতিফুল ইসলাম শিবলীর কালজয়ী কোথায় গেয়েছিলেন, ‘আমার সূরের বৃকে কান্না লুকিয়ে থাকে, আমার চোখের কোণে নোনা ছবি আঁকে, আমার গল্প শুনে হয় আলোকিত উৎসব, গল্প শেষে আমি আঁধারির মতো নীরব। প্রিন্স মাহমুদের কথা ও সূরে ‘যদি তুমি ভালোবাসো আমায়, শুধু এ কারণে পালাতে চাই।’

সারাটি জীবন আইয়ুব বাচ্চু যাচনা করে গেছেন, তার কথা, তার দুর মানুষ বুঝতে পারবেন! বাংলাদেশের রক সংগীতের কণ্ঠিন সময়ে তার ব্যান্ড এল. আর. বি’র প্রকাশ করা একের পর এক নিরীক্ষাধর্মী অ্যালবাম, বিশাল কলেবরে দুটি ডাবল অ্যালবাম ছিল বাচ্চু’র শ্রোতাদের কাছে নতুন উপায়ে পৌঁছানোর প্ররল আকৃতি!

সামাজিক অবক্ষয়, অন্ধকারে নিমজ্জিত যুব সমাজ, হতাশাগ্রস্ত নারী, এমন অনেক হৃদয় ছোঁয়া গান উঠে আসে তার গানের বিষয়বস্তুতে। তা না হলে, কার দায় ছিল রাস্তায় পরে থাকা জারজ সন্তান, মায়ের কোলে-বাড়ি না ফেরার কষ্টে যাপিত সন্তানের আকৃতি, জানালার কাছে রাত জাগা সেই উর্মিলা চৌধুরী’র গল্প কিংবা বাপ মরা-ঘরকুনো অসহায় একটি ছেলের সন্ত্রাসের কাছে বলি হওয়ার কাহিনি-এমন সব জীবনধর্মী বিষয়ে রক গান গান করার!

আইয়ুব বাচ্চুর গানগুলো বাংলাদেশের সমাজ ব্যবস্থার কণ্ঠিন চিত্রই যেন বারবার চোখের সামনে তুলে আনে ভয়ংকর অর্থনৈতিক বৈষম্য, অসাম্য সমাজ ব্যবস্থা, পুঁজিপতি-দালালদের আঞ্চালন, দুঃখিনী মায়ের অসহায় কান্না, ঘরছাড়া কিশোরের স্বপ্ন আর বাস্তবতার দোলাচল, সন্ত্রাস আর রাহাজানিতে নিমজ্জিত ‘নষ্ট হয়ে যাওয়া’ যুব সমাজ, পরিচয়হীন মানুষের লিখে যাওয়া ‘সুইসাইড নোট’ কিংবা প্রিয়াকে বলা হৃদয়ের কথা, ‘পৃথিবীর অলিগলি, দেয়ালে আছে লেখা, আমার অনেক কথা, জেনে নিয়ো তুমি গোপনে...’ এসবই যেন, বাঙালির সেই চিরন্তন হৃদয় আর বাস্তবতার কথা!

একবিংশ শতাব্দীর প্রথম ভাগে যখন বাংলাদেশের ব্যান্ড সংগীত চর্চা নিয়ে ভীষণ ঝড় বয়ে যাচ্ছে, সমাজপতির। যখন ‘জাত গেল, জাত গেল’ বলে ‘ছিঃ ছিঃ’ করেই যাচ্ছে, বাচ্চু তখন সদর্পে গেয়ে চলেছে জীবনের গান! গিটারের মাতাল করা মুহূঁনা আর দক্ষতায় ছাপিয়ে গিয়েছিলেন বিশ্বের অনেক জনপ্রিয় সংগীত শিল্পীকে! কেবল আফসোস! যথাযোগ্য মর্যাদার অভাবে বাচ্চুর পাগল করা গিটার শৈলী বিশ্বের দরবারে হয়তো সঠিকভাবে পৌঁছাতে পারেনি! কিন্তু এই মানুষটা তো ছিলেন ভিন্ন, ভীষণ মাত্রায় অভিমানী, প্রবল সহানুভূতিশীল এক মানুষ, এবং একজন স্বপ্নদ্রষ্টা। তাই তো প্রায় প্রতিটি কন্সার্টেই শুনেছি তার উদাত্ত আশাবাদ, “ একদিন বাংলাদেশের ব্যান্ড সংগীত বিশ্বের দরবারে পৌঁছাবে”!

আমাদের সুখের সময়ে যে মনে করিয়ে দিয়েছেন, ‘যতই আড়ালে রাখো আসলে কেউ সুখী নয়’, কিংবা আমাদের দুঃখে যখন আমরা তাকে সাথি হিসেবে পাই, তাঁর কণ্ঠের সেই সূরে, ‘আমার সূরের বৃকে কান্না লুকিয়ে থাকে আমার চোখের কোণে নোনা ছবি আঁকে’! সপ্তম শ্রেণিতে পড়া অবস্থায় এল. আর. বি র তৃতীয় অ্যালবাম ‘তবুও’ যখন হাতে পেলাম, এটি আমার জন্য আর দশটা গানের অ্যালবামের মতো ছিল না! বরং আমার কিশোর বয়সের মনোজগতে অ্যালবামটি ভীষণ একটি ধাক্কা হেসে আবির্ভূত হয়! “তবুও” অ্যালবামের “ জারজ সন্তান” গানটিতে বাপ্পি খান

এর কথায় আইয়ুব বাচ্চু গেয়েছিলেন, ‘সচেতনতার এই সমাজে/ভালোবাসার মূল্য দিতে, নষ্ট বীর্ষ যার জঠরে/জন্ম দিয়েছে কারও!’ এই অ্যালবামের গান গুলো সমসাময়িক চর্চা কে ভীষণভাবে ছাপিয়ে বাংলাদেশের হার্ড রক মিউজিকে এক নতুন দিগন্ত উন্মোচন করে!

আইয়ুব বাচ্চুর কথা বলতে গেলে কষ্ট, না পাওয়া, বঞ্চনা আর প্রতারণিত হওয়ার গল্প যেন কোনোভাবেই পথ ছাড়ে না! সেই যে, নিজের মতো গান বাঁধবেন, গানকেই জীবনের পাথেয় করে নেবেন, এমন এক গভীর স্বপ্ন বৃকে নিয়ে ঢাকায় এসেছিলেন, তখন হয়তো আমার জীবনে গান শোনার শুরু হয়নি, কিন্তু বাচ্চুর গানের আকুলতা আমার হৃদয়কে স্পর্শ করা ছিল শুধুই সময়ের ব্যাপার মাত্র!

আমার মতো এমন লক্ষ-কোটি কিশোরের হৃদয় জোগাতে বাচ্চু’র বেশি সময়ের প্রয়োজন হয়নি! তার গানে যে কারণে শ্রোতার। খুব সহজেই যোগাযোগ স্থাপন করতে পেরেছিল, তা ছিল গানের গভীরতা আর বিষয়! শুরু থেকেই বাচ্চুর গান বয়ে বেড়ায় গভীর কষ্টের রূপগাথা! হৃদয় ভাঙা, নীল বেদনা আর অন্ধকার মানুষের গল্প বলে বলে বাচ্চু যেন কেবলই কেঁদে কেঁদেই গেছেন!

কেবল ব্যান্ড নয়, নিজের জন্য গড়া গানের অ্যালবামের নামে দিয়েছিলেন ‘কষ্ট’, আর সেই অ্যালবামের পরতে পরতে আমরা শুনি তার কষ্ট গাঁথা, “বৃকের এক পাশে রেখেছি, জলহীন মরুভূমি, ইচ্ছে হলে যখন-তখন, অশ্রুফোঁটা দাও তুমি’ কিংবা গভীর কষ্টের মাঝেও এক বিন্দু আশা...’এখনো পথের অনেক রয়েছে বাকি”!

গত ১৮ অক্টোবর ছিল বাংলাদেশের কিংবদন্তি রক শিল্পী আইয়ুব বাচ্চু’র তৃতীয় প্রায়ণ দিবস! আজ এই বিশেষ ক্ষণে সেই মানুষটিকে জানাই হৃদয়ের গভীর শ্রদ্ধা আর ধন্যবাদ! এই কৃতজ্ঞতা কেবল এত এত ভালো গান উপহার দেওয়ার জন্য নয়, বরং বাংলাদেশের কয়েকটি প্রজন্মের অব্যক্ত কথা তুলে আনার জন্য, তাদের স্বপ্নগুলোকে স্বীকৃতি দেওয়ার জন্য, তাদের অনুভূতিগুলোকে গভীর আদরে গানের মধ্য দিয়ে সংরক্ষণ করার জন্য।

যে মানুষটি সময়ের গহিনে ভীষণ আবেগে হারিয়ে গিয়েছিলেন তার গিটার আর সূরের ভুবনে! যার গান হৃদয়ে নিয়ে লাখ-কোটি বছর পার করে দেওয়া যায়, যার গান কণ্ঠে নিয়ে বাংলার ঘরে ঘরে কিশোর-তরুণের। শিল্পী হয়ে ওঠার স্বপ্ন দেখে!আমরা বোকা মানুষগুলো তার কষ্ট না বুঝে কেবল তার তথাকথিত কিছু জনপ্রিয় গান নিয়েই মেতে ছিলাম! এদিকে গভীর ব্যথা বৃকে নিয়ে, প্রচণ্ড অভিমানে একদিন সেই সূরের জাদুকর রুপালি গিটার ফেলে চলে গেল দূরে, বহুদূরে...!

সেই মানুষটি যেন আমাদের স্মৃতি থেকে হারিয়ে না যায়। প্রতিবার তার গানটি শুনতে কিংবা গাইতে গেলে, সুখে-দুঃখে, ধনে-দারিদ্র্যে, ভালোবাসা-অভিমানে, বোবা অশ্রুতে হলেও যেন আমরা তাঁকে হৃদয়ে স্থান দেই। রাস্তা যেন তাঁর স্মৃতি সংরক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করে।

লেখক : এব্রু বিরাজ, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফটোসংবাদিক, ওয়াশিংটন ডিসি

ঝরা পাতার দিন

ফরিদা ইয়াসমিন

গাছের নিচে পাতারা ঝরেই যাচ্ছে অবিরত। ঝরবে বিরতিহীন যতক্ষণ না সব পাতা ঝরে গাছগুলো নিরাভরণ রূপ নেবে। পাতা ঝরে ঝরে গাছগুলো যত কুণ্‌সিত দেখায়, গাছের নিচটা ততই যেন বর্ণিল হয়ে উঠে। প্রকৃতির এ এক আশ্চর্য রূপ! আদর করে আমরা তাই বলি ‘ফল সিজন’!

এ সময়টা মার্খার অনেক প্রিয়। এ সময় মার্খা নেশার মতো গাছগুলোর দিকে তাকিয়ে থাকে! প্রকৃতির গভীর ঘন সবুজ ধীরে ধীরে পাল্টে যেতে থাকে। সবুজ থেকে হালকা সবুজ, হালকা হলুদ, কমলা, খয়েরি, লাল..... এর পর আবার ধীরে ধীরে মরা খসখসে রঙের রূপে ফিরে আসে।

সূর্য যখন লাল সিঁদুর হয়ে পূব আকাশে আলো ছড়াতে শুরু করে, ঠিক তখনই মার্খার চোখ থেকে ঘুম বিদায় নেয়। গুটি গুটি পায়ে এগিয়ে যায় ঘরের কোণে রাখা ওয়াকার-এর দিকে। হালকা হাতে ওয়াকারটি ধরে ঘর হতে বের হয়। বের হতেই প্রতিবেশী তরুণী মেয়েটি ‘গুড মর্নিং’ বলে এক ঝলক হাসি দিয়ে সামনে এগিয়ে যায়। প্রতি উত্তর দিয়ে মার্খাও হাতে ধরে রাখা ওয়াকারটিতে গতি সঞ্চারণে চেষ্টা করে।

ওর গন্তব্য অনতিদূরের ডানকিন ডোনাট। আজ কত বছর হলো এখানে আসে মার্খা। প্রথম যখন এ তল্লাটে আসে ওর জীবনটা তখন রঙিন প্রকৃতির মতোই সজীব ছিল। ওর স্বামী তরুণ বৈমানিক জোনাথন। ছুটির দিনে দু’জনে দুটো বড় সাইজের কফি হাতে নিয়ে হাঁটতে বের হতো। অবশ্য মার্খার প্রিয় ছিল কফি, সঙ্গে গ্লেজিড ডোনাট। জোনাথন একটু স্বাস্থ্য সচেতন হওয়াতে সাতসকালে মিষ্টি ডোনাট খেতে চাইতো না। ওর জন্য মার্খা অর্ডার করতো গ্লেইন বৈগল। কফি হাতে



গাছের সবুজ পাতারা রং পাল্টে ধীরে ধীরে লাল, হলুদ, খয়েরি হতে লাগল। এক সময় খসখসে মলিন রং হয়ে গাছের নিচে অবহেলায় পরে রইল! মার্খাও ওর জীবনের রং পাল্টে পাল্টে আজ পৌঁড়ছে পৌঁছে গেছে।

গল্পে গল্পে অনেকটা পথ হেঁটে এসে যখন ওদের উইকেন্ডের আসল প্রস্তুতি। ফ্রিজে

গুছিয়ে রাখা খাবারগুলো ব্যাগে ভরে জোনাথন গাড়ির ট্রান্কে রাখতে রাখতেই মার্খাও প্রয়োজনীয় সবকিছু গুছিয়ে নিয়ে গাড়িতে উঠে পরতো। ছুটির দিনগুলো খুব দ্রুত শেষ হয়ে যেত।

‘গুড মর্নিং মিস মার্খা’ ভাবনায় ছেদ পরে। মার্খা মাথা ঝাঁকিয়ে প্রতি উত্তর করে। ডানকিনের সুন্দরী মেয়েটি দ্রুত হাতে মার্খার জন্য তৈরি করতে থাকে ‘টোস্টেট ক্রোসান’ সাথে জেলী আর বাটার। মার্খা ওদের অনেক পুরনো কাস্টমার তাই ওরা জনে ব্রেকফাস্টে মার্খার পছন্দের খাবার কোনোটা। ধূমায়িত কফি আর ক্রোসান নিয়ে মার্খা একটা কোনায় গিয়ে বসে।

বাইরে তাকাতেই প্রকৃতির রঙিন সাজে আবারও ওর ভাবনারা ডালপালা মেলতে শুরু করে। সেবার দূরের কোনো একটা দেশে জোনাথন বিমান নিয়ে উড়াল দিল। ফিরতে একটু দেরি হবে। মার্খা পাঁচ

মাসের অন্তঃসত্ত্বা। দ্বিধাশ্রিত মন জোনাথনের! মার্খা আশ্বাস দেয় স্বামী কে।বলে কোনো সমস্যা হবে না। রঙিন পাতা ঝরার সকালে মার্খাকে একা ঘরে রেখে জোনাথন উড়াল পথে চলে যায় অন্য দেশে। ফোনে কথা হয়। আকাশের তুলো তুলো মেঘ, গাছের রঙিন পাতা আর ওর ভেতরে বেড়ে ওঠা ছোট্ট একটা জীবন! এই তিন নিয়েই ওর দিনগুলো কাটতে থাকে।

সেদিন ভোরে একটা ফোন আসে। মার্খা জানে জোনাথন ওকে নিয়ে অনেক চিন্তা করে। তাই যখনই সময় পায় ওকে ফোন করে। মার্খা ফোনটা তুলে হ্যালো বলতেই ওপাশ থেকে একটা গুরুগুন্টার কণ্ঠস্বর ভেসে আসে। সেই কণ্ঠটি ওকে জানায় জোনাথন ঘুমিয়ে আছে। এ ঘুম আর ভাঙবে না! ঘুমের ভেতরেই জোনাথন চলে গেছে তুলো তুলো মেঘ ছাড়িয়ে আরও অনেক দূরে। আকাশে!

গাছের সবুজ পাতারা রং পাল্টে ধীরে ধীরে লাল, হলুদ, খয়েরি হতে লাগল। এক সময় খসখসে মলিন রং হয়ে গাছের নিচে অবহেলায় পরে রইল! মার্খাও ওর জীবনের রং পাল্টে পাল্টে আজ পৌঁড়ছে পৌঁছে গেছে।

একদিন সকালে মার্খার দরজায় কলিং বেল সমানে বেজে চলল। মার্খার ছেলে এসেছে। মাকে সারগ্রাহি়জ দেবে বলে। কিন্তু দরজার ওপাশে কোনো সাড়াশব্দ নেই। অনেকক্ষণ হলো! বাধা হয়ে ছেলে পুলিশে কল দেয়।

পাড়া প্রতিবেশী সবাই অবাক হয়ে দেখল নিঃসঙ্গ মার্খার ঘরের সামনে পুলিশের অ্যাম্বুলেন্স।

প্রকৃতি তখনো নিজেকে পাল্টে নিচ্ছে। সবুজ থেকে হলুদ, লাল, কমলা, খয়েরি.....।

আবার খসখসে মলিন প্রাণহীন রং হয়ে পড়ে থাকবে আর এক ফাল্গুনের অপেক্ষায়।

ক বি তা

আকাঙ্ক্ষার মানচিত্র

বেনজির শিকদার

দুটো দোলনচাঁপা পুঁতেছি, সুবাস দেবে!

চালতার আচারে নুন একটু বেশি হওয়ায়- তুলে রেখেছি; আসছে জ্যেষ্ঠে কুঁড়ি ফুটে আম এলে ক’টা মিশিয়ে নেব।

গিলি মা আবদার করেছিল গোটা কয়েক বকফুলের। বৃকের আঁচল টেনে ভগবানের নাম করে বলেছিলাম; বর্ষাটা নেমে গেলে ও হবেক্ষণ!

ওই যে হরিপদ কাকা; যার মেয়েটা সেদিনের ফ্রকপরা ছোট্ট দীপালি; সে এখন একেশ্বরী, তামাটে দীর্ঘশ্বাসের পরিত্যক্ত ডাকঘর।

খুব ইচ্ছে, এক পিঠ সোনারোদ মেখে পুতুলটার বিয়ে দেব মিশিয়ে হরিহর; সাঁচি পানের লাল ঠোঁটে জমবে মায়ান্ডরানত চাঁদের হাটের কেছো।

কেউ একজন কথা দিয়ে রেখেছে— ভাসাতে পূর্ণবার জোয়ারে আকাঙ্ক্ষার মানচিত্র; আসছে পূজোয় আনবে; একখানি নীল বনলতা!

জন্মাদাগের মতো অলিন্দে অপেক্ষমাণ একটুকরো প্রেম ভিটে জমা মাটি, সিঁদুরের লাল, জমানো কাচের চুড়ির সুখ লোভাতুর মন কষছে—কোমল ঠোঁটের হিসেব।

দু’খানা ধূসর শালিক এখনো দাঁড়িয়ে চৌমাথাটার পরে বড় তাজ্জবের কথা— এখনো বাকি কাবিননামার হিসেব, যৌতুকি পণ ছুঁয়ে দিতে পারস্পরিক হাত— এখনো ভীষণ দরদাম আমাতে তোমাতে।

নষ্ট গৌরবের এ ভাঙহাট, ক্লান্ত মাঠ, ধু ধু মোঠো পথ আলগোছে ডাকে ভীষণ।

হে মরণ, এমন অসময়ে উঁইফোড়; ডেকো না তো আর!



৫ দিব্যাপী নিউ ইয়র্ক বাংলা বইমেলা

২৮ অক্টোবর থেকে ১ নভেম্বর, ২০২১

উদ্বোধক: আসাদ চৌধুরী, কবি

প্রধান অতিথি: কে এম খালিদ

প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বিশেষ অতিথি:

আবদুল গাফফার চৌধুরী, একুশের গানের রচয়িতা (ভার্চুয়াল)

শহীদুল ইসলাম, রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন

মুহম্মদ নূরুল হুদা, মহাপরিচালক, বাংলা একাডেমী

হারুন হাবীব, লেখক, সাংবাদিক

মিনার মনসুর, পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র

সম্মানিত অতিথি:

মনিরুল হক, নির্বাহী, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশনা সমিতি

আলমগীর শিকদার লোটন,

প্রাক্তন সভাপতি, বাংলাদেশ পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতি

জসিম উদ্দিন, প্রকাশক, কথাপ্রকাশ

হুমায়ূন কবীর ঢালী, লেখক, প্রকাশক, অম্বয় প্রকাশ

জাফর আহমদ রাশেদ, কবি, প্রকাশক, বাতিঘর

উদ্বোধন: ২৮ অক্টোবর, বৃহস্পতিবার, সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা

LaGuardia Airport Marriott

102-05 Ditmars Blvd, East Elmhurst, NY 11369

বইমেলা: ২৯ অক্টোবর থেকে ১ নভেম্বর, বিকেল ৩টা থেকে রাত ১০টা

Jewish Center of Jackson Heights

37-06 77th St, Jackson Heights, NY 11372

সাংস্কৃতিক আয়োজন:

বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস

শিল্পী নবনীতা চৌধুরী, উপস্থাপক পুনম প্রিয়াম

শিল্পী রথীন্দ্রনাথ রায়, শিল্পী শহীদ হাসান

শিল্পী কাদেরী কিবরিয়া এবং অন্যান্য শিল্পীবৃন্দ



আপনাদের সকলকে নিউ ইয়র্ক বাংলা বইমেলায় দাদর আমন্ত্রণ।

– ড. নূরন নবী, আহ্বায়ক, নিউ ইয়র্ক বাংলা বইমেলা ২০২১

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য যোগাযোগ:


মুক্তিযুদ্ধের কবিতা ও স্বরচিত কবিতা: মনজুর কাদের 646-575-9589, নতুন বই: আদনান সৈয়দ 646-379-8672

অন্যান্য: 609-529-5065, 516-754-7097, 610-203-9695, 917-655-9311, 347-656-5106, 646-270-0676

বইমেলায় যারা সরাসরি যোগ দিতে পারছেন না তাদের জন্য থাকছে

অনলাইনে ৫০টি প্রকাশনা সংস্থার বই ক্রয় করার সুযোগ: www.nyboimela.com

Principal Patrons:



Syed Zaki &
Rahat Hossain



Principal Hosne Ara
Ahmad Foundation
Dr. Ziauddin Ahmed & Dr. Fatema Ahmed

Media Partners:



আয়োজক: মুক্তধারা ফাউন্ডেশন

A Voice For The Voiceless

A Vision For The Future

মুজিব'র লক্ষ্য

- মুজিব আমাদের পারিবারিক মূল্যবোধকে প্রধান্য দেন।
ধর্মীয় অনুশাসন ও সামাজিক রীতিনীতির প্রতি শ্রদ্ধাশীল।
- অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মত আমাদের মসজিদ
ও মন্দিরের জন্য একই রকম সুযোগ সুবিধা সৃষ্টি করা
- সিটির আর্থিক অপচয়ের বিরুদ্ধে সোচ্চার কণ্ঠ মুজিব
ট্যাক্স হ্রাসের বিষয়ে কাজ করবেন
- বৈষম্যমূলক পার্কিং আইন নিয়ে কাজ করবেন- যাতে
হাইল্যান্ড এভিনিউ পাশ্ববর্তী এলাকা ফ্রেশমেডোর মত
No Parking মুক্ত হয়
- এলাকার বিশেষ করে ক্ষুদ্র ও কমিউনিটি ব্যবসার উপর
সিটির টিকিট খড়্গের বিরুদ্ধে লড়বেন
- মুজিব সিটি ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট, শিক্ষাবিদ ও বিবাহিত
দুই সন্তানের পিতা মুজিব একজন পরীক্ষিত সমাজ সেবক

VOTE
FOR

MUJIB

2021
ELECTION
VOTE

RAHMAN FOR

NEW YORK CITY COUNCIL DISTRICT - 24

Tel: 917.833.3478 | mujibrahmanny@gmail.com

আগাম ভোট শুরু হবে ২৩ অক্টোবর শনিবার থেকে

নির্বাচন ২ নভেম্বর ২০২১, মঙ্গলবার সকাল ৬ টা থেকে রাত ৯টা পর্যন্ত



GOLDEN AGE

HOME CARE

Licensed Home Health Care Agency



CDPAP
Service

**HHA/
PCA**
Service

Skilled
Nursing

Most Popular Home Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

**MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING**

JACKSON HEIGHTS HEAD OFFICE

71-24 35th Avenue Jackson Heights, NY 11372

Ph: **718-775-7852**, Fax: **917-396-4115**

BRONX OFFICE

831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE

509 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE

164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Shah Nawaz MBA
President & CEO
Ph: **646-591-8396**


Email: info@goldenagehomecare.com

www. **goldenagehomecare.com**



Marks Home Care

মার্কস হোম কেয়ার



- ✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- ✓ আকর্ষণীয় সাম্ভাব্য আয়ের নিশ্চয়তা

আমরা নতুন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome
Agency Transfers
and New Clients.



Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

Hicksville

217 Bethpage road
Hicksville
NY 11801

Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

বিস্তারিত জানতে কল করুন

718-697-7707

E-mail : info@markshhc.com | www.markshhc.com

ইসলাম

নিউইয়র্কের ব্রঙ্কসে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপিত

উত্তর আমেরিকা অফিস

ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে নিউইয়র্কের ব্রঙ্কসে উদ্‌যাপিত হয়েছে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। ব্রঙ্কস ইউনাইটেড ইন্টারন্যাশনাল মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপন কমিটির আয়োজনে গত রোববার (১৭ অক্টোবর) সন্ধ্যা ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত ব্রঙ্কসের সেন্ট হেলেনায় তৃতীয়বারের মতো ঈদে মিলাদুন্নবী (সা.) মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)-এর পুণ্যময় জীবন ও কর্ম নিয়ে আলোচনা, দোয়া, মিলাদ মাহফিল এবং তবারক বিতরণের মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপন করা হয়।

উদ্‌যাপন কমিটির আহ্বায়ক আবুল কাশেম মোহাম্মদ ইয়াহইয়ার সভাপতিত্বে এবং সদস্যসচিব হাফিজ মাওলানা ওয়াহিদ আহমেদ চৌধুরীর পরিচালনায় মাহফিলে তাৎপর্যপূর্ণ ওয়াজ পেশ করেন অনুষ্ঠানের

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

সুরেন্দ্র কুমার সিনহার বিরুদ্ধে মামলার রায় আবার পেছাল

উত্তর আমেরিকা অফিস

প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে ফার্মার্স ব্যাংকের (বর্তমানে পদ্মা ব্যাংক) চার কোটি টাকা আত্মসাতের অভিযোগে সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে করা মামলার রায় ঘোষণার তারিখ আবার পিছিয়েছে। রায় ঘোষণার নতুন তারিখ আগামী ৯ নভেম্বর।

ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক শেখ নাজমুল আলম গতকাল বৃহস্পতিবার (২১ অক্টোবর) রায় ঘোষণার নতুন এই তারিখ ঠিক করেন। দুদকের পাবলিক প্রসিকিউটর (পিপি) মীর আহমেদ আলী সালাম বলেন, এই মামলায় আজ (২১ অক্টোবর) রায় ঘোষণার তারিখ ধার্য ছিল। কিন্তু রায় হচ্ছে না। আদালত রায় ঘোষণার জন্য ৯ নভেম্বর নতুন তারিখ রেখেছেন।

গত ১৪ সেপ্টেম্বর এই মামলায় দুর্নীতি দমন কমিশন (দুদক) ও আসামিফের যুক্তিতর্ক শুনারি শেষ হয়। পরে রায় ঘোষণার জন্য ৫ অক্টোবর তারিখ ধার্য করা হয়। কিন্তু বিচারক শেখ নাজমুল আলম ছুটিতে থাকায় সেদিন মামলার রায়

সিটি কাউন্সিল নির্বাচনে প্রার্থী মুজিব রহমান

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচনে ডিস্ট্রিক্ট-২৪-এ কাউন্সিলম্যান হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন বাংলাদেশি কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ মুজিব রহমান। যাদের কথা বলার কেউ নেই, তাঁদের পক্ষে কথা বলে উজ্জ্বল ভবিষ্যতের স্বপ্ন নিয়ে নির্বাচনের মাঠে নেমেছেন মুজিব রহমান।

সিটির ভোটারদের কাছে ভোট প্রার্থনা করে মুজিব রহমান অসীকার ব্যক্ত করছেন, তাঁকে নির্বাচিত করলে সর্বক্ষেত্রে পারিবারিক মূল্যবোধকে প্রাধান্য দেবেন। ধর্মীয় অনুশাসন ও সামাজিক রীতিনীতির প্রতি শ্রদ্ধাশীল থাকবেন। অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মতো মসজিদ ও মন্দিরের

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫



সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। ফাইল ছবি

ঘোষণা করা হয়নি।

৫ অক্টোবর ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর ভারপ্রাপ্ত বিচারক মোহাম্মদ আলী হোসাইন রায় ঘোষণার

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

বারী হোম কেয়ার

আরও বিস্তারিত বিজ্ঞাপন দেখুন ১৯ পৃষ্ঠায়

হোমকেয়ার সেবার জন্য যোগাযোগ করুন

- মেডিকেলিড সার্ভিসের আওতায় অ্যাপারেলসের সেবা করে ঘরে বসে গার্হস্থ্য উপার্জন করুন
- কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই
- এটি সম্পূর্ণ আইনসম্মত

মি. জাফর/রেহানা কো-অর্ডিনেটর

কর্পোরেট অফিস

৩৭-০৫ ৭৪ স্ট্রিট, ২য় তলা
জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১

গ্রুপ অফিস

২১৪৮ ইয়ার্পিং এভিনিউ
গ্রুপ, নিউইয়র্ক ১০৪৬২
টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১

KARNAFULLY TAX SERVICES INC.

কর্ণফুলী ট্যাক্স

www.karnafullytax.com

ইনকাম ট্যাক্স কর্পোরেট ট্যাক্স সেলস ট্যাক্স

পেরোল বিজনেস সেটআপ ইমিগ্রেশন নোটারি পাবলিক

ENROLLED AGENT

PH: 718-205-6040

37-20 74th Street, 2Fl, Jackson Heights

Mohammed Haseem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

খালিল তিরিয়াতীতে আসুন

“তাইভেব তিরিয়াতী” এর স্বাদ বিব

KHALIL BIRYANI & HALAL CHINESE

2062 McGraw Ave, Bronx
NY 10462, Ph: 347-621-2884

KHALIL BIRYANI HOUSE

1445 Olmstead Ave, Bronx
NY 10462 Ph: 718-483-8904
www.khalilsfood.com

মতিন

An Icon of Growth & Development

Sweets & Masala

দেশের মানুষ



দীর্ঘদিন এই ভ্যানগাড়িতে করে মৃতদেহ বহন করেছেন মতি মিয়া।

২ হাজার মৃতদেহ বহন করেছেন তিনি

মামুদুর রশিদ, বাগমারা, রাজশাহী

রাজশাহীর বাগমারা উপজেলার মানুষের মুখে মুখে শোনা যায় মতি মিয়ার নাম। তাঁর এই পরিচিতির কারণ, তাঁর পেশাগত কাজ। সে কাজ মৃতদেহ বহনের। বাগমারা থানা থেকে যেসব মৃতদেহ ময়নাতদন্তের জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়, মতি মিয়া ভ্যানগাড়িতে সেসব মৃতদেহ বয়ে নিয়ে যেতেন। হাসপাতাল থেকে

পৌঁছে দিতেন মৃতের তিকানায়। কাজটি তিনি টানা ৩০ বছর ধরে করেছেন।

২ অক্টোবর গিয়েছিলাম মতি মিয়ার সঙ্গে দেখা করতে। বাগমারা থানার মোড়ের একখণ্ড জমিতে কুঁড়ের তাঁর। বাড়িতে যাওয়ার আগেই তাঁর চায়ের দোকান। ২০১৮ সালে মৃতদেহ বহনের কাজ ছাড়ার পর দোকানটি দিয়েছেন। স্নাতকপড়ুয়া ছেলে তাঁর কাজে সহায়তা করেন।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

Mohammed A Azad MBA

Real Estate Developer

Libertyrenovation04@gmail.com

917-346-8207

Accredited Agent

OPEN 7 DAYS

Best service is our Goal

Haji & Umrah

RAHMANIA TRAVEL SERVICES

TICKETS: DOMESTIC & INTERNATIONAL

কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন

হুজ ৩মরাহ

718-205-3270, 646-322-1654

বস্ত্র কিনতে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টিকা পাঠান

37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

MTR Electric

Murad Hussain

আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।

আমরা অভ্যন্তরীণ দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়্যারিং, লাইটিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্লোরিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।

MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

বাংলাবাসীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

সবচেয়ে কম দামের প্যারান্টি দিচ্ছি

7305 37th Road, Jackson Heights, NY 11372

Email: diglantontravel@gmail.com (কোনো কিং-এর পাঠে, ডাইরেক্টলি প্রাজ)

Phone: 917-396-4140, 917-592-7828

সুপার সেল \$৬৪৯+

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CORE CREDIT REPAIR

ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?

ক্রেডিট লাইনের কারণে বাড়ি-গাড়ি কিনতে পারছেন না? তাহলে এখনই টিক করে নিন আপনার ক্রেডিট লাইন

- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008

www.cmscreditsolutions.com

Mohammad A Kashem Credit Consultant

37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

Email: kashem2003@gmail.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনস্যুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনস্যুরেন্স গ্রহণ করে থাকি।

আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।



আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, গ্র্যাডুয়া (হাঁপানি), বাতের ব্যাথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ



রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435

Tel: 718-487-3671, Fax: 718-487-3715